Mr. Speaker -—Next business of the House, the Third Report of the Committee on Privileges is to be taken into consideration. Now, I shall call on Shri Umesh Lal Singh, Chairman of the Committee to move his Motion for consideration of the Report.

Shri U. L. Singh —Mr Speaker, Sir, I beg to move that the 3rd Report of the Committee on Privileges be taken into consideration forthwith,

Mr. Speaker —Now any Member can speak if he likes,

The Question before the House is that the 3rd Report of the Committee on Privileges be taken into consideration forthwith

As many as are of that opinion will please say Ayes

Voice—Ayes

As many as are of contrary opinion will please say Noes

—

Mr. Speaker —I think Ayes have it Ayes have it, Ayes have it

The Motion is considered

Now I shall call on Shri Umesh Lal Singh, Chairman to move his Motion that the House agrees with the recommendations contained in the 3rd Report of the Committee on Privileges

Shri U. L. Singh —Mr. Speaker, Sir I beg to move that this House agrees with the recommendations contained in the 3rd Report of the Committee on Privileges.

Mr. Speaker —Now the question before the House is that this House agrees with the recommendations contained in the 3rd Report of the Committee on Privileges

As many as are of that opinion will please say Ayes

Voice—Ayes

As many as are of contrary opinion will please say Noes

—

Mr Speaker —I think, Ayes have it Ayes have it Ayes have it

The motion is carried

GOVERNMENT BUSINESS (FINANCIAL)

Presentation of the Demands for Excess Grants for the year 1963-64.

Mr. Speaker —To-day in the List of Business is the presentation of the Demands for Excess Grants for 1963-64

Now I call on Hon ble Minister in charge of the Finance Department to present the Demands for Excess Grants for 1963-64

Shri S. L. Singh —Mr. Speaker, Sir, now I present before the House 6 Demands for Excess Grants for the year 1963-64

Mr. Speaker —Hon'ble Members, you are requested to submit your Cut Motions, if any, on Demands for Excess Grants for the year 1963-64 within

2 P. M. on Monday, the 18th December, 1967. Hon'ble Members are also requested to have their copies of the Demands for Excess Grants for 1963-64 from the Notice Office.

PRIVATE MEMBERS' BUSINFSS (RESOLUTION).

Mr. Speaker :— Next item in the List of Business is Private Members' Resolution, I would call on Shri Aghore Deb Barma to move his Resolution that This Assembly is of opinion that—

"সংবিধানের ৫ম তপশীল অনুসারে ত্রিপুরার উপজাতি—অধ্যুষিত, পরস্পর সংলগ্ন এলাকাগুলিকে তপশীলি এলাকা" বলিয়া ঘোষণা করা হউক এবং ৫ম তপশীলে বর্ণিত উপদেষটা পরিষদের হাতে প্রয়োজনীয় ক্ষমতা অর্পন করা হোক।"

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধান সভা হওয়ায় পর আমরা বিরোধী দলের পক্ষ থেকে একাধিকবার এই প্রস্তাবটা হাউসের সামনে এনেছি, কিন্তু প্রত্যেকবার রুলিং পার্টি এই প্রস্তাবটা গ্রহণ করেন নাই, তথাপি আজকে এই প্রস্তাবটা আবার এই হাউসের সামনে এনেছি। আজকে প্রশ্ন হল যে ভারতবর্ষ একটা বিরাট দেশ, বহু জাতি, উপজাতি, খণ্ড জাতির দেশ এবং সমস্ত এলাকার মধ্যে কোন জাতি বা সম্প্রদায় এক সমানে এগুতে পারছে না, তার জন্য ভারতীয় সংবিধানের মধ্যে, যে সমস্ত অনুন্নত ও পশ্চাদপদ খণ্ড জাতি আছে, তাদের রক্ষার ব্যবস্থা ৫ম, ষষ্ঠ, বা সপ্তম তপশীল এইভাবে বহু ধারা, উপধারার মধ্য দিয়ে সেই সমস্ত অনগ্রসর এবং পশ্চাদপদ জাতিকে রক্ষা করার জন্য, তাদের উন্নতি, অগ্রগতির জন্য সংবিধানের মধ্যে রাখা হয়েছে। আজকে শুধু মানুষের কথা নয়, ভারতবর্ষের মধ্যে আমরা এটাও দেখতে পাই যে সিংহ আজকে প্রায় নিশ্চিহ্ন হয়ে যাওয়ার পথে। অতএব সেই জীব যাতে ভারতবর্ষে শেষ হয়ে না যায় তার জন্য গুজরাটে একটা জায়গার মধ্যে কন্‌সানট্রেট করে সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। আজকে অগ্রসর জাতির সঙ্গে অনগ্রসর জাতি পেরে উঠে না। দৈনন্দিন অর্থ-নৈতিক প্রতিযোগিতার ক্ষেত্রে বরাবরই তারা কোন ঠাসা হবে, তার জন্যই সংবিধানে ৫ম, ৬ষ্ঠ বা ৭ম তপশীল, এইভাবে ধারা উপধারাগুলি রাখা হয়েছে। সেইদিক দিয়ে আজকে আমরা যে ত্রিপুরার জন্য বিশেষ একটা রক্ষা কবজের সুপারিশ করতে যাচ্ছি তা নয়, ভারতবর্ষের বিভিন্ন জায়গার মধ্যে আমরা দেখতে পাই ; কারণ আমি আগেই বলেছি যে ভারতবর্ষ একটা বিচিত্র দেশ, বহু জাতি উপজাতি খণ্ড জাতরি বাস। কাজেই অনুন্নত, পশ্চাদপদ যারা রয়েছে, তাদের রক্ষার জন্য যে বিশেষ ধরণের ব্যবস্থা সেই ব্যবস্থাগুলি কোন কোন ক্ষেত্রে ৫ম তপশীল, কোন কোন ক্ষেত্রে ৬ষ্ঠ তপশীল বা ৭ম তপশীলের ব্যবস্থা করা হয়েছে। আজকে আমরা ধেবর কমিশনের রিপোর্টের চ্যাপটার ফাইভে আমরা যদি দেখি, সেখানে উল্লেখ আছে কোন কোন এরিয়াগুলির মধ্যে ফিফ্‌থ সিডুল ঘোষণা করা হবে, সেই সমস্ত ক্রাইটেরীয়া সেখানে দেওয়া হয়েছে, মাননীয় অধ্যক্ষ মহোদয়-এর পার্মিশন নিয়ে আমি সেগুলি পড়ে দিতে চাই—

Mr Speaker :— Hon'ble Member, How much time do you require ?

শ্রীঅঘোর দেববর্ম্মা :— আমি তা বলতে পারছি না, যথা সম্ভব কম টাইমের মধ্যে বলতে চেষ্টা করব। ২০ থেকে ২৫ মিনিটের মধ্যে আমি শেষ করব।

Mr Speaker :— Al-right, 20 minutes.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—ট্রাইবেলের জমি ব্যাপকভাবে আনরেজিষ্টার্ড অবস্থায় নন-ট্রাইবেলের কাছে হস্তান্তর হয়ে যাচ্ছে। ভূমি সংস্কার আইনের ১৮৭ ধারাতে উল্লেখ আছে যে ডি, এম, ছাড়া কেউ জমি বিক্রির পারমিশন দিতে পারবে না। কিন্তু তার পারমিশন ছাড়াই হাজার হাজার দ্রোণ জমি হস্তান্তর হযে যাচ্ছে। এ বিষয়ে দৃষ্টি রাখা প্রয়োজন। এটাই হল দুই নম্বর পযেন্ট। আর ৩ নম্বর পয়েন্ট হল উপজাতিরা চিন্তায় চেতনায় বুদ্ধি বিবেচনায় অ-উপজাতিদের চেযে অনেক পেছনে পড়ে আছে। একটা প্রবাদ আছে যে কোন এক উপজাতি একবার মহাজনের কাছ থেকে একটা কলকে ধার এনেছিল। সেটা ঠিক সময়মত না দেওয়ায় তার জমিজমা সমস্ত মহাজন কেড়ে নিয়েছিল। এটা হল মহাজনদের দাদনের কুফলের একটা নমুনা। এইভাবে কত মহাজন যে উপজাতিকে শোষণ করছে তার ইযত্তা নেই। এ ব্যাপারে আইন থাকা সত্বেও আইনকে ফাঁকি দিয়ে তারা দাদনের কাজ বেশ ভালভাবেই চালিয়ে যাচ্ছে।

আমি আবার বলতে চাই যে যারা নাকি পাকিস্তান থেকে মাইগ্রেশন করে এই ত্রিপুরায় আসেন তাদের জীবিকার জন্য এখানে আর কোন উপায না থাকায় তারা হয় সরকারী চাকুরীতে, নতুবা ছোটখাট ব্যবসাতে লেগে পড়ে। এতাতে যাদের সুবিধা হয় না তারা স্বাভাবিকভাবেই জমির দিকে নজর দিতে বাধ্য হয়। ফলে উপজাতিদের জমি আইনে, বে-আইনে তাদের কাছে হস্তান্তরিত হয়। কারণ তাদের জন্য অলটারনেটিভ কোন ব্যবস্থা নাই। তকমাছড়ার একটা ঘটনা আমি দেখেছি। সেখানে এক ভদ্রলোক পাকিস্তান থেকে এক্চেঞ্জ করে মাত্র নয় কানি জমি পেয়ে এসেছেন। আজকে তিনি সমস্ত ট্রাইবেলকে উচ্ছেদ করে বহু জমির মালিক হয়েছেন। তার পেছনে আছেন তার এক ঘনিষ্ঠ আত্মীয় আমিন বাবু।

অন্ধ্র প্রদেশের এরিয়া আছে ১১,৩৪৮ বর্গমাইল। আর টোটেল পপুলেশন আছে ৮,২০,৩৪৬। তাতে সিডিউল ট্রাইবের পারসেন্টেজ কোন জায়গায় ৯৩। এইভাবে বিহারের মধ্যে যেসমস্ত এলাকা সিডিউলড এলাকা বলে ঘোষণা করা হয়েছে সেগুলিতে ৪১.৯ পার্সেন্ট। আর মধ্য প্রদেশে ৫১.৯ পার্সেন্ট, আর মহারাষ্ট্রে ৫৪.৫ পার্সেন্ট, আর গুজরাটে ৬৬.০ পার্সেন্ট, আর পাঞ্জাবে আছে টোটেল পপুলেশনের ২৩.২ পার্সেন্ট। অর্থাৎ যেখানে উপজাতির সংখ্যা ২৩.২% সেখানেও সিডিউলড এলাকা অর্থাৎ ফিফথ সিডিউলড ঘোষণা করা হয়েছে। তার অর্থ এই যে আজকে যে সমস্ত পশ্চাতপদ জাতিগুলি আছে তাদের অস্তিত্ব রক্ষা করতে হবে, তাদের নিজস্ব সমাজের বৈশিষ্টের উপর ভিত্তি করে তাদের উন্নতি করতে হবে। এই হচ্ছে সংবিধানের লক্ষ্য। কাজেই আজকে সংবিধানের মধ্যে

কি বলা আছে? আমরা এই ৫ম সিডিউল সম্পর্কে অনেকেই অনেকভাবে এটার ব্যাখ্যা করি, হয়ত কেউ কেউ এইরকম কথাও বলেন, যেমন ৫ম সিডিউল ঘোষণা করলেই যেন ট্রাইবেলদের স্বর্গরাজ্য হয়ে যাবে। আমি কিন্তু সেই দৃষ্টি ভংগী নিয়ে কথা বলছি না। তবে ৫ম সিডিউল যদি এখানে ঘোষণা করা হয় তাহলে এখানকার উপজাতিরা একটু নিশ্বাস ফেলবার জায়গা পাবে।

আর একটা কথা বলা হয়ে থাকে যে ৫ম সিডিউল এখানে চালু করলেই নন্-ট্রাইবেলরা, যারা নাকি পাকিস্তান থেকে মাইগ্রেশন করে এসেছেন, তাদের চলে যেতে হবে। এইভাবে ভুল বুঝানো হচ্ছে। কিন্তু ৫ম তপশীলের মধ্যে কি আছে? রেফারেন্স স্বরূপ আমি উল্লেখ করেছিলাম যে টোটেল পপুলেশনের ২৩.২ পার্সেণ্ট থাকলেই সেই জায়গায় ৫ম তপশীল চালু করা যায়। তার মানে এই নয় যে নন্-ট্রাইবেলদের এখান থেকে চলে যেতে হবে। তারা এখানেই থাকবেন। তাদের আবার নূতনভাবে রিফিউজী হওয়ার প্রশ্ন অবান্তর। মাননীয় অধ্যক্ষ মহোদয়, রেফারেন্স না টানলেও আমি বলতে পারি যে মাত্র তিনটা পয়েন্ট এখানে দরকার আছে। এক নম্বর হল যদি ফিফথ সিডিউল ঘোষণা করা হয় তাহলে উপজাতির এম, এল, এ বা এম, পি, যদি ২০ জন না হয় তাহলে বাইরে থেকে উপজাতির যারা এইরকম লোক থাকবে তাদের এনে একটা কাউন্সিল গঠন করতে হবে, অর্থাৎ একটা অ্যাডভাইসরি কাউন্সিল। তারা উপজাতির ব্যাপারে রাজ্যপালকে পরামর্শ দেবেন। আর ২ নম্বর হল, ঠিক এইভাবে আজকে সাব্রুম থেকে ধর্মনগর পর্যন্ত আমরা যদি দেখি তাহলে আমরা কি দেখি, একথা সকলেই স্বীকার করবেন যে উপজাতিরা চিন্তায় চেতনায়, বুদ্ধি বিবেচনায় তারা দুর্বল, তারা নিজের সম্পত্তি পর্যন্ত রক্ষা করতে জানে না যেহেতু তারা অনগ্রসর, পশ্চাদপদ, সেহ সুযোগে আজকে ব্যাপকভাবে তারা জমি থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে এটা হল একদিক। আরেকটা হচ্ছে—সকলেহ অবশ্য দোষারূপ করে থাকেন যে তারা জমি বিক্রী করে কেন, আমরাও অনেক সময় তাদের বুঝাই তোমরা জমি বিক্রী করোনো কিন্তু তবুও তারা বিক্রী করে কারণ তাদের ঘরে খোরাকী নাই। যদি তারা একথা বুঝত, জমি বিক্রী না করত, তাহলে তারা এ্যাডভান্সড জাতি বলেই ধরা হত, তাকে আর ব্যাকওয়ার্ড পিপল বলা হত না। কাজেই একটা অংশ যারা চিন্তাশীল অগ্রসর জাতিতারা ভারতের সংবিধানে অনগ্রসর জাতিগুলিকে রক্ষা করার জন্য ৫ম, ৬ষ্ঠ এবং ৭ম এইভাবে বহু ধারা উপধারা সন্নিবিষ্ট সেখানে করেছেন। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে পরিস্থিতি ত্রিপুরার সামনে এসেছে সেটা হচ্ছে ত্রিপুরার যারা উপজাতি তারা অত্যন্ত সরল। যখন ভারতবর্ষ স্বাধীনতা পায়, ভারতবর্ষের সংগে ত্রিপুরা যখন ইন্টিগ্রেটেড্ হয়, তখন এই সমস্ত চিন্তা তাদের 'আলাদা করে একটা এরিয়া দেওয়া হোক, এই সমস্ত কথা তাদের চিন্তায় ছিল না। কিন্তু বর্তমানে জমির উপর যেভাবে চাপ পড়ছে, কারণ আমি আগেই বলেছি যে লোক সংখ্যা বৃদ্ধির অনুপাতে আমরা পাল্টা জীবিকা ব্যবস্থা করতে পারি নাই, যদি বাঁচতে হয়, তবে জমির উপরই নির্ভর করতে হবে। অনেক সময়

অনেকভাবে আমরা বলার চেষ্টা করেছি, বহু রিপ্রেজেন্টেশান দেওয়া হয়েছে যে জোর জবরদস্তী করে তাদের জোতের জায়গা দখল করা হয়েছে, এইগুলি পর্যন্ত প্রটেকশানের ব্যবস্থা আজকে হচ্ছে না এইরকম বহু ঘটনার, বহু শত শত নজীর আমরা দিয়েছি, এটা নিয়ে আলাপ আলোচনা আমরা করেছি কিন্তু উপজাতিদের জায়গা জমি রক্ষা করা সম্ভব হচ্ছে না এই হল অবস্থা। কাজেই আজকে মূল প্রশ্ন হচ্ছে আজকে এই উপজাতিদের যদি রক্ষা করতে হয়, কারণ শিক্ষা, দীক্ষায়, বুদ্ধি বিবেচনায় ভাব দুর্বল, তারা অনগ্রসর হতে পারে কিন্তু তারাও মানুষ, তারাও আজকে বেঁচে থাক একথা আজকে সংখ্যাগুরু সম্প্রদায় যদি না বলেন, দেশের মধ্যে যারা চিন্তাশীল, যারা অগ্রগামী, তাহলে বাস্তবিকই এটা অত্যন্ত দুঃখের হবে বলে আমি মনে করি। কাজেই আমাদের এই দাবী মেনে নিতে হবে অর্থাৎ এই ফিফথ সিডুল যাতে অতি সত্বর ত্রিপুরার মধ্যে ঘোষণা করা হয় সেই সম্পর্কে হাউসের সামনে আমি দাবী রাখছি। এটা এমন কিছু দাবী নয়। ভারতবর্ষের প্রাক্তন কংগ্রেস প্রেসিডেন্ট মিঃ ইউ, এন ধেবর, এর নেতৃত্বে ১৯৬০ সালে যে একটা কমিশন গঠিত হয়েছিল, ১৯৬১ সালে কমিশনের রিকমাণ্ডেশান সাবমিট করা হয় সেখানে ক্যাটগরিক্যালি ত্রিপুরার উপজাতিদের রক্ষা করার জন্য ত্রিপুরায় কি কি করা দরকার সেই সুপারিশগুলি সেখানে রেখেছেন, পার্টিকুলার এরিয়াগুলি পরিষ্কারভাবে সেই রিপোর্টের মধ্যে মেনশান করে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয় অত ডিটেলসের মধ্যে আমি যাচ্ছি না, যদি প্রয়োজন হয়, ধর্মনগরের কাঞ্চনপুর এলাকা, কৈলাশহরের ছামনু, তেলিয়ামুড়া ব্লক, অমরপুর বিভাগ, তারপর সাব্রুম বিভাগ যে সমস্ত কনটিগিউয়াস অর্থাৎ উপজাতি অধ্যুষিত এলাকা সেখানে উপজাতি তপশীল এলাকা বলিয়া ঘোষণা করার রিকমাণ্ডেশান করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত ত্রিপুরা সরকার এই সম্পর্কে কোন কিছু করেন নাই, তার কোন চেষ্টাও করেন নাই। অনেক সময় আলোচনার সময় একথা বলা হয় যে ধেবর কমিশনের পালটা যে সুপারিশ ট্রাইবেল উন্নয়ন ব্লক অর্থাৎ টি, ডি, ব্লক সেটা আমরা ইম্পলীমেন্ট করেছি। এটা হচ্ছে সরকারের বক্তব্য। টি, ডি, ব্লকের উদ্দেশ্য হচ্ছে সমস্ত উপজাতীদের একত্র করে ইন্টেনসিভ ডেভেলোপমেন্ট করা, সেই উদ্দেশ্য সেটা করা হয়। এই টি, ডি, ব্লক আজকে ধেবর কমিশনের রিকমাণ্ডেশানের পরে এইগুলি ইমপ্লামেণ্ট করা হয়েছে একথা ঠিক নয়। ১৯৫৪ সালে যখন জুমিয়া পুনর্বাসনের জন্য একটা গ্র্যান্ট মঞ্জুর হয়, তখনই এই টি, ডি, ব্লক চালু করা হয় এবং ত্রিপুরার চারটি জায়গার মধ্যে এই ব্লক করা হয়। আজকে ১৯৬৭ সাল, এই দীর্ঘকাল পরেও আজকে ঐ ব্লকগুলি যদি বাস্তব অভিজ্ঞতা থেকে আমরা দেখি, তাহলে আমরা সেই ব্লকগুলির কি অবস্থা দেখতে পাই? ত্রিপুরা সরকার যদি মনে করে থাকেন যে আমরা এই টি, ডি, ব্লকের মাধ্যমে ত্রিপুরার উপজাতিদের একত্রিত করে, কনসেনট্রেট্ করে ইন্টেনসিভ ডেভলপমেণ্ট করার ব্যবস্থা করতে পেরেছি, তাহলে আমাদের কিছু বলার নাই, কিন্তু বর্তমান অবস্থা তা নয়। কিছুদিন আগেও জাগরণ পত্রিকা যেটা কংগ্রেসের মুখপত্র বললেই চলে, সেই পত্রিকার মধ্যেও এই সম্পর্কে লিখতে

বাধ্য হয়েছে। ইদানীং পাবলিক এ্যাকাউন্টস কমিটির অডিট করার উদ্দেশ্য নিয়ে বিভিন্ন উপজাতি কলোনীগুলি পরিদর্শনে গিয়েছিলেন, শুধু তাদের কথা নয়, অনেকগুলি কলোনীর কথা আমরা জানি, ১৯৫৯ সাল থেকে আজকে ১৯৬৭ সাল, এই দীর্ঘ দিনের মধ্যে উপজাতিদের কোন রকম সমস্যার সমাধান হওয়া দূরের কথা, কোন রকম উন্নতি অগ্রগতি হওয়া দূরের কথা, দিনের পর দিন তাদের অবস্থা আরও অবনতির পথে চলছে, প্রতি বৎসর যখন খাদ্য সংকট দেখা দেয় মোস্টলি উপজাতি এলাকাগুলির মধ্যে অনশনে মৃত্যু ঘটে, এইরকন বহু নজীর আমরা পেয়েছি এবং এই হাউসের সামনে আমরা সেকথা বলেছি। টি, ডি, ব্লকের মাধ্যমে ত্রিপুরা রাজ্যে উপজাতিদের সামগ্রিক অর্থনৈতিক উন্নতি হওয়া দূরের কথা, তাদের অর্থনৈতিক অবস্থা আরও ডেটরিযেট করছে এবং আরও অবস্থা খারাপ হতে চলেছে, আমি জোর করে বলতে পারি যে, যে সমস্ত এলাকার মধ্যে টি, ডি, ব্লক করা হয়েছে সেই সমস্ত এলাকার উপজাতি বেশীর ভাগ তাদের জমি থেকে উচ্ছেদ হয়েছে, এই হচ্ছে বাস্তব ঘটনা। এই এ্যাসেম্বলীতে মাননীয় মন্ত্রীও একথা স্বীকার করেছেন, ১৯৬৪ সালের এক প্রশ্নোত্তরে তিনি একথা বলেছেন যে যে সমস্ত এলাকার মধ্যে টি, ডি, ব্লক করে ইনটেনসিভ ডেভেলপমেন্টের প্ল্যান বা প্রকল্প নেওয়া হয়েছিল, সেই সমস্ত এলাকা থেকে এক বিরাট অংশ উপজাতি শেষ পর্য্যন্ত জমি থেকে উচ্ছেদ হয়ে—দুই থেকে আড়াই হাজার ফেমিলি পাকিস্তানের মাইনি ফরেস্টে চলে যেতে বাধ্য হয়েছে এবং আরেকটা অংশ আসাম চলে যেতে বাধ্য হয়েছে, কাজেই সেটা অস্বীকার করার কথা নয়। আজকে সামগ্রিকভাবে চিন্তা করলে আমরা কি দেখতে পাই —সাঁদচাদ ব্লক. সেখানে মনু তহশীলে রমাতি ত্রিপুরা তার ১৯ নং জোত অশ্বিনী কুমার ভৌমিক জোর করে দখল করে। আমরা সে কথা চীফ কমিশনার, ডিষ্ট্রীক্ট মেজিষ্ট্রেট এবং চীফ মিনিষ্টারের নজরে আনি। এই সম্পর্কে কিছুই করা হয় নাই একথা আমি বলছি না, সেখানে সার্কেল অফিসারকে পাঠান হয়, এবং তার জমি তাকে ফিরিয়ে দেওয়া হয়, কিন্তু পরবর্তী সময়ে যেহেতু সে দুর্বল, তার অর্থের জোর নাই, জনবল নাই, বে-আইনিভাবে তাকে সেখান থেকে উচ্ছেদ করা হয়। এইভাবে বহু জায়গা দখল করে নেওয়া হচ্ছে। যে সমস্ত জায়গার মধ্যে টি, ডি, ব্লক আছে, যে সমস্ত জায়গায় ইনটেনসিভ ডেভেলপমেন্ট করার কথা. সেই সমস্ত জায়গার মধ্যে আমরা দেখি বেশীর ভাগ উপজাতি উচ্ছেদ হয়ে যাচ্ছে।

আজ বহুদিন যাবত লোক আসছে। তাদের সঙ্গে প্রতিযোগিতায় আমাদের আদিবাসীরা কিছুতেই পেরে উঠতে পারছে না। তার ফলে তারা আজ নিজেদের অস্তিত্ব বিপন্ন বলে বোধ করছেন। এই জন্যই আমরা উপজাতিদের রক্ষা কবচ হিসাবে এখানে ৫ম তফশীল চাই। মহারাজার আমলেও এখানে একটা আইন হয়েছিল। তাতে উপজাতিদের স্বার্থ রক্ষার কথা ছিল। কিন্তু এখন তার উল্টোটাই হচ্ছে।

কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই রাজ্যের মধ্যে প্রশ্ন উঠতে পারে যে সংখ্যার দিক দিয়ে যে পার্সেন্টেজের কথা আমি উল্লেখ করেছিলাম রাষ্ট্রপতি ইচ্ছা করলে সেখানে ৫ম তপশিল ঘোষণা করতে পারেন। আমরা এই ব্যাপারে অবশ্য আইন করতে পারি না, কিন্তু আমরা ভারত সরকারের কাছে সুপারিশ করতে পারি। প্রশ্ন উঠতে পারে যে ত্রিপুরার জনসংখ্যা পূর্বের মত আছে কিনা? আমি উল্লেখ করেছি যে টোটেল পপুলেশনের ২৩·২ পার্সেন্ট থাকলেও এটা ঘোষণা করা চলে। ত্রিপুরার ধেবর কমিশনের সুপারিশ মত—

Mr. Speaker :— Hon'ble Member, time allotted to you is over

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আর মাত্র পাঁচ মিনিটের মধ্যেই শেষ করে দেব।

মোটামুটিভাবে যে সিডিউল্ড ট্রাইব রিজার্ভ করা হয়েছে, যেমন উত্তর দেবেন্দ্রনগর, সেখানে ৭১ পার্সেন্ট ট্রাইবেল আছে। আরও অনেক জায়গা এই রকম আছে, যেমন টাকারজলায় ৪৮ পার্সেন্ট, তারপর ছামনু, অমরপুর এইগুলি তো আছেই, কুলাইহাওরের মধ্যে ৭২ পার্সেন্ট আছে, তারপর কাঞ্চনপুরে ৭৩ পার্সেন্ট। এই রকম বহু নজীর দেওয়া যায়।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, চীফ মিনিষ্টার বাইকুডাই ঘোষণা করেছিলেন যে যদি ত্রিপুরায় ৫ম তপশীল ঘোষণা করতে হয় তাহলে অন্ততঃ ৯০ পার্সেন্ট ট্রাইবেল থাকতে হবে। ভারতের সংবিধানের কোথাও এমন কোন কথা উল্লেখ নাই। যেখানে ২৩ পার্সেন্ট আছে সেখানেও করা চলে, যেমন পাঞ্জাবে করা হয়েছে। কাজেই এটা যদি রুলিং পার্টি স্বীকার না করেন তাহলে বড়ই দুর্ভাগ্যের বিষয় হবে। উপজাতির জন্য বিভিন্ন সুযোগ সুবিধা আইনের মধ্যে আছে একথা সত্যি। কিন্তু ১২৭ ধারার মধ্যে যে রেষ্ট্রিক্শান দেওয়া হয়েছিল সেটা ঠিক রক্ষা করা হচ্ছে না। সেইজন্য ত্রিপুরায় ৫ম তপশীল চালু করা দরকার। আবার আসামে সিথ সিডিউল আছে। সেখানেও অনেক নন-ট্রাইবেল আছে। আমাদের খাসি হিলে শিলঙে বহু বাঙালী বাস করেন। কই, তাদের তো চলে যেতে হচ্ছে না। অন্যান্য সম্প্রদায়ও সেখানে আছেন। কাজেই এমন কোন কথা নাই যে ৫ম তপশীল চালু করলেই অ-উপজাতীয়দের চলে যেতে হবে। আমরা একথা স্বীকার করতে বাধ্য যে বাঙালী জাতি এখানে আদিবাসীদের শিক্ষাগুরু, দীক্ষাগুরু। কিন্তু তার বিনিময়ে তারা স্ববংশে ধ্বংস হতে পারে না। তাহলে এটা কলঙ্কের কথা হবে। সুতরাং এই পিছিয়ে পড়া উপজাতিকে যাতে তাড়াতাড়ি উন্নত করা যায় সেই জন্য তাদের এদের সাহায্যে এগিয়ে আসা উচিত বলে আমি মনে করি। কিন্তু যদি আজকে শুধু ক্ষুদ্র স্বার্থের দৃষ্টি ভঙ্গী নিয়ে তাদের নিছক পাহাড়িয়া ভেবে তাদের অস্তিত্ব রক্ষার প্রয়োজন মনে না করেন তাহলে রুলিং পার্টির অবস্থা খুব খারাপ হবে। আমি একথা বলতে বাধ্য যে লোকের মনে ফ্রাষ্ট্রেশন এসে গেছে। লোকের মনে বিভিন্নভাবে আতংক জমা হচ্ছে। বিভিন্ন দিক থেকে সে কোনঠাসা হয়ে যাচ্ছে। তাদের এখন মনে চিন্তা এসে গেছে যে এখানে

তারা থাকতে পারবে কিনা। সুতরাং সংখ্যাগুরু বাঙালী সম্প্রদায়েরই তাদের রক্ষায় এগিয়ে আসা উচিত। কিন্তু বাস্তব অধিকার যদি অস্বীকার করা হয় তা হলে ফ্রাষ্ট্রেশন লোকের মনে আসবেই। এটা যদি আসতে দেওয়া হয় তাহলে নিশ্চয়ই এটা কারোর পক্ষে সুখের হবে না। কিন্তু এইরকম পেনফুল হিষ্টরী ত্রিপুরায় নাই এবং তা যাতে না হয় তার জন্য আমি মাননীয় অধ্যক্ষ মহোদযের মাধ্যমে বলছি যে যারা এই রাজ্যে সংখ্যাগুরু সম্প্রদায় জ্ঞান গরিমায়, শিক্ষা-দীক্ষায় অনুন্নত, পশ্চাদপদ উপজাতিদের উন্নতির জন্য তাদের এই পঞ্চম তপশীল ঘোষণা করা দরকার। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার :— শ্রী বিদ্যাচন্দ্র দেববর্ম্মা :—মাননীয় সদস্য কতটুক সময় নেবেন ?

শ্রী বিদ্যা চন্দ্র দেববর্ম্মা :— বাকী সময়ের মধ্যে আমি শেষ করতে পারব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ত্রিপুরার আদিবাসীদের বাঁচার তাগিদে এখানে ৫ম তপশীল চালু করা দরকার মনে করেই এই প্রস্তাব আমরা এখানে এনেছি। এটা না হলে আমরা বাঁচতে পারছি না। ত্রিপুরায় বাইরে থেকে এইভাবে উপজাতিদের জোর জবরদস্তি করে জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। মন্ত্রী পরিষদের যদি কোন মন্ত্রী সেখানে গিয়ে উপস্থিত হন তাহলে দেখতে পাবেন, গত সপ্তাহে আমি লক্ষ্মীনারায়নপুর দেখে এসছি যে সেখানকার বাঙালীরা ট্রাইবেলদের জমি থেকে ধান কেটে নিয়ে যাওয়ার চেষ্টা করে, তখন ট্রাইবেলরা দল বেঁধে তাদের জমির ধান কাটে, কিছু ধান কাটা তখনও বাকী ছিল, সেটা পেয়েছে কি না জানি না। এই সম্পর্কে আমরা ডি.এম, চীফ মিনিষ্টার এবং চীফ কমিশনারের নিকট বহু দরখাস্ত করেছি, এমনকি এই নিয়ে কোর্টকেস পর্যন্ত হয়ে গেছে, কোর্টের রায়ে বলা হয়েছে সেটা ট্রাইবেলদের জমি, অ-উপজাতিদের হাতে সেটা যাওয়ার অধিকার নাই, সেখানকার এস. ডি. ও এবং এমনকি ডি. এম পর্যন্ত নোটিশ দিয়েছেন অ-উপজাতিদের সেখান থেকে উচ্ছেদ করার জন্য, কিন্তু সেই অর্ডার মান্য করা হয় নাই। এমনকি একজন মানুষ যে বস্তা বিক্রী করে খেত বাচাই বাড়ী কলোনীতে সেই লোক এক টিলাতে বসার পর দেখা গেল যে সেখানকার ট্রাইবেলদের যে জমি তাতে সে লাঙ্গল পর্য্যন্ত চালাতে দেয় না, নিজে সেইসব জমিতে কোদাল চালাতে আরম্ভ করে, তখনই আমাদের কোর্টের আশ্রয় নিতে হয়, আইনের আশ্রয় নিতে হয়, এই হচ্ছে অবস্থা। এইভাবে দিনের পর দিন তারা জমি থেকে উচ্ছেদ হতে চলেছে। কাজেই আমি বলছি যে মহারাজার আমলে যে ভূমি সংস্কার আইনের ১৫ ধারা বলে ট্রাইবেলদের জমি রক্ষা করার প্রভিশান আছে সেটাকে বাতিল করারই প্রচেষ্টা চলছে, সেটাকে কার্যকরী করা হচ্ছে বলে আমাদের মনে হয় না। আর ধেবর কমিশনে সুপারিশ অনুযায়ী ৫ম তপশীল ঘোষণা করা সম্পর্কে মাননীয় অঘোর বাবু বলেছেন সেটা হওয়া অত্যন্ত দরকার। এছাড়া ধেবর কমিশনের রিপোর্টে আরও কতকগুলি পয়েন্ট আছে সেটা ৬৪ পৃষ্ঠায় উল্লেখিত আছে যে সিডুল্ল এরিয়া ঘোষণা করার ব্যাপারে রাজ্যসমূহে এবং ইউনিয়ন টেরিটোরিগুলিতে কোন পার্থক্য টানা চলবে না, ৭০ পৃষ্ঠায় আমরা দেখতে পাই যে সেখানে উল্লেখ করা হয়েছে যে যদি কোন সরকার টি. ডি. ব্লক রূপায়নে অসমর্থ হয়,

যতই জটীলতা থাকুক না কেন নির্দ্ধারিত নীতি অনুসারে উপজাতীয় এলাকাগুলিকে সিড্যুল এরিয়া ঘোষণা না করে গত্যন্তর নাই। এখানে আমরা দেখতে পাই একটা গ্যাড়া কল আছে। টি. ডি. ঃক এখানে আছে ট্রাইবেলদের উন্নয়নের জন্য কিন্তু বাস্তব ক্ষেত্রে আমরা দেখতে পাই যে কতকগুলি অফিসারের টি. এ, ডি, এ পাওয়া ছাড়া আর কিছুই হচ্ছে না, রাজনীতির উদ্দেশ্যকে চরিতার্থ করার জন্যই এইগুলি করা হয়েছে। পি, এ, সি থেকে আমরা সে সমস্ত জায়গায় গিয়েছি সেখানে আমরা দেখেছি যে এম, টি, কলোনী লেখা আছে এবং এই এম, টি, কলোনীগুলি এম্পটি ছাড়া আর কিছুই নয়। যেমন, স্বীকারীবাড়ী কলোনী, চন্দ্রাইবাড়ী কলোনি বিরাট লংথরাই পাহাড়ের উপর, এখানে লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে। মানদাই হওয়ার কলোনী যেটা ভালো বলে এখানে মন্তব্য করা হয়েছে সেখানেও ট্রাইবেলদের একই রকম অবস্থা, তাদের জমিগুলি অন্য লোকের কাছে বন্ধকী পড়ে আছে কাজেই তাদের বাধ্য হয়ে অন্যত্র জমি বিক্রী করে চলে যেতে হয়েছে। কাজেই এখানে ৫ম তপশীল—সিড্যুল এরিয়া ঘোষণা করা একান্ত দরকার। এখানে অনেকে এই ৫ম তপশীলের ভুল বিশ্লেষণ করে উপজাতি এবং বাঙ্গালী ভাইদের মধ্যে একটা সাম্প্রদায়িকতা সৃষ্টি করতে চেষ্টা করেছেন। আমরা আজকে কি দেখি যে সিংগ্রাক পার্টির প্রচারকে বাম-কম্যুনিষ্টের উপর চালিয়ে দেওয়া হচ্ছে। কিন্তু এইগুলি করে কারা, এটা করে ট্রাইবেল ইউনিয়ন বলে যে পার্টি স্নেহকুমার চাকমা পরিচালিত সেই পার্টিই এইগুলি করছে, অথচ সরকার পক্ষ থেকে তাদের ধরার কোন রকম চেষ্টা করছেন বলে আমার মনে হয না। কাজেই এই সম্পর্কে যদি আমাদের মধ্যে সাম্প্রদায়িকতার বীজ ছড়ানো হয়, গভর্ণমেন্ট থেকে যদি হুঁসিয়াব করে না দেয়, এই সম্পর্কে সচেতন না হয় তাহলে দাঙ্গা হাঙ্গামা ভীষণ ভাবে দেখা দেবে। কাজেই এই যে তপশীল এটা কি এবং কেন? সেটা হচ্ছে আমাদের উপজাতিরা যাতে নিজেদের খুশিমত তার জমি হস্তান্তর করতে না পারে, যাতে উপজাতিরা জমি পায় এবং দাদন, ঋণ ইত্যাদি যাতে সরকার থেকে পায়, যে সমস্ত মহাজনী লগ্নি আছে, সেই লগ্নি যদি শোধ করতে না পারে, তার জন্য সরকার থেকে সেটার একটা ব্যবস্থা করা। এই যদি হয় তাহলে তাদের বাঁচার যে একটা সংগ্রাম, সেই সংগ্রামে তারা জয় লাভ করতে পারবে। এছাড়া এখানে ট্রাইবেল উন্নয়ন ব্লক কমিটি যেটা হয়েছে ২৬ জন লোক নিয়ে, বিভিন্ন পত্রপত্রিকায় আমরা দেখতে পাই সেটার মধ্যে ট্রাইবেল সদস্য কেউ আছে কি না আমার জানা নাই। এই উপদেষ্টা কমিটি ট্রাইবেলদের নিয়ে হওয়া দরকার বলে আমি মনে করি—উপজাতি এলাকায় যারা ট্রাইবেল প্রতিনিধি তাদের নিয়েই এই কমিটি হওয়া দরকার এবং ঐ কমিটির শুধু কাজ হবে ট্রাইবেলদের উন্নয়নমূলক সমস্ত কিছু করা এবং সরকারকে সেইভাবে সমস্ত রকম পরামর্শ দেওয়া। এই সমস্ত যদি না করা হয় তাহলে পরে আমরা কিছুতেই ট্রাইবেলদের উন্নত করতে পারব না এবং সেটাই ৫ম তপশীলের যে নিয়ম কানুন আছে, সেই নিয়মকানুন অনুযায়ী করতে হবে, উপদেষ্টা কমিটির হাতে কতকগুলি ক্ষমতাও থাকা চাই, সেই ক্ষমতাগুলি না থাকলে

পরে তারা কোন কিছু করতে পারবেন না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা ত্রিপুরায় কি দেখতে পাই, সেই যে ভূমিসংস্কার আইন বলে আমাদের যে উপজাতিদের জমি সংরক্ষণের ব্যবস্থা তাদের রক্ষা করার যে জিনিষটা সেটার প্রয়োজনীয়তা মনে করেন না এটা যদি মনে করতেন, তাহলে আমি জিজ্ঞাসা করব যে কজন উপজাতীয় জমির মালিককে জমি আজ পর্যন্ত আমরা ফিরাইয়া দিতে পারিয়াছি, আজ পর্যন্ত একজনকেও জমি ফিরাইয়া দিতে পারি নাই। সরকারের নির্দ্দেশ নিশ্চয়ই একটা আছে, একটু আগেও একটা প্রশ্নোত্তরে আমরা দেখতে পাই যে সেটেলমেন্ট অফিসার যে একটা নির্দ্দেশ নামা দিয়েছেন সেই নির্দ্দেশ নামানুসারে ট্রাইবেলদের রক্ষার ব্যাপারে, তাদের জমি রক্ষার ব্যাপারে বা তার কোন প্রয়োজনীয়তা আছে বলে মনে হয় না সেটেলমেন্ট অফিসার কর্ম্মচারীদের নির্দ্দেশ দিয়েছেন ১৫।৫।৬৩ইং তারিখে যে মৌখিক হস্তান্তরে যদি উভয় পক্ষের সম্মতি থাকে তাহলে পরে ইহা বৈধ বলে গণ্য করতে হবে। এই নির্দ্দেশ সেটেলমেন্ট অফিসার দিতে পারেন না যদি তার উপর অন্য কারোর নির্দ্দেশ না থাকে। কাজেই সেই ১২৭ ধারাটার সাথে এই নির্দ্দেশের কোন মিল আছে বলে আমি মনে করি না। এছাড়া আমাদের আগরতলা শহরে যুব সমিতির উদ্যোগে একটা মিছিল বের করা হয়েছিল ট্রাইবেলদের দাবীদাওয়া নিয়ে এবং ৫ম তপশীল চালু করার দাবী নিয়ে। এটাকে অনেকে বিকৃত করে দেখে থাকেন। এই রকম বিকৃত করলে অবস্থাটা অন্য রকন দাঁড়ায় এবং বাঙ্গালীর উপর একটা বিষক্রিয়া জন্মে। কাজেই আমাদের দাবী গণতান্ত্রিক দাবী, এটা কোন সাম্প্রদায়িক দাবী নয়। সেই জন্য আমরা বিধানসভায় এই বক্তব্য রাখছি। এছাড়া ধেবর কমিশনের রিপোর্ট মত যেখানে পাঞ্জাবে ২৩ ভাগের বেশী সেই সব ট্রাইবেল কম্পেক্ট এরিয়াতে এটা ঘোষণা করা যেতে পারে। তাছাড়া আমরা এটাও দাবী করছি যে ৫ম তপশীল চালু হলেও ১৯৬৭ সনের পূর্ব্বে যারা যেসমস্ত সুযোগ সুবিধা পেয়ে আসছে তারাও সেই সমস্ত সুযোগ সুবিধা পাবে। কাজেই আমাদের এই ৫ম তপশীল দাবী কোন সাম্প্রদায়িক দাবী নয়। সেজন্য এই ৫ম তপশীল চালু করার জন্য আমরা হাউসের কাছে আমাদের অনুরোধ রাখছি এবং এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার :—শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার মহোদয়, এই হাউসের সামনে মাননীয় অঘোর দেববর্ম্মা এবং বিদ্যা দেববর্ম্মা যে প্রস্তাব রেখেছেন সংবিধানের ৫ম তপশীল অনুসারে ত্রিপুরার উপজাতি অধ্যুষিত পরস্পর সংলগ্ন এলাকাগুলিকে ৫ম তপশীল ঘোষণা করা হোক এবং ৫ম তপশীল বর্ণিত উপদেষ্টা কমিটির হাতে প্রয়োজনীয় ক্ষমতা অর্পণ করা হোক আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি। এই বিরোধিতার উদ্দেশ্য হল ত্রিপুরার যে ৪ লক্ষ উপজাতি আছে, এই যে পিছিয়ে পড়া উপজাতি, তাদের আমাদের উন্নত জাতির সমপর্য্যায়ে নিয়ে আসতে হবে। কি শিক্ষায়, কি দীক্ষায়, কি কৃষি কাজে এবং তাদের

আমাদের প্রটেকশান দিতে হবে, মানি লেণ্ডার্স এবং বড় বড় জোতদারের হাত থেকে রক্ষা করতে হবে। এটা আমরা বিশ্বাস করি, কারণ আমাদের এই সংবিধান গণতন্ত্রের ভিত্তির উপর তৈরী হয়েছে। অতএব যতদিন পর্য্যন্ত না এই পিছিয়ে পড়া ভারতবর্ষের আড়াই কোটি উপ-জাতিকে, সেই পেছনে পড়া উপজাতিকে আমাদের অন্যান্য জাতির সমপর্যায়ে আনতে না পারব ততদিন আমরা একটা সুস্থ সমাজতন্ত্র গঠন করতে পারব না। কিন্তু যাদেরকে আমরা সমপর্যায়ে আনবার জন্য যেসব সিদ্ধান্ত নেব সেই সিদ্ধান্ত নেবার সাথে সাথে আমাদের সব সময়েই চিন্তা রাখতে হবে যে আমরা এমন কিছু হঠকারিতা করব না যে হঠকারিতার ফলে আমাদের সংহতির উপর আঘাত আসে। অতএব এই যে একটা সমস্যা, এই সমস্যাকে বাস্তব দৃষ্টিভংগী দিয়ে, বিজ্ঞান সম্মত দৃষ্টিভংগী দিয়ে বিচার করতে হবে। এই সমস্যাকে ভাবাবেগের উপর কিংবা সাম্প্রদায়িক দৃষ্টিভংগীতে যদি বিচার করা যায় তাহলে ভারতের ভবিষ্যত অন্ধকার হয়ে যাবে। এই জন্যই আমাদের যে সংবিধান সেই সংবিধানে যে ৫ম তপশীল কথা লিখা আছে, অবশ্য সেই ৫ম তপশীল সম্বন্ধে সংবিধানকে যদি আপনারা একটু আলোচনা করেন তাহলে দেখতে পাবেন যে ২৪৪ ধারার ক (১) উপধারায় এটা 'এ' ক্লাশ এবং 'বি' ক্লাস ষ্টেটের জন্য প্রযোজ্য ছিল। কারণ একটা কথা ভুললে চলবে না যে আমরা যে সংবিধান ১৯৪৯ সালে করেছি তখন এই ৫ম তপশীলের আয়ু ছিল মাত্র ১০ বছর। ৫০ এর পর ৬০ আবার পার্লামেন্ট তাকে আরও ১০ বছর বাড়িয়েছে। কিন্তু বাড়ানোর সাথে সাথে আমরা কতদূর অগ্রসর হয়েছি? ১৯৬৭ সালে দাঁড়িয়ে আমরা কি ব্যবস্থা করব সেইটুকু আমাদের চিন্তা করতে হবে এবং সেজন্য যখন আমরা দেখেছি যে আমরা এই ত্রিপুরায় এই যে উপজাতি সম্পর্কে অনেক সময় অনেক কথা উঠে। মহারাজার প্রতিশ্রুতির নানা কথা এখানে উত্থাপিত হয়, কিন্তু একটা কথা মনে রাখতে হবে ১৯৬৭ সালে ত্রিপুরায় যে জনসংখ্যা এবং ত্রিপুরার যে আয়তন সেই আয়তনের একর প্রতি বর্গ মাইলে—

Mr. Speaker :— The House stands adjourned till 2 P. M. The member speaking will have the floor.

Mr. Speaker :— I would now call on Shri Promode Ranjan Das Gupta to continue his Speech.

Shri Promode Ranjan Dasgupta :— মাননীয় স্পীকার, স্যার, fifth Schedule সম্পর্কে যে প্রস্তাব করা হয়েছে তার বিরোধিতা করে আমি বলেছিলাম যে Consti tution এর ২৪০ (a) ধারায় যে ঘোষণা আছে সেই ঘোষণায় আমরা দেখি যে President ১৯৫০ সনে এক আদেশ বলে ৮টি state এ scheduled area declare করেছেন কিন্তু ২৪৪ (১) ধারায় পরিষ্কার ভাবে বলা হয়েছে Part A ও Part B. Scheduled area ঘোষনা করা হবে। এই পশ্চাদপদ অনুন্নত তপশিলী উপজাতিকে কি ভাবে উন্নত করা যায় সেই তথ্য অনুসন্ধান করে Report দাখিল করার জন্য ১৯৬০ সালে Dhebar Commission

গঠন করা হয়। ধেবর কমিশনের প্রতিপাদ্য বিষয়গুলি ছিল—একটু নজর করলেই দেখা যাবে যে, যে সব area তে 50% এর উপর tribal population থাকবে, সেই সব area-র Compactness, reasonable size, যটার মধ্যে বলা হয়েছে যে যেসব এলেকায় উপজাতিরা একত্রিত হয়ে বাস করবে এবং এমন একটি এলেকা যে এলেকায় Administration এর সুযোগ সুবিধা থাকবে। তারপর বলা হয়েছে যে Marked disparity in economic standard of the people, অর্থাৎ সেই এলেকার আশেপাশে যে সব অধিবাসী আছে, তাদের সাথে আদিবাসীদের যে অর্থ নৈতিক বৈষম্য, তার উন্নতি হওয়া দরকার এবং সেইখানে কি ভাবে সেটা যাচাই করা যাবে। উপজাতিরা কি ভাবে চাষাবাদ করে, সেইটাও এখানে প্রতিপাদ্য বিষয়। তারপর বলা হয়েছে যে under developed nature of the area, তার Communication যান বাহনের প্রশ্ন—এই সবই এখানে বিবেচ্য বিষয়। এই ভাবে সমস্ত কিছু বিবেচনা করার পর, কোন্ area তে কিভাবে কি করা হবে, তার উপর ধেবর কমিশন বিশেষ ভাবে জোর দিয়ে T. D. Block করার জন্য সুপারিশ করেছেন এবং T. D. Block যদি ফেল করে তখন অন্য কথা আসতে পারে। অতঃপর Page 68এর নিচের দিকে লিখা আছে যে সেখানে target fulfill হবে সেটাকে ১০ বৎসর পরে D—Schedule করা যেতে পারে। তারপর ধেবর কমিশন স্পষ্ট করে একথা বলেছেন যে যদি ১০ বৎসরের মধ্যে যদি সত্যিকারের উন্নতি না হয় তা হলে D—Schedule এর প্রশ্ন আসে না। Schedule ব্যবস্থা যে একটা স্থায়ী ব্যবস্থা তা নয়, সেটা হচ্ছে এমন একটা ব্যবস্থা যাতে একটা অনুন্নত জাতিকে উন্নত জাতির সমপর্য্যায়ে আনা যায়। ১৯৬১ সালের census এ আমরা দেখি যে ত্রিপুরায় শতকরা ২০ জন সাধারণভাবে শিক্ষিত এবং tribal area তে শতকরা ১০ জন। এটা সত্যি কথা যে tribalদের মধ্যে একটা অংশ এখনও shifting cultivation করে আর একটা অংশ দাদনদার ও মহাজনদের খপ্পরে পড়ে থাকেন। তাদের এইসব দিক থেকে কিভাবে protection দেওয়া যায় সেটা দেখতে হবে। এই ব্যাপারে ভাবাবেগে কাজ করা চলে না। এই বিষয়টি যদি আবেদনের বিবেচনা করতে হয় তাহলে ত্রিপুরার লোকসংখ্যা ত্রিপুরার বর্তমান area, সেই area আগে যা ছিল, এখনও তাই আছে কিন্তু লোকসংখ্যা তার বেড়েছে। সেই areaতে ত্রিপুরায় ১৯৪১ সালের চিন্তাধারা চলতে পারে না। কারণ ১৯৪১ সালে ত্রিপুরার লোকসংখ্যা ছিল সাড়ে চার লক্ষ মাত্র আর বর্তমানে এখানে লোকসংখ্যা হয়েছে ষোল লক্ষ। তাই ১৯৬৭ সালে আমাদের যে অনুন্নত উপজাতি সম্প্রদায় তাদের সমস্যার সমাধান বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে করতে হবে। তারজন্যই T. D. Block করা হয়েছে। মাননীয় স্পীকার মহোদয়, এখানে একটা প্রশ্ন উঠেছে যে T. D. Block Successful হয় নাই, কারণ উপজাতিদের জমি অউপজাতিদের নিকট বন্ধক পড়েছে। T. D. Block এর under এ ১০ বর্গমাইল জায়গা নিয়া কালোটেপা নামে একটি tribal colony করা হয়েছে। সেখানে ১৯১ জন tribal কে বসানো হয়েছে, ১৫০ জন এখনো Land পায়নি, আর যেখানে ৪৯ জন বড় বড় ট্রাইবেল জোতদার আছেন যারা ceiling এর উর্দ্ধে বহুজমি এখনও দখল করে আছেন,

আর ২১জন সেখানে বাঙ্গালী জোতদার আছেন এবং সেই সকল জোতদারের উদ্বৃত্ত জমিও যদি নেওয়া হয় তাহলে ঐ সকল উদ্বৃত্ত জমিতে ঐ ১৫০ জন landless tribal কে পুনর্ব্বাসন দেওয়া যেতে পারে। সেখানে বড় বড় tribal জোতদারাই জমি Mortgage নিয়েছে এবং দাদন দিয়েছে বেশী। আজকে এখানে দাঁড়িয়ে যারা বলেন যে উপজাতিদের জমি বন্ধক নেওয়া আছে, উৎখাত করা হচ্ছে, উপজাতিদের মধ্যে তারাও এক শ্রেণীর বুর্জুয়া, সঙ্কীর্ণবাদ পোষণ করছে। কারণ তারাই আজকে চেষ্টা করছেন উপজাতিদের জন্যে আলাদা করে একটা জায়গায় ব্যবস্থা করা। তাদের আধিপত্য প্রতিষ্ঠা করার জন্য। আমরা যে কতকগুলি ট্রাইবেল কলোনী দেখেছি তাতে দেখেছি যে বঙ্গালী জোতদাররাই শুধু দাদন দেয়নি, ট্রাইবেলরাও দাদন দিয়েছে। Land mortgage শুধু বাঙ্গালীরাই নেয়নি ট্রাইবেলরাও নিয়েছে। এটা আমার কথা নয়, এটা হচ্ছে কলোনীবাসী উপজাতিদের কথা। কাজেই আজকে শুধু বাঙ্গালী জোতদার, বাঙ্গালী মহাজনই নয়, উপজাতি মহাজনদের হাত থেকেও তাদের রক্ষা করতে হবে। আমার মনে হয় এই হাউসে যিনি আজ এই প্রস্তাব রেখেছেন তাকেও এই প্রশ্নের উত্তর দিতে হবে।

আর একটি কথা আমি এখানে রাখছি। আমার বন্ধুবর শ্রীবিস্তা দেববর্ম্মা এখানে পাঞ্জাবের কথা বলেছেন। কিন্তু তিনি একটি কথা গোপন করে গিয়েছেন। পাঞ্জাবের যে জায়গাটার কথা বলেছেন তার area হচ্ছে ৪ হাজার বর্গ মাইলের উপর, অর্থাৎ প্রায় ত্রিপুরা রাজ্যের সমান এবং সেখানে population এর সংখ্যা রয়েছে মাত্র ১১ হাজার। অতএব সেখানে বিস্তীর্ণ জায়গা রয়েছে সেখানে ট্রাইবেলদের বসানো চলে এবং সেইটাও ঐ যে part 'B' state এ ২৪৪ ধারার ক্ষমতা বলে রাষ্ট্রপতি ঐ areaকে tribal area বলে ঘোষণা করেছেন। অতএব তার এই যুক্তি, ত্রিপুরা রাজ্যের ক্ষেত্রে কোন অবস্থাতেই প্রযোজ্য নয়। ত্রিপুরায় এমন একটিও তহশীল নেই যেখানে বলা যেতে পারে যে tribal ছাড়া অন্য কোন জাতি সেখানে নেই, বা tribal population 50%। তারপর যে চিন্তা ধারা রাজার আমলের ঘোষণাকে ভিত্তি করে মাননীয় সদস্য বলেছেন, সেই ঘোষণার মধ্যে আমরা দেখি যে কৈলাসহরে শতকরা ৬১ জন হচ্ছে বাঙ্গালী এবং অন্যান্য জাতি, কমলপুরে শতকরা ৬৯ জন, খোয়াইয়ে শতকরা ৫৮ জনের উপর, সাব্রুমে শতকর, ৫২ জনের উপরে বাঙ্গালী ও অন্যান্য জাতি। অতএব সেই সব পরিপ্রেক্ষিতে এখানে Schedule area পাওয়া দুষ্কর। তাই আজ ত্রিপুরা সরকার সাব্রুমে T. D. Block করেছেন ১০ বর্গ মাইল জায়গা নিয়ে। সেই জায়গার সমস্ত tribalদের পুনর্ব্বাসন দেওয়া হচ্ছে এবং সমস্ত রকম protection দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। সেই ভাবে কমলপুরে, অমরপুরেও করা হয়েছে। কাজেই যে দাদনদারের কথা বলছেন, সেই দাদনদার tribal-ই হোক্ আর বাঙ্গালীই হউক্ তাদের হাত থেকে Tribalদের রক্ষা করার জন্য ব্যবস্থা করা হচ্ছে এই কলোনীর মাধ্যমে। কাজেই এই যে cry এর পেছনে হচ্ছে ত্রিপুরায় একটা উপজাতি শ্রেণী যাদের চরিত্র যাদের class character আজকে আর সেই ভূমিহীন কৃষকের নয়, শ্রমিকের নয়. সেটা হচ্ছে petty

বুর্জ্জুয়াদের class character সেই petty বুর্জ্জুয়ারা ৩॥ লক্ষ ট্রাইবেলদের শোষণ করার জন্য একটি অবাধ লাইসেন্স নিবার জন্য এই প্রস্তাব এখানে এনেছেন।

এই 5th schedule আজকে ত্রিপুরার সংস্কৃতিতে আঘাত হানছে। পাহাড়ে পাহাড়ে hand bill দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে Nov. 25 তারিখের মধ্যে তোমরা বাঙ্গালীরা এখান থেকে সরে যাও নতুবা তোমাদের সমূহ বিপদ। এই hand bill এর বিষয়বস্তুর সঙ্গে এই House যে প্রস্তাব আনা হয়েছে তার সঙ্গে পরস্পর সামঞ্জস্য আছে কিনা তা চিন্তা করলে এর পিছনে প্ররোচনা আছে কিনা তা বুঝা যাবে। আপনারা জানেন কিছুদিন আগে মিজোরা যে আক্রমণ করে তার কিছুদিন পরে কাঞ্চনপুরের নিকটে পুল ভেঙ্গে দেওয়া হয়। সেই পুল মিজোরা ভাঙ্গেনি তার পিছনে একটা অন্তর্ঘাতী কার্য্যকলাপ এই 5th schedule এর নাম চালিয়ে যাওয়া হচ্ছে। এই আর অন্তর্ঘাতী কার্য্যকলাপের পরিণতি যে কি ভয়াবহ তা আমি আজকে আমার বিরোধী দলের সদস্যদের চিন্তা করতে অনুরোধ করি। এই যে seperation movement যা তারা আজকে ত্রিপুরার বুকে উত্থাপন করেছেন সেজন্য আমি তাদের অনুরোধ করব তারা যেন এটা থেকে সরে আসেন। কেননা এই separation movement ত্রিপুরার বুকে টেনে আনবে পরস্পরের প্রতি অবিশ্বাস, বিদ্বেষ এবং হিংসার মনোভাব। যেভাবে তার প্রচার করছেন এবং টক্কালের জোরে 5th schedule আদায়ের যে হুমকি তারা দিচ্ছেন, সে হুমকি ত্রিপুরার যারা সচেতন উপজাতীয় নাগরিক আমি জানি, তাদের তা রুখবার ক্ষমতা আছে। আমি আর বেশী কিছু বলতে চাই না, শুধু বলব যে ডেবর কমিশনের alternative যে উপদেশ সেই উপদেশ মত T. D. Block মারফত ত্রিপুরায় ট্রাইবেলদের পিছিয়ে পড়া অর্থনীতির উন্নতি Landless দের settlement, মহাজনের হাত থেকে রক্ষা করা, দাদনের হাত থেকে রক্ষা, জমি হস্তান্তরের মাধ্যমে ১৮৭ ধারা মতে কড়াকড়ি করা হয়েছে যাকে জমি হস্তান্তর না করা যায়, তাদের শিক্ষার সুব্যবস্থা, তাদের সমস্ত রকম সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে। এই যে ব্যবস্থা, এই ব্যবস্থার মধ্য দিয়ে যা 5th schedule এর যে উদ্দেশ্য তা পূর্ণ হবে। ১৯৫০ সালে 5th schedule যখন গ্রহণ করা হয়েছিল তখন তার এক মাত্র উদ্দেশ্য ছিল যে পশ্চাদপদ যে ২॥ কোটী উপজাতি ভারতবর্ষে আছে তাদের উন্নত জাতীর সমপর্য্যায়ে আনা। এটাকে ত্রিপুরাতে T. D. ব্লকের মাধ্যমে বিনা বাধায় করে নিতে পারি তারজন্য তারা সহযোগীতা করবেন এবং এই সাম্প্রদায়িক শ্লোগান দ্বারা 5th schedule এর অপব্যাখ্যা করে মানুষের জীবনে আতঙ্ক এবং অনিশ্চয়তা তারা আনবেন না। এর সাথে আমি আর একটা কথা বলছি যে Tribal advisory board ত্রিপুরাতেও আছে। তবে একটা প্রশ্ন হচ্ছে যে তাদের দিয়ে করা হোক। ওনারা যদি মনে করেন যে ওনাদের Tribal Advisory Board এ রাখলে পরে 5th schedule হয়ে যাবে তা হলে আমার আর কোন বক্তব্য নেই। কিন্তু আমার মনে হয় Tribal advisory board এ tribalদের প্রতিনিধি আছেন এবং উপরোক্ত লোক নিয়ে সেই board গঠন করা হয়েছে। এ board এ যারা ট্রাইবেল প্রতিনিধি আছেন আমি তাদের নাম বলছি আর, পি, চৌধুরী, আমাদের মহারাজা

কিরিট মাণিক্য বাহাদুর, অঘোর দেববর্ম্মা মহাশয়, যিনি এই প্রস্তাব এনেছেন। জানিনা সেই advisory board এই প্রস্তাব দিয়েছিলেন কিনা। বাজুবন রিয়াং, রবীন্দ্র চন্দ্র দেব রাংখল, মনমোহন দেববর্ম্মার ঘনশ্যাম দেওয়ান, নন্দ কুমার দেববর্ম্মা, রাজবংশী চৌধুরী, হংসধ্বজ দেওয়ান, দশমী রিয়াং এদের মত যারা tribalদের নেতা যারা ট্রাইবেলদের শিক্ষা দীক্ষা সর্ব্ব-বিষয়ে উন্নতি এবং মঙ্গল চায় তাদের নিয়ে Tribal Advisory Board করা হয়েছে। অতএব Advisory Board এ ওনাদের নাম নেই বলে যে এই বোর্ড নস্যাৎ করে দিতে হবে এটা ঠিক নয়। কতজন non tribal এবং কতজন tribal আছে সেই সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি নিয়ে আমি বিচার করতে চাই না। আমার বক্তব্য হচ্ছে tribalদের যারা মঙ্গল চায় তারা এই Boardএ আছে। আমার বক্তব্য আমি এইখানে শেষ করছি।

Mr. Speaker :—Now I would call on Shri Ghanashyam Dewan.

শ্রীঘনশ্যাম দেওয়ান :—মাননীয় স্পীকার স্যার, সংবিধানের ৫ম তপশীল অনুসারে ত্রিপুরার উপজাতি অধ্যুসিত পরস্পর সংলগ্ন এলাকাগুলিকে তপশীলি এলাকা বলিয়া ঘোষনা করা হউক এবং তপশীলে বর্ণিত উপদেষ্টা পরিষদের হাতে প্রয়োজনয়ী ক্ষমতা অর্পন করা হউক, এই যে রিজলিউশন মাননীয় অঘোর বাবু হাউসের সামনে রেখেছেন তা আমি সমর্থন করতে পারছি না। সমর্থন করতে পারছি না এজন্যে যে আমি নিজেই উপজাতি এবং উপ জাতির মঙ্গল কামনা করিনা তা নয়। তবে কংগ্রেসের সদস্য হলে যে উপজাতীয় মঙ্গল চায় না এমন নজীর পাওয়া যায়না আর কংগ্রেসের মেম্বার না হয়ে আপনারা যে উপজাতির মঙ্গল চিন্তা করেন তা গত বিশ বছরের ইতিহাস জানে যে আপনারা উপজাতির মঙ্গল করেছেন। ৫ম তপশীলে বর্ণিত বিকল্প হিসাবে আমাদের ত্রিপুরা ট্রাইবেল এরিয়াতে যেসব T. D. Block করা হয়েছে, তার প্রয়োগের ক্ষেত্রে উনি অবশ্য কিছু কিছু ক্রটী বিচ্যুতি ধরেছেন এবং বলেছেন যে এগুলির দ্বারা ত্রিপুরাতে ট্রাইবেলদের কোন মঙ্গল করা হচ্ছে না। তাই তিনি কয়েকটী কলোনীর কথা উল্লেখ করেছেন। যেমন শিকারী বাড়ী কলোনী অথবা চন্দ্রকোনা কলোনীতে হয়তো ট্রাইবেলদের উন্নতির তেমন কিছু হয়নি। কিন্তু এমন কতকগুলি ট্রাইবেল অঞ্চল বা কলোনী আছে, যেখানে আমরা PAC এর সদস্য হিসাবে পরিদর্শন করেছি এবং দেখেছি যে ঐ সব কলোনীগুলি বেশ সুন্দরভাবে গড়ে উঠেছে। তারজন্য তারা গর্ব্ববোধ করে। তখন মাননীয় সদস্য বিদ্যা দেববর্ম্মা মহাশয় আমাদের সাথে ছিলেন তিনি দেখেছেন যে মেন্দি হাওয়ার কলোনী কি সুন্দরভাবে গড়ে উঠেছে এবং সেখানে তারা কি ভাবে তাদের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। জায়গা জমি আবাদ করে বাঁচবার চেষ্টা করে চলছেন।

ট্রাইবেলরা বর্ত্তমানে ধাপে ধাপে যে ভাবে অগ্রসর হচ্ছে গত বিশ বছরের মধ্যে ইতিহাসে সেই রকম নজীর খুঁজে পাওয়া যায় না। আমি জানি যে উপজাতি হিসাবে চাকমাগণ ত্রিপুরা রাজ্যে সাত বছরের উপর বসবাস করেছেন। কিন্তু বিশ বছরের আগে আমি জানি যে চাকমাদের মধ্যে একজনও মেট্রিকুলেট ছিল না, একমাত্র স্বাধীনতার পরে আমরা দেখতে

পাই গত বিশ বছরে মেট্রিকুলেট কেন, তারা অনেকে গ্রেজুয়েটও হয়েছেন। ত্রিপুরার জন্য এই যে ৫ম তপশীলের দাবী, তার দ্বারা আমি মনে করি এই উপজাতীয়দের আরও পিছিয়ে নিয়ে যাবে। একটি বিচ্ছিন্নতার মনভাব দিয়ে তাদের যদি সংহত করা যায়—তা'হলে এই ত্রিপুরাদের, এই পিছিয়ে পড়া উপজাতিদিগকে আরও পিছিয়ে নিয়ে গিয়ে তাদের দ্বারা যন্ত্রের মত কাজ করানো যেতে পারে। আমার মনে হয় তারা এই উদ্দেশ্য নিয়ে এই দাবী চালিয়ে যাচ্ছেন। শুধু ত্রিপুরার উপজাতিদের কথা নয়—সমগ্র ভারতের উপজাতিদের যদি আমরা দেখি—যেমন নাগা, নেফা, মিজো, হিমাচল প্রদেশ এবং মধ্য ভারতের যে সমস্ত অঞ্চলে উপজাতি আছে, সেখানে ঐ পশ্চিমা বিদেশী মিশনারীরা তাদের মধ্যে ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার জন্য ভিতরে ভিতরে প্রচার চালাচ্ছেন এবং উস্কানি দিচ্ছেন। আর সে জন্যই আজকে আমরা নাগা বিদ্রোহ, ও মিজো বিদ্রোহ দেখতে পাই, এবং ত্রিপুরাতেও দেখি। এই রকম যারা উপজাতি, যারা আজকে উন্নতি করার জন্য ও বাঁচবার জন্য লড়াই করে চলছে, তাদেরকে যদি আজকে বিচ্ছিন্নতার মনোভাব নিয়ে এই ক্ষুদ্র ত্রিপুরা রাজ্যের মধ্যে সংহত করা যায়—তাহলে ভবিষ্যতে এই সংহতি অন্যান্য নাগরিকদের পক্ষে—মারাত্মক হয়ে দাঁড়াবে। আমি কিছু বুঝতে পারছি না যে আজকে স্বাধীনতার বিশ বছর পরে কেন এই ৫ম তপশীলের অবতারনা করতে হচ্ছে? এর উদ্দেশ্য কি? উদ্দেশ্য হ'ল এই যে গত নির্ব্বাচনে ওনারা ব্যাপক ভাবে হেরে গিয়ে হৃত শক্তি পুনরুদ্ধার করার জন্য ব্যাপক পার্ব্বত্য অঞ্চলে এই প্রচার কার্য্য চালিয়ে যাচ্ছেন। তা না হ'লে বিদ্যাবাবু কেন বললেন যে স্নেহ কুমার চাকমার পার্টিরই সিংক্রাক নামক কমিটি আছে, তা আমি জানি না, তারা উস্কাইয়া দিচ্ছে; তবে আমি জানি যে সেই স্নেহ কুমার চাকমা কংগ্রেসের আদর্শে উদ্বুদ্ধ হয়ে কংগ্রেসে যোগ দিয়েছেন এবং কংগ্রেসের আদর্শে উপজাতির সেবা করে যাচ্ছেন।. কাজেই সেই স্নেহকুমার চাকমার যে সিংক্রাক পার্টির সঙ্গে যোগাযোগ আছে বলা হয়েছে সেটা খুবই নিন্দনীয় বিষয়, উনি কি করে জানলেন যে স্নেহকুমার চাকমা সিংক্রাক পার্টির সঙ্গে যোগাযোগ রেখেছেন? তাই যদি হয় তবে উনি নিশ্চয়ই জানেন যে সিংক্রাক্ পার্টি কোথায় আছে এবং কিভাবে কাজ করছে। সুতরাং ত্রিপুরায় আমরা যারা উপজাতি আছি আমাদের ভাবতে হবে কি করে আমাদের নিজেদের উন্নত করা যায়। কারণ এই ব্যাপার নিয়ে আজকে সারা ভারতের মনীষীরা বিশেষভাবে চিন্তা করছেন। হতে পারে আমাদের মধ্যে মহাজন যারা তারা অত্যাচার করছে, হতে পারে আমরা আমাদের জায়গা জমি হস্তান্তর করছি। আমি জানি কোন কোন জায়গায় ভাল কলোনী আছে। কিন্তু সেখান থেকেও রিয়াংরা চলে যাচ্ছে—অথচ সেখানে কোন বাঙ্গালী ছিলনা এবং সমস্ত মৌজার মধ্যেও কোন বাঙ্গালী নেই। সুতরাং যেখানে কোন বাঙ্গালী নেই সেখান থেকে উপজাতীয়রা কেন চলে গেল? সুন্দর আবাদী জমি ফেলে রেখে তারা চলে গেছে। উহার পেছনে কি আছে? উহার পিছনে কি কোন অত্যাচার আছে?

(Noise)

আপনার যদি মনে হয় যে আমি তাড়িয়ে দিয়েছি তবে কিন্তু বলতে পারেন তা আপনি যে তাড়িয়ে দেন নাই তার প্রমাণও বা কি আছে? সুতরাং বলছি যে কেন পাহাড়ীরা জমি ছেড়ে চলে যায়, কেন পাহাড়ীরা জমি বিক্রী করে, যেহেতু তারা backwaid—ইহা যদি একমাত্র কারণ হয়, তবে অনেক পাহাড়ীরা এখনও জমিতে বসবাস করছে, চাষাবাদ করছে, লেখাপাড়া শিখিয়ে ছেলেদের উন্নতির পথ করছে,

(Noise)

Percentage কম হতে পারে, কিন্তু Percentage বাড়ানোর জন্য আপনাদেরও চেষ্টা করা উচিত।

(Noise)

মাননীয় স্পীকার মহোদয়ের মারফত আমি সদস্যগণকে অনুরোধ করব উনারাও চেষ্টা যেন করেন। সেখানেত সাংবিধানিক কোন বাধা নেই। আইনগত কোন বাধা আছে বলেও আমি মনে করিনা। ত্রিপুরা রাজ্যের মধ্যে Tribalদের সমীক্ষা হওয়া প্রয়োজন। এটা আমি উপলব্ধি করি। এবং গত বিশ বছরে আপনারা যে Tribalগুলিকে ভুমিতে আনতে পারেন নাই সেটা খুবই লজ্জার বিষয়, আমাদেরও আপনাদেরও। সুতরাং ত্রিপুরা রাজ্যের মধ্যে উপজাতিদের জন্য সংবিধানিক যে সমস্ত সুযোগ সুবিধা দেওয়া হয়েছে, সেগুলি কার্য্যকরী করতে কোন বাধা নেই। সুতরাং আজকে...

(Noise)

আপনি যে শুধু একমাত্র Tribalদের হিতকামী, এবং Tribalদের অনুরাগী, তাদের কথা সব সময় চিন্তা করছেন, এমন নজীর গত বিশ বছরেও আপনি দিতে পারেন নাই। আপনাদের ইতিহাসে আছে, আপনারা শুধু Tribalদের হত্যা করেছেন, খুন করেছেন, হয়রানি করেছেন—আপনাদের পার্টিই তা করেছে। এরা অ-উপজাতি নয়, এরা উপজাতী। উপজাতি যাহারা উপজাতিকে অত্যাচার করে, এমন পার্টির কোন সদস্য যদি আজকে এখানে বলেন উপজাতিদের কথা, তবে আমি সেখানে নেই। সুতরাং আমি বলছি Tribalরা কেন ভুমি পরিত্যাগ করে চলে যায়, সেটা আমরা বিশ্লেষণ করব। Tribal রা কেন ভাল করে লেখাপড়া শিখছে না? এই যে উমাকান্ত বোর্ডিং আছে—আমি একবার result পরীক্ষা করে দেখেছি 10%পাশ করেছে। তারা সরকারী সাহায্য পাচ্ছে, তারা stipend পাচ্ছে, খাবার সুবিধা আছে, থাকবার সুবিধা আছে, পড়াশুনা করার কোন অসুবিধা নেই, তবুও 10% পাশ করেছে উমাকান্ত বোর্ডিং এর Tribal students দের মধ্যে, যেখানে কোন হামলা নেই, অউপজাতিদের, যেখানে কোন হস্তক্ষেপ নাই। সুতরাং এই উপজাতি অঞ্চলের মধ্যে আজকে আমি দেখতে পাচ্ছি, উপজাতীদের মধ্যে যে বিরাট সংহতি রয়েছে, সেই সংহতির মধ্যে ফাটল ধরাবার জন্য এই প্রচেষ্টা। উপজাতিদের জুম পরিত্যাগ করে তাদের জমিতে আনার জন্য সরকারের যে প্রচেষ্টা, সেখানেও দেখতে পাচ্ছি যে তাদের সেই মান্ধাতার আমলের জুমের মধ্যে রেখে, তাদিগকে জমিতে আনবার জন্য আমাদের যে প্রয়োজন, তাহাদেরকে যে ভাল করে বুঝিয়ে দেওয়ার প্রয়োজন, সেই বুঝিয়ে দেওয়াটা তাদের মুখে আসছে না।

সুতরাং আমি মনে করি যে এখানে resolution রয়েছে তা আমি সমথন করতে পারি না। তাই আমি এই প্রস্তাবের বিরোধীতা করছি।

Mr. Speaker— Now I call on Monomohan Deb Barma.

Shri Monomohan Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের সামনে ত্রিপুরার ট্রাইবেলদের রক্ষা করার জন্য একটা রেজিলিউশান এসেছে, মাননীয় সদস্য শ্রীঅঘোর দেববর্মা এবং শ্রীবিদ্যা দেববর্মার কাছ থেকে। ত্রিপুরাতে পঞ্চম সিডিউল প্রবর্তন করে ত্রিপুরার উপজাতিকে রক্ষা করার কথা এতে বলা হয়েছে। কিন্তু আমার মনে হচ্ছে যে Fifth schedule দ্বারা ত্রিপুরাতে উপজাতি যারা আছেন তাদের রক্ষা করা যাবে না, প্রস্তাবের পক্ষে বলতে গিয়ে ওনারাও এটা স্বীকার করেছেন এবং বলেছেন যে আমাদের এটা একটা স্বর্গ রাজ্য হবে, এমন কথা আমরা বলছি না। তবে তারা যে রকম সমস্যার মুখোমুখি হয়েছেন, ট্রাইবেল হিসাবে তা আমি বুঝি এবং কিভাবে আজকে তাদের অস্তিত্ব বিপন্ন হচ্ছে বা কিভাবে তাদের জমি হস্তান্তরিত হচ্ছে, তার সবগুলিই আমার জানা। আর এজন্য আমি নিজেও দুশ্চিন্তাগ্রস্থ যেহেতু আমি নিজেও একজন ট্রাইবেল। এই ট্রাইবেল কমিউনিষ্ট ও ট্রাইবেল সমাজ যাতে বাঁচে সেজন্য আমি নিজেও যথেষ্ট এবং তার জন্য আমি চেষ্টা করছি। কিন্তু এই ব্যাপারে ৫ম schedule যে একটা পথ, ৫ম schedule দ্বারাই যে একমাত্র রক্ষা পাবে সেটা আমি মনে করতে পারি না। এবং উনারা যদি মনে রাখেন তবে আমি নিশ্চয়ই বলব যে ১৯৫৬ সালে S. R. C এখানে এসে ছিলেন। সেই State Re-organisation Committee প্রস্তাব করেছিলেন যে ত্রিপুরাকে আসামের সঙ্গে অন্তর্ভুক্ত করার জন্য। কিন্তু তখন বিশেষ করে, ত্রিপুরার যে Tribal সেই Tribalদের একমাত্র সমাধান ছিল Communist Party এবং Communist Party ই তখন প্রবল বিরোধীতা করেছিল যে আমরা আসামের সঙ্গে যুক্ত হব না। তখন তাদের একমাত্র চিন্তা ছিল যে আমরা এখানে যদি ত্রিপুরাকে আলাদা রাখতে পারি তবে বিধান সভা আমাদের হাতে আসবে। সেই বিধান সভা আমাদের হাতে আসলে পরে আমরা ঠিক সেইভাবে শাসন করতে পারব। এইরূপ একটা ধারণা ছিল। কিন্তু আজকে যখন দেখা যাচ্ছে যে, না, বিধান সভা আসছে না। তখন আবার ৫ম Scheduleএর দাবী উঠছে। ১৯৫০ সালে ৫ম schedule আস্তে আস্তে প্রবর্তিত হয়েছে। তারপর আর কোথাও সেটা প্রবর্তিত হয় নাই। এবং এমন কোন instance নাই, এমন কোন ঘটনা নাই, যে কোন union territoryতে বা যে কোন একটা রাজ্যে সেটা প্রবর্তিত হয়েছে। তা ছাড়াও আমরা যদি দেখি, যেটা উনারা বলেছেন 23·/. সেখানে আছে These parts of country are very sparsely populated. Because of the terrain and the extremely difficult climate they will ever be so, inspite of the improvement in communications. Those who are acclimatised to the conditions in there areas only can stay there. The average heights range from 9,000 ft in the case of lahaul to 12,000 ft. in the care of spiti. It is in the interest of the nation that these parts continue to be inhabiated কাজেই এখানে দেখা যাচ্ছে It is in the interest of the nation that these parts continue to be inhabited. এই যে কথাটা রয়েছে সেখান থেকে আমরা বুঝবো যে এখানে যত লোক থাকা দরকার অথবা border areaতে যে কোন কারণে সংহতি রক্ষার জন্যে অথবা border রক্ষার কিংবা sovereignty রক্ষার জন্যে তা হতে পারে। সেইজন্যে সেখানে 23·/. হিসাবে 5th schedule ঘোষণা করা হয়েছে। তাছাড়া সেখানে কোন রকম survey পর্য্যন্ত নেই, কোন কোন জায়গায় মরুভূমির মত অবস্থা, গাছ পালা নেই। এবং গাছপালা করার জন্যে সমস্ত রকম ব্যবস্থা করা সত্ত্বেও, গাছ পালা হচ্ছে না। সেখানে এক এক জনকে প্রায় চার হাজার টাকা করে Loan দেওয়া হয়েছে গাছ পালা করার জন্যে কিন্তু তবুও inhabitant পাওয়া যাচ্ছে না। কাজেই এই অবস্থা সেখানে ৫ম্ তপশীল ঘোষণার

কি তাৎপর্য্য থাকতে পারে। না হলেও চলতো যেহেতু সেখানে বাসিন্দা কম। এবং সেখানে যে জলবায়ু সেটা অনেকে সহ্য করতে পারেনা। যেখানে বলা হয়েছে acclimatised to the conditions in these areas only can stay there. যারা এখানে Seasoned হয়ে গেছে অর্থাৎ যারা এখানকার climate সহ্য করতে পারে, তারাই সেখানে থাকতে পারবে, এখানে এমন একটা কথা আছে। কাজেই ৫ম তপশীল দ্বারা যে আমাদের খুব বেশী একটা উন্নতি হয়েছে, tribalদের উন্নতি হয়েছে, tribalদের যে Development হওয়ার সেগুলি আরও speedy হয়েছে সে কথা আমি স্বীকার করতে পারি না। তাছাড়া আজ ত্রিপুরাতে যদি 5th Schedule হয় তাহলে সেখানে কি দেখা যাবে? দেখা যাবে যে, যেসব areaতে recommendation দেওয়া হয়েছে 5th Schedule ঘোষণা করার জন্যে সে সমস্ত areaতে Fifth Schedule ঘোষণা করা হবে এবং সে সমস্ত areaতে ২০জন সদস্যকে নিয়ে একটা Council গঠন করা হবে। সেই Councilএর সদস্য হবেন, যারা বিধান সভার সদস্য তারা। যেহেতু কংগ্রেসের সদস্য সংখ্যাই বেশী কাজেই তারা সেখানে Council এর সদস্য হবেন। এবং কংগ্রেসের নীতি সেখানে প্রতিফলিত হবে। কাজেই এখানেও ঠিক একই সমস্যা থাকবে। Fifth Schedule হলে পরে আমরা মানে ত্রিপুরার যে ট্রাইবেল এই ট্রাইবেলদেরকে আধুনিক সভ্য জগতের যে লাইট আমরা দিচ্ছি সেই লাইট থেকে তাদের আমরা বঞ্চিত করব। যেমন আমরা বঞ্চিত করেছি unregistered deeds এর দ্বারা। আমি জানি যে Court এ আসলে তাদের যাতে নিজেদের টাকা খরচ না হয় এবং Communist Party থেকেই প্রথমে সে ব্যবস্থা করা হয়েছিল। তাদের যাতে পয়সা খরচ করতে না হয় সেজন্যই এই unregistered deeds গুলো করা হয়েছিল। কাজেই এই দিক থেকে আমি বলব যে, এইটা যদি কেউ করে থাকেন তাহলে Communist Partyই করেছেন। Communist Partyই বর্ত্তমানে যে ঝঞ্ঝাট সেটার সৃষ্টি করেছেন। বর্ত্তমানের যে দুর্যোগপূর্ণ, যে Competetive দুনিয়া, এই দুনিয়া থেকে বিচ্ছিন্ন করার জন্যেই, ট্রাইবেলদের বিচ্ছিন্ন করার জন্যেই এ সমস্ত করা হয়েছে। আমার মনে হয় যে এ সমস্ত দাবী বিশেষ করে রাজনীতি থেকে ট্রাইবেল সমস্যা সমাধানের দৃষ্টিভঙ্গীতে দেখা হয়েছে। আমি আগেই বলেছি যে, ট্রাইবেলদের rehabilitation বা তাদের developmentএর জন্যেই যদি হ'ত তাহলে হয়ত আমরা দেখতাম যে, এই ট্রাইবেল 1962-63 তে না উঠে হযত 1954তে সেটা অনায়াসে উঠতে পারত। কিন্তু তা উঠেনি। যেহেতু তখন, আমি আগেই বলেছিলাম যে বিধান সভাটা Communistদের দ্বারা পরিচালিত হবে এই ছিল একটা ধারণা। সেই ধারণার বশবর্ত্তী হয়ে আসামের সঙ্গে অন্তঃভুক্তি গ্রহণ করা হয়নি। সে সুপারিশ করা সত্বেও সেটা গ্রহণ করা হয়নি বিশেষ করে ট্রাই বেলদের স্বার্থের প্রতি দৃষ্টি না রেখে। তাহ'লে আমাদের যে প্রবলেম, সেই প্রবলেমটা কি? আমার মনে হয় মাননীয় সদস্য তা অবগত আছেন। কিন্তু রাজনৈতিক স্বার্থে তিনি তা বলছেন না। আমাদের যে অসুবিধা, ট্রাইবেলদের যে অসুবিধা তা হচ্ছে দাদন। দাদন একটা মস্তবড় অসুবিধা। দাদন বন্ধ করার জন্যে যদি আমরা Fifth Schedule দাবী করি সেটা আমি মনে করি সম্পূর্ণ ব্যর্থ হবে। যেহেতু দাদন প্রথা তখনও থাকবে। মহাজনদের কাছ থেকে তখনও ঠিক সেই ভাবেই ঋণ নেবে। হয়ত সেখানে সে রকম non-tribal মহাজন পাবেন না—কিন্তু সেখানে যে ট্রাইবেল তার কাছ থেকে টাকা নিতে হবেই। সেই টাকা নিয়েই আবার তারা ঋণগ্রস্ত হবে। এবং তারা আবার তাদের জমিজমা বিক্রি করতে বাধ্য হবে। সেখানে যারা দরিদ্র ট্রাইবেল তারা আরও দরিদ্র হবে। এবং যারা ধনি ট্রাইবেল তারা আরও ধনি হবে। সেই সব দরিদ্র ট্রাইবেলদের সব জমি জমা এভাবে চলে যাবে বড় বড় ট্রাইবেল জোতদারদের

হাতে। কাজেই সেইখানেও অবস্থা একই থাকছে। কোন রকম পরিবর্তন হচ্ছেনা সামাজিক অবস্থার। জমির উপর আবার চাষ বাড়বে। সেখানে বিয়ে সাদি হবে ছেলে পুলে হবে, জমি আবার ভাগ হবে ছেলেদের মধ্যে এবং সেই ভূমি সমস্যা আবার দেখা দেবে। আবার ভূমিহীন হয়ে পড়বে। কাজেই সেই সমস্যা সমাধান করার জন্যে যদি আমাদের Fifth Schedule দাবী করতে হয় তাহলে আমি সেই Fifth Schedule সমর্থন করি না।

এখন আমাদের ট্রাইবেলদের জমি রক্ষা করার জন্যে আমাদের Land Reformes Act এ ব্যবস্থা রয়েছে। সেই Act এর সুযোগ যদি আমরা নিতে না পারি, আমার মনে হয় তাহলে সেটা সরকারের দোষ নয়। আমি আগেই বলেছি যে, এইটা প্রথমতঃ সুত্রপাত হয় কমিউনিস্ট পার্টি থেকেই যাতে খরচা কমে। এখানে উকিল মোহবার যারা আছে তাদের যাতে টাকা দিতে না হয় তারই জন্যে এই ব্যবস্থা করা হয়েছিল। এবং সেই থেকেই আজকে unregistered deeds এর প্রচলন বিশেষভাবে বেড়ে গেছে এবং জমির বেনামী হস্তান্তর বেশী করে হচ্ছে। কাজেই আজকে এই সুযোগ যদি আমরা গ্রহণ করতে না পারি, 187 Clause এর সুযোগ যদি আমরা গ্রহণ করতে না পারি সেটা আমাদের দোষ। তার জন্যে আমরা বিধান সভায় বলেছি যে অন্যত্র কোথাও অভিযোগ করছি কিন্তু সেখানে যে একটা legal procedure রয়েছে সেই legal procedureএ আমরা হয়ত যাইনি যার জন্য আমরা সেটার ফল পাইনি। আমাদের দেখতে হবে আমরা যাতে 187 clauseএর সুযোগ নিতে পারি তার জন্যে আমাদের বিশেষ চেষ্টা করতে হবে। দ্বিতীয়তঃ আর একটি কথা হচ্ছে যে, কিভাবে, মহাজনের ও জোতদারদের হাত থেকে ট্রাইবেলদের রক্ষা করা যায় সে জন্যে আমাদের চেষ্টা করতে হবে। আমি মনে করি যে Fifth Schedule দ্বারা সেটা হবে না। আমরা যদি একটা Land Mortgage Bank, Financial Corporation বা একটী শক্তিশালী Co-operative করি এবং সময় মত তাদের আমরা যদি টাকা দিতে পারি তাহলেই এ সমস্যার সমাধান হবে—Fifth Schedule দ্বারা নয়। সেই জন্যেই আমি আজকে এই Fifth Schedule ঘোষণা করার জন্য যে resolution সেটাকে সমর্থন করতে পারি না। আমি আশা করি আমার এই বক্তৃতা শোনার পরে বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা তার এই resolution প্রত্যাহার করবেন।

Mr. Speaker :— I would call on Shri Radhika Ranjan Gupta.

শ্রী রাধিকা রঞ্জন গুপ্ত :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এখানে প্রস্তাব এনেছেন মাননীয় সদস্য অঘোর দেববর্ম্মা ও শ্রীবিদ্যা চন্দ্র দেববর্ম্মা ত্রিপুরায় পঞ্চম তপশিল চালু করার দাবীতে। আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই জন্য যে এই প্রস্তাব তার যে উদ্দেশ্য তার সে উদ্দেশ্য সম্পর্কে আমার সংশয় আছে, সন্দেহ আছে। যদি আদিবাসীর মঙ্গলের জন্য, তাদের উন্নতির জন্য কোন প্রস্তাব থাকতো বা তার অন্তর্নিহিত উদ্দেশ্য যদি তা হ'ত আমি তাকে সমর্থন করতাম। কিন্তু আমি জানি, আমি বিশ্বাস করি এর পেছনে আদিবাসীদের উন্নতির চেয়ে উদ্দেশ্য অন্য এবং সেই উদ্দেশ্য রাজনৈতিক। কারণ প্রজাতন্ত্রের আজকে ১৭ বৎসর এবং ত্রিপুরা বিধান সভার আজকে ষষ্ঠ বৎসর। সংবিধানে পঞ্চম তপশীলের ব্যবস্থা আছে এবং সেখানকার উদ্দেশ্য হল ভারতীয় প্রজাতন্ত্র তার সে গণতন্ত্র এবং প্রজাতন্ত্রের যে মৌলিক অধিকার ভারতবর্ষের প্রতিটি মানুষকে যে সুখী এবং সমৃদ্ধিশালী করে গড়ে তোলা এবং তার জন্য যে বিধি ব্যবস্থা তা সন্নিবিষ্ট আছে আমাদের সংবিধানে। আমরা

পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে ভারতবর্ষের জাতিকে গড়ে তোলার কাজে আমরা নিয়োজিত আছি। কাজেই দেখা গেল যে, স্বাধীনতা প্রাপ্তির পর বিশেষ করে ভারতবর্ষের তপশিল জাতি এবং উপজাতি, যারা দুর্বল, অনুন্নত, পিছিয়ে পড়া যদি তাদেরকে এক সমাজে গঠন করতে হয় তাহলে এদিকে বিশেষ দৃষ্টি আমাদের দিতে হবে। যারা অনুন্নত তাদের অন্যান্য উন্নত জাতির সমকক্ষ করে নিতে হবে। তারজন্য সংবিধানে কতগুলো বিশেষ ব্যবস্থা রাখা হয়েছে। সেগুলো আছে সংবিধানের article—

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয় এসেম্বলী চলাকালীন যদি এসেম্বলী সেক্রেটারী উপস্থিত না থাকেন তাহলে প্রসিডিংস ভ্যালিড কিনা ?

Mr. Speaker আমি এই পয়েন্টের :—(Dy. Speaker) রুলিং পরে দিচ্ছি।

শ্রীরাধিকা রঞ্জন গুপ্ত -- Arttcle 15, 16, 19, 332, 334, 330 এবং 339 এ কতগুলো বিশেষ ব্যবস্থা আছে যাতে করে অনুন্নত জাতি বিশেষ করে আদিবাসীদের উন্নতি দ্রুত করা যায়। সেই অনুসারে আমাদের কাজও চলছে। এখানে আর একটি ব্যবস্থা আছে পঞ্চম তপশিল। সেই পঞ্চম তপশিল সংবিধানের ২৪৪ ধারা অনুসারে ব্যবস্থা আছে। সে 'A' class state এবং 'B' class state এ পঞ্চম তপশিল রাষ্ট্রপতি ইচ্ছা করলে কতগুলো এলাকায় জারি করতে পারেন। কারণ ত্রিপুরা একটা Union Territory এবং সেখানে পঞ্চম তপশিলের যে মূল কথা তা হল regulatory power of the Governor এবং Tribal Advisory Council. যদিও আমাদের এখানে Union Terrritory ত্রিপুরা Part 'C' state কিন্তু 1956 সালে এখানে Tribal Advisory Council গঠিত হয়েছে এবং Tribal এর জমির উপর যে অধিকার সেই অধিকার সংরক্ষিত করার জন্য তারও আগে এখানে Tribalদের জমি non-tribal দের হাতে যাতে চলে যেতে না পারে তার জন্য আইন ছিল। Collector এর পারমিশন ছাড়া কোন জমি বিক্রি করা যেত না। তারপরে আমাদের ত্রিপুরায় যখন Land Revenue and Land Reforms Act পাশ হয়েছে Parliament দ্বারা সেই আইনের 187 ধারায় Tribalদের জমি যাতে non-tribalদের হাতে চলে না যায় এবং তাদের স্বার্থ, তাদের অধিকার যাতে সংরক্ষিত হতে পারে তার ব্যবস্থা সেখানে আছে। কিন্তু প্রজাতন্ত্রের ১৭ বৎসর পরে আজকে আমরা দেখেছি ত্রিপুরায় একটা নতুন দাবী যে পঞ্চম তপশীল চালু কর। অবশ্য নির্বাচনে আমরা দেখেছি যে ত্রিপুরায় যারা পঞ্চম তপশীল দাবী করতেন, যারা ট্রাইবেলদের নেতা যারা Tribal দের উপর অধিকার বিস্তার করেছিলেন তাদের সেই সরলতার সুযোগ নিয়ে তাদের বিভ্রান্ত করেছিলেন সুদীর্ঘ দিন যাবত। তারা নির্বাচনের আগেও দাবী এনেছিলেন তাদের পত্র-পত্রিকায় আমরা দেখেছি। তারপর resolution ও আমরা দেখেছি। কিন্তু সেই দাবী প্রকাশ্য ছিলনা। তারা বিশেষ করে আদিবাসী অঞ্চলে এই দাবী দিয়ে তারা সভা করেছেন, বক্তৃতা দিয়েছেন। কিন্তু যেখানে আদিবাসী নেই, বাঙ্গালী বা মণিপুরী সমাজ আছে সেখানে গিয়ে তারা ঐ দাবী তোলেননি। কারণ তাহলে ভোটের বাক্সে ফল অনুরূপ

হবে। এই বিবেচনাটী তারা করেন নি। কিন্তু নির্ব্বাচনে আমরা দেখেছি, যদিও ত্রিপুরার পাহাড় অঞ্চলে, বিশেষ করে আদিবাসী এলাকায় পঞ্চম তপশীলের দাবীতে তারা তাদের নির্ব্বাচন অভিযান পরিচালনা করেছেন তবুও ত্রিপুরার আদিবাসী জনতার ৩ লক্ষ ৬২ হাজার আদিবাসীর অধিকাংশই তাদের সেই দাবীকে প্রত্যাখ্যান করেছেন, পঞ্চম তপশীলের দাবী প্রত্যাহৃত হয়েছে। তার ফল আমরা দেখেছি নির্ব্বাচনের ফলাফলে। কারণ সেই সংবিধানের ব্যবস্থা অনুযায়ী আদিবাসীদের দাবী সংরক্ষণের ব্যবস্থা অনুযায়ী ত্রিপুরা বিধান সভার ৩০টী আসনের মধ্যে ৯টী আসন আদিবাসীদের জন্য সংরক্ষিত ছিল। সেই ৯টি আসনের মধ্যে কংগ্রেস জয়লাভ করেছে ৬টী আসনে। এব দ্বারাই প্রমাণিত হয় যে পঞ্চম তপশীলের দাবী ত্রিপুরার আদিবাসী জনতা কর্তৃক প্রত্যাখ্যাত হয়েছে। কিন্তু তাতেও তারা থামেন নি। নির্ব্বাচনেব ফল তাদের হতাশ করেছে। তার ফলে আজকে তাবা একটী সাম্প্রাদায়িক শ্লোগান আনতে চেষ্টা করেছেন সর্ব্বত্র এবং তারা দেখছেন যে বৃহত্তর ত্রিপুরায় আজকে নেতত্ব করা অসম্ভব। এমতবস্থায় ত্রিপুরার সেই আদিবাসীদের যদি seperate করা যায়, যদি বিভেদ সৃষ্টি করা যায়, তাহলে তাদের সরলতা তাদের দারিদ্রের সুযোগ নিয়ে হয়ত বা কিছুদিন নেতত্ব করা যাবে। তাবা বলেছেন ধেবর কমিশনের কথা। আমি বলছি ধেবর কমিশন যখন আসেন তখন ত্রিপুরার চিফ্ কমিশনার একটী suggestion রেখেছিলেন মাত্র। সেই suggestion ধেবর কমিশন গ্রহণ করেছেন এইটুকু বলা ভুল। কিন্তু তারা যে শ্লোগান এনেছেন বা যে বক্তব্য তারা রাখছেন তা ধেবর কমিশনের কথা নয়। এটা ত্রিপুরাব চিফ্ কমিশনারে কথা। চিফ্ কমিশনার বলেছিলেন—" At present there is no Scheduled Area in this Territory. The Chief Commissioner has suggested that the areas of Kanchanpur, Chamanu, Amarpur and Teliamura Blocks and some of the areas under Sadar Belonia and Sabroom Sub-Divisions, which are Contiguous to Amarpur and Teliamura Blocks and have preponderance of tribal population, may be deelared scheduled Areas. Alternatevely the tribal areas stated above should be grouped under Tribal Development Block so that the bulk of the tribal population is brought under intensive development programme. Page-484. কিন্তু কমিশন তার যে রিকমেণ্ডেশন রেখেছেন সেখানে বলেছেন "In view of the changes that have takan place since the inception of the constitution, we feel that it is no longer necessary to pursue the question whether a tribal area should be declared Scheduled or a Scheduled area should be descheduled. The fifth Schedule was conceived as a temporary expedient and its objections can be achieved by our alternative approach" এই হল কমিশনারের recommendation. কাজেই কমিশনে তাদের বিষয়বস্তু ছিল, reference ছিল যে আদিবাসীদের সুযোগ সুবিধার জন্য Constitutionএ ব্যবস্থা রাখা হয়েছে ১০ বৎসরের জন্য

পরবর্তীকালে তাহা extended করা হয়েছে, কাজেই মুল উদ্দেশ্য হল যে আদিবাসীদের দ্রুত উন্নতির পথে এগিয়ে নিয়ে অন্যান্য উন্নত যে যে জাতি আছে তাদের সমকক্ষ করতে পারি এবং সেই উদ্দেশ্যে 5th Scheduleএ ব্যবস্থা আছে। অবশ্য সেটা A এবং B class state এ প্রযোজ্য। আমরা Union Territory, সরাসরি আমরা কেন্দ্রীয় সরকারের কর্তৃত্বাধীনে আছি এবং এইখানে বিধান সভা প্রবর্ত্তিত হওয়ার আগে পর্যন্ত এখানে কেন্দ্রীয় সরকারের কর্তৃত্বেই এখানে চিফ্ কমিশনারের শাসনাধীন ছিল। আমি বলছি যে ধেবর কমিশন হওয়ার আগে, এখানে 5th Schedule এবং মুল কথায় Tribal Advisory Board গঠিত হয়েছিল এবং তাদের জানার উপর যে বিশেষ অধিকার বা তা সংরক্ষণে যে অধিকার সেই ব্যবস্থাও আগেই হয়েছিল। তবুও আমরা জানি যে আদিবাসীদের উন্নতির জন্য দ্রুত আমাদের আরও অনেক কিছু করতে হবে। কিন্তু সর্ব্বোপরি আমাদের দেখতে হবে ত্রিপুরার সংহতি, ত্রিপুরার ঐক্য। কারণ শুধু Tribal হলেই তাদের জন্য Schedule করতে হবে এ রকম কিছু Constitution-এ নেই বা ধেবর কমিশনও এ রকম কথা বলেন নি। সেখানে দেখতে হবে তাদের যে Culture ধর্ম এবং সেখানকার ভৌগলিক অবস্থা এবং তাদের অর্থনৈতিক অবস্থা, এই চারটি অবস্থা বিবেচনা করেই 5th Sch. প্রযোজ্য করতে হবে। আমরা ধর্মের দিক দিয়ে, সংস্কৃতির দিক দিয়ে ভৌগলিক অবস্থার দিক দিয়ে যদি দেখি তা'হলে আমরা দেখব ত্রিপুরার আদিবাসী, বাঙ্গালী বা অন্যান্য সমাজের লোক ভাই বন্ধুর মত সুদীর্ঘ বৎসর ধরে পাশাপাশি বাস করছেন। সুতরাং এমতবস্থায় আমাদের যে ঐক্য, আমাদের এই যে সংহতি তার মূলে এই প্রস্তাব আঘাত হানতে পারে এই বিবেচনা করে আমি এই প্রস্তাবের তীব্র বিরোধীতা করছি এবং প্রস্তাবককে অনুরোধ করছি তিনি যেন ত্রিপুরার সংহতি এবং ঐক্যের খাতিরে তার প্রস্তাব প্রত্যাহার করেন।

Mr. Speaker :—অঘোরবাবু যে Point of order raise করেছিলেন তার পরিপ্রেক্ষিতে আমি Ruling দিচ্ছি। Neither in Union Territory Act 1963 nor in Rules of Procedure & Conduct of Business of Tripura Legislative Assembly there is a provision that the Secretary should remain present in the House and assist the chair whenever he requires. I find no reason that the Secretary should always be in the House, of course, when Speaker will need he will remain here. He has other works to do during session period. Now I call on Hon'ble member Sir Abhiram Deb Barma.

Shri Abhiram Deb Barma :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় এই Houseএর সামনে মাননীয় সদস্য শ্রীঅঘোর বাবু এবং শ্রীবিদ্যা দেববর্মা যে প্রস্তাব রেখেছেন যে ত্রিপুরার 5th Schedule area ঘোষণা করা হউক আমি সেই প্রস্তাবের সমর্থনে দুই একটি কথা Houseএর সামনে রাখব। এই প্রস্তাব আজকে ত্রিপুরার ক্ষেত্রে, ত্রিপুরার সামগ্রিক উন্নতির

জন্য এসেছে। সেটা যদি একটু আমরা অতীতের দিকে তলিয়ে দেখি তাহলে পরে আমরা দেখব এই ত্রিপুরায় এক সময়ে উপজাতীরা সংখ্যায় গরিষ্ঠ ছিলেন। কিন্তু ১৯৪৭ সালের পরে এই ত্রিপুরায় পাকিস্তান থেকে অসংখ্য উদ্বাস্তুর আগমনের ফলে আজকে তারা সংখ্যা গরিষ্ঠতা হারিয়ে সংখ্যা লঘিষ্ঠ পরিণত হয়েছে। সংখ্যা লঘিষ্ঠ পরিণত হওয়ার সঙ্গে সঙ্গে আজকে তাদের অর্থনৈতিক ও সামাজিক সম্বন্ধক্ষেত্রে একটা সঙ্কট সৃষ্টি হয়েছে। যে সমস্ত উদ্বাস্তু ত্রিপুরায় এসেছেন বাঁচার জন্য চৌদ্দ পুরুষের ভিটে মাটি ছেড়ে আজকে তারাও বাঁচতে চায়, বাঁচাব তাদেরও তাগিদ আছে। কিন্তু প্রথমেই দেখতে হবে ত্রিপুরাতে তাদের বাঁচার মত জমি ছাড়া বিকল্প আর কিছু আছে কি না। ত্রিপুরাতে ২০ বৎসর কংগ্রেসী শাসনের পরে আজকেও সেই অবস্থা হয়ে উঠেনি। তাই তাদের প্রথমে নজর পড়েছে উপজাতীদের যে সমস্ত জমি আছে তার উপরে। আজকে আমরা একথা নূতন ভাবে উথাপন করিনি। ১৯৫৫ সালে তপশীলি উপজাতীয় কমিশনার শ্রী এল, এম, শ্রীকান্ত যে স্মারকলিপি দিয়েছেন, তাব মধ্যে উপজাতী ও তপশীলিদের বাঁচার মত ত্রিপুরাতে একটা ব্যবস্থা করা দরকার। এখানে মাননীয় সদস্য মনোমোহনবাবু বলেছেন যে ত্রিপুরা যখন ১৯৫৩ সালে আসামের সংগে অন্তর্ভূক্ত করতে চাওয়া হয়েছিল, তখন বিশেষ করে এই কমিউনিষ্ট পার্টি তার বিরোধীতা করেছিল। আমি এই প্রসঙ্গে বলব যে প্রায় ১॥ হাজার বছরের ত্রিপুরার সেই ঐতিহ্যময় ঐতিহাসিক গৌরবকে আসামের সঙ্গে সংযুক্তি করা সম্ভব নয়। ত্রিপুরার ঐ ১॥ হাজার বছরের একটি ইতিহাস আছে, তার গৌরব আছে, তার সব কিছুই আছে। ঠিক ঐ সময়ে ও আজকে একথা উঠেছিল যে ত্রিপুরার সেই দেড় হাজার বছরের ইতিহাসকে আসামের সঙ্গে সংযুক্ত করে, তা বিলীন করা-সম্ভবপর হবে না।

সেইদিন জাতি, উপজাতি, সমস্ত শ্রেণীর সমর্থন ছিল ত্রিপুরায় আসাম অন্তর্ভূক্তির বিরুদ্ধে। কাজেই সেদিন ত্রিপুরাকে আসামের অন্তর্ভূক্তি করতে পারেনি। কাজেই আসামের অন্তর্ভূক্ত হলেই যে ত্রিপুরায় ৫ম তপশীলের কথা উঠতো বা উঠতো না সেই কথা তিনি পরিস্কারভাবে বলতে পারেন নাই। আসামেও ৫ম তপশীলের প্রশ্ন আছে। কাজেই আসামের অন্তর্ভূক্ত হলেই যে ত্রিপুরায় ৫ম তপশীলের কথা উঠতো না এই কথা বলা যায় না। কারণ যত দিন যাচ্ছে ততই সমস্যা বাড়ছে এবং ত্রিপুরায় লোকসংখ্যাও দিন দিনই বাড়ছে। ত্রিপুরায় উপজাতীবা আজকে শিক্ষায়-দীক্ষায়, চিন্তায়-চেতনায় অনগ্রসর। কাজেই এই জনসংখ্যা বৃদ্ধির সঙ্কটে পড়ে তারা আজকে সামাজিক ও অর্থনৈতিক সঙ্কটের মুখেও এসে পড়েছে। কাজেই এই অবস্থায় ত্রিপুরার ৫ম তপশীল চালু না করলে উপজাতীদের স্বার্থ রক্ষিত হবে না এবং উপজাতীরা ধ্বংস হয়ে যাবে। উপজাতীরা ধ্বংস হয়ে গেলে ত্রিপুরার সামগ্রিক উন্নতি সম্ভব নয়। কারণ একটা জাতিকে অবহেলিত অবস্থায় রেখে কখনও দেশের সামগ্রিক উন্নতি সম্ভব নয়। কাজেই আজকে এই ৫ম তপশীল নূতন করে আসে নি। মাননীয় সদস্য রাধিকা বাবু বলেছেন যে, এই তপশীলে নির্বাচনের আগে ছাড়া অন্য কোন সময়ে আসে নি। কিন্তু আমি বলব এই ৫ম তপশীলের দাবী এসেছিল ১৯৬২ সাল থেকেই, ঐ সালে তৎকালীন প্রধান মন্ত্রী শ্রীনেহরুর সময়ে এই তপশীল উপজাতীয়দের স্বার্থরক্ষার জন্য স্মারকলিপি পাঠানো হয়েছিল। তখন

দিল্লীর পার্লামেন্টেও এই সম্পর্কে আলোচনা হয়েছিল এবং আমাদের তৎকালীন চীফ কমিশনার ভি, নানজাপ্পা উপস্থিত ছিলেন। কাজেই উনি যে কি করে এখানে বললেন তা আমি বুঝতে পারছি না। আজকে আমরা যদি ত্রিপুরার উপজাতীয়দের অবস্থা প্রত্যক্ষ করতে চাই, তাহলে আগরতলা থেকে চম্পকনগর পর্য্যন্ত এই এলাকার রাস্তার দুই পাশে উপজাতীয় লোকদের কোন বসতি দেখতে পাওয়া যাবে না। তাদের কোন জমিজমাও দেখতে পাওয়া যাবে না, তাদের যা কিছু ছিল সবই হস্তান্তরিত হয়ে গেছে। কয়েক বছর আগেও ঐসব এলাকার উপজাতীয়রা বসবাস করত, তাদের জমিজমা ছিল এবং চাষাবাদ করে তাদের জীবিকা নির্ব্বাহ করত, কিন্তু এখন আর তাদেরকে সেখানে দেখতে পাওয়া যায় না। আর যদি এখন পর্য্যন্ত কিছু আছে তার সংখ্যা খুব নগণ্য। আর মাননীয় সদস্য দেওয়ানজী মহাশয় বলেছেন যে, আদিবাসীদের জন্য নানা জায়গায় কলোনী করা হয়েছে, যেখানে হাজার হাজার টাকা খরচ করে উপজাতীদের জুমিয়া পুনর্ব্বাসন দেওয়ার জন্য ঐসব কলোনী করা হয়েছিল। কিন্তু ঐসব কলোনীতে উপজাতির লোকেরা থাকতে পারেনি কেন সে কথার কিছুইত উনি উল্লেখ করেননি। শুধু উল্লেখ করেছেন মেন্দি কলোনীর কথা—সেখানে হয়তো বা ২।৪ জন আদিবাসী থাকতে পারেন, তবে খুব বেশী আছে বলে আমি মনে করি না। কারণ ত্রিপুরার বিভিন্ন জায়গায় যে সমস্ত আদিবাসী কলোনী গড়ে উঠেছে এবং গড়তে চাওয়া হয়েছে তার কোনটী আজকে টিকে নাই। কেন টিকে নাই? কারণ তাদের অর্থনৈতিক পুনর্ব্বাসন হয়নি। শুধু ৫০০ টাকা সাহায্য দিলেই আর্থিক পুনর্ব্বাসন হয় না, তারা যদি সময়মত জমি আবাদ না করতে পারে, বলদ কেনার টাকা না পায়, বীজ ধান না পায়, তাহলে তারা কি ঐ কলোনীতে বসে বসে ঘাস খাবে না মাটী খাবে? একথা অবশ্যই চিন্তা করা উচিত ছিল, কিন্তু তা চিন্তা করা হয়নি। তিনি সমগ্র উপজাতীদের কথা চিন্তা না করে শুধু নিজের উপজাতীদের কথা ও নিজের স্বার্থের কথা চিন্তা করে বিভিন্ন জাতির মধ্যে সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়াবার চেষ্টা করেছেন। ভারত স্বাধীনতার পর গত বিশ বছর ধরে এই ৫ম তপশীলের কথা বার বার উঠেছে আর এই ৫ম তপশীলির দাবীতে আমরা কোনদিন বাঙ্গালী ও পাহাড়ীয়াদের মধ্যে কোনপ্রকার ঝগড়া-বিবাদ করতে কখনও দেখিনি। বাঙ্গালীকে ত্রিপুরা ছেড়ে পাকিস্তানে চলে যেতেও দেখিনি। এমন কোন নজীরও তিনি দেখাতে পারেননি। তিনি শুধু রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য কমিউনিষ্টদের উপর দোষারোপ করে এবং ৫ম তপশীলের অপব্যাখ্যা করে সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়াচ্ছেন। কিন্তু আমাদের কথা হ'ল এখানে সাম্প্রদায়িকতা নয়, একটা ধ্বংস প্রায় উপজাতিকে রক্ষা করার কথা এবং তাদেরকে অন্যান্য সাম্প্রদায়ের সমপর্য্যায়ে আনার কথা। অর্থাৎ তাদেরকে বাঁচার মত ব্যবস্থা করে দেওয়ার কথা। আমরা যদি সামগ্রিকভাবে ত্রিপুরার উন্নতির কথা চিন্তা করি, ত্রিপুরার বাঙ্গালী-অবাঙ্গালী সকল মানুষকে যদি বাঁচাবার সুযোগ দেওয়া যায়, তাহলে যারা অনুন্নত, যারা শিক্ষায়-দীক্ষায়, জ্ঞান-গরীমায় সর্বাদিক দিয়ে পশ্চাৎপদ তাদেরকে সুবিধা দেওয়ার যে কথা, তা সবাইকে চিন্তা করতে হবে। যা সংবিধানে স্বীকৃত আছে, এই ৫ম তপশীল সংবিধান বিরোধী কিছু নয়। সংবিধানে বলা আছে যে, ত্রিপুরাতে রাষ্ট্রপতির অনুমোদন সাপক্ষে ৫ম তপশীল চালু করা যেতে পারে, সেইজন্য আমাদের এই যে পবিত্র

বিধানসভা তাতেও একথাটা বিচার বিবেচনা করে দেখতে হবে। আমরা বলছি যে, ত্রিপুরাতে এই ৫ম তপশীল কোন তপশীল ভিত্তিক না করে গ্রামভিত্তিক হওয়া দরকার। এই গ্রামগুলি আরম্ভ করা হউক যেখানে পাহাড়ী অধ্যুষিত অঞ্চল, যেখানে পাহাড়ীরা বেশী সংখ্যক বাস করে সেই সমস্ত গ্রামগুলিতে ৫ম তপশীলের area স্থির করে দেওয়া হউক। কারণ এই ৫ম তপশীল হলে পরে কেউ স্বর্গরাজ্যে বাস করবে এমন কথা কেউ বলে না। কিন্তু ৫ম তপশীল হলে পরে এই যে তাদেব জমি দিনেব পর দিন হস্তান্তব হয়ে যাচ্ছে অন্য সম্প্রদায়ের হাতে তা অন্ততঃ রোধ কবা যাবে। আজকে তাদেরে যদি জমিতে বসবাস কবার কত সুযোগ সুবিধা করে দেওয়া যায় এবং তাদের জমি হস্তান্তবেব পথ রুদ্ধ কবে দেওয়া যায় তবেই এই জাতিকে রক্ষা করা সম্ভব। মাননীয় সদস্য শ্রীঘনশ্যাম দেওযানজী বলেছেন, লংথ্রইয়ের কথা, যেখানে শ্বাপদ সংকুল অরণ্যের কন্দরে কন্দরে যে জাতিগুলিকে দেখা যায়, সেই লংথ ই ও আঠারমুড়া পাহাড়ে যেখানে রিয়াং, মগ, চাকমা প্রভৃতি উপজাতয়াঁরা বাস করছে। তাদের আজকে অবস্থাটা কি? তারা কি সত্যিই এই বিশ বৎসর কংগ্রেসী শাসনেব কল্যাণ, এই দেওয়ান বাবুদের সভা কি তাদের বাঁচার মত কোন ব্যবস্থা করে দিতে পেরেছেন? আজকে আমরা যদি সারা ত্রিপুরা রাজ্যের উপজাতীদের অবস্থা দেখি তাহলে দেখতে পাই যে, তাদের মুখে ভাত নেই, তাদের বাঁচার কোন সংস্থান নেই। তাদেরে বাঁচাবার মত কোন পবিকল্পনা ত্রিপুরা সরকার বিশ বৎসরের মধ্যে গ্রহণ করেনি T. D. Block এর কথা উঠে আজকে। T. D. Block গুলি দেখুন। অমরপুর তো আর বেশী দূর নয়, যেখানে বলং বাসে T, D, Block আছে সেখানে বাত্রে T. D. Block area গুলিতে ঘুরে দেখলে কি দেখব আমারা, দুপায়ে হাটার মত একটা রাস্তাও আজকে সেখানে গড়ে উঠে নাই। যে সমস্ত জুমিয়া সেখানে আছে তাদের জমি reclamation করে চাষ কবার মত সামান্য অর্থও তাদের দেওয়া হয় নাই। অথচ সেখানকার T. D Block সেখানকার অধিবাসীদের সামগ্রিক উন্নতি কবার একটা অঙ্গ, এর বেশী বলার মত কোন অর্থ হয় না। কাজেই বাস্তব অবস্থার দিকে লক্ষ্য রেখে, বাস্তব অবস্থা যাচাই করে আজকে যে প্রস্তাবটা এখানে এসেছে তাকে আমাদের সকলেরই সমর্থন কবা দবকার। কারণ এটা কোন সাম্প্রদায়িকতার জন্য নয় ত্রিপুরার উন্নতির ক্ষেত্রে আঘাত সৃষ্টির জন্য নয়। ত্রিপুরাকে সর্ব্বদিকে সামগ্রিক ভাবে উন্নতির ক্ষেত্রে এই প্রস্তাবটী আজ প্রয়োজন। এই পঞ্চম তপশীল সৃষ্টী হলে হিন্দুস্থান-পাকিস্থান সৃষ্টি হওয়ার কোন সম্ভাবনা ও নাই। যিনি প্রস্তাবক তিনি বলেছেন যে ভারতবর্ষে ৮টী প্রদেশে এই ধারা চালু আছে এবং সেখানে তো কোন উপজাতি ও অনুপজাতির মধ্যে কোনও বিরোধ বা দাঙ্গা সৃষ্টি হয় নাই। ত্রিপুরাতেই বা কেন আমরা এ আশঙ্কা করব? ৫ম তপশীল অনুসারে ঘোষনা করে যে সুযোগ সুবিধাগুলি আদিবাসীরা সেখানে পাচ্ছে এখানে সেগুলি দেওয়া দরকার। এখানে তাদের বাঁচার একটা ব্যবস্থা করা দরকার। এই প্রস্তাবের সমর্থনে বেশী কিছু বলা আমি প্রয়োজন মনে করি না। বাস্তবের দিকে লক্ষ্য রেখে এবং বাস্তবটাকে রূপ দেওয়ার জন্য সর্ব্ব সর্ব্বসম্মতিক্রমে এই প্রস্তাবটাকে সমর্থন করা উচিত। আমি এই

বেশী কিছু বলতে চাই না, কারণ, এই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ। ত্রিপুরার উপজাতিদের বাঁচার জন্য এটিকে রক্ষা কবচ হিসাবে ব্যবহার করা উচিত। সুতরাং এই গুরুত্বপূর্ণ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করে উপজাতিদের বাঁচার সুযোগ যাতে দেওয়া যায় তরে জন্য আমি সমস্ত সদস্যদের অনুরোধ করব। তাঁরা যেন এই প্রস্তাব সমর্থন করেন। তাই এই প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: – Now I call on the Hon'b'e Minister T. M. Das Gupta.

শ্রীতড়িৎ মোহন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার মহোদয়, যে প্রস্তাবটী এখানে এসেছে, এর আগে আমার বন্ধুবর শ্রীপ্রমোদ দাশগুপ্ত মহাশয়, মনমোহন দেববর্ম্মা মহাশয় ও দেওয়ানজী অত্যন্ত প্রাঞ্জল করে যে বিষয়গুলি বলছেন তারপর আলোচনার দিক থেকে বিশেষ কিছু বলার থাকেনা, তাহলেও কয়েকটা জিনিষের উপর আমি দৃষ্টি রাখব। জিনিষটা যদি সমস্যা সমাধানের উপায় হত তাহলে তার বিষয় ভাবা যেত। আজকে মুলগত সমস্যা যেখান থেকে তারা এনেছেন সেটা হচ্ছে জমি হস্তান্তর ক্ষেত্রে এবং বেআইনী কোন দলিল না করে Unregistered দলিল করে জমি হস্তান্তর। মোটামুটি যদি বলা যায় সেটা একটা মুল কথার একটা অঙ্গ। সেটার যদি সমস্যার সমাধান করতে হয়, তাহলে ৫ম তপশীল হলে এ জিনিষটার ঠিক সমাধান হয়না। কেউ যদি তার জমি দিয়ে যায় আরেকজন তাহলে ৫ম তপশীল মতে দেবেনা এই কথা বলছেন? আবার বলা হয়েছে যে ৫ম তপশীলের অর্থ এই নয় যে সেই অঞ্চল থেকে বাঙ্গালী চলে যাবে। বাঙ্গালীরা ও থাকবে তারাও থাকবে তখন যদি ঠিক এই অবস্থাই থাকে তাহলে ৫ম তপশীল করার পরেও, বা রিজার্ভ এরিয়া ডিক্লেয়ার করার পরেও ৫ম তপশীলের অন্তর্ভুক্ত থেকে অবস্থার কি কি বৈলক্ষন্য হল, তিনি বলছেন লোকজন কেউ যাবেনা—বাঙ্গালী ও থাকবে ট্রাইবেলরাও থাকবে—এবং সেটা ট্রাইবেল এলাকা রিজার্ভ করা হল। তাহলে যদি কেউ দলিল না করে তাহলে তার এটা বন্ধ হবে কি করে। কাজেই যে সমস্যার সমাধানের কথা বলা হয়—সমস্যার সমাধান এজায়গায় নয়। সমস্যার সমাধানের জন্যে বাস্তব পথ দেখতে হবে। কাজেই সামাজিক দৃষ্টিভঙ্গি নিতে হ'বে এবং তার জন্যে যে আন্দোলন, বা সামাজিক কাজ করা দরকার বা যেভাবে সামাজিক মনকে ঠিক ঠিক গড়ে তোলা দরকার তারজন্যে প্রস্তুতি নিতে হবে, এবং সরকারও কি করতে পারে তারজন্য তা দেখতে হবে। কাজেই সেদিক দিয়ে দেখলে দেখা যাবে যে আসলে উদ্দেশ্যটা সেটা নয়, আসল উদ্দেশ্যটা রাজনৈতিক। রাজনৈতিক কিজন্য বলছি—আজকে যে ভাবে এটাকে বলা হচ্ছে ত্রিপুরার জন্য আদিবাসীর স্বার্থ রক্ষিত হোক তার জন্য বরাবরই বলা হচ্ছে। কংগ্রেসের পক্ষ থেকেও বলা হচ্ছে এবং কংগ্রেস তার দৃষ্টিভঙ্গি দিয়ে এই সমস্যার সমাধান করছে। আজকে যারা

বলছেন যে ত্রিপুরায় এই ৫ম সিডিউল না হলে পর ৫ম সিডিউলের মধ্যে যারা সমস্যার সমাধান দেখতে পেয়েছেন তারা এর আগে কখনও বলেননি এবং বিশেষ করে আমি কমিউনিষ্ট পার্টির কথাই বলব তাঁরা রাজনৈতিক দিকটার কথাই বলুন—যে এই আন্দোলনের পেছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য আছে। সেটা হচ্ছে এই, যেটা আমার বন্ধু মনমোহনবাবু বলেছেন। যখন ত্রিপুরার আসাম ভুক্তির কথা হয়, তখন তারা তার বিরোধিতা করেছেন। এইজন্যে যে ত্রিপুরাতে Assembly হবে এবং Assemblyর মাধ্যমে কাজ করবেন—কারা না Communist party কাজ করবে কারণ Communist partyর এই আত্মবিশ্বাস ছিল যে ত্রিপুরাতে যেদিন Assembly হবে সেই Assemblyতে আমরা প্রাধান্য লাভ করব। তারপরেই যখন দেখা গেছে যে ত্রিপুরাতে Assembly হয়েছে এবং Communist Party তাতে প্রাধান্য পায়নি তখন তাদের অস্তিত্বকে রক্ষা করার জন্যে তাদের আর একটা প্রয়োজন হ'ল। সেই জন্যই আমরা প্রথমে দেখি—এই যে মুল প্রস্তাব ৫ম সিডিউলের যে প্রস্তাব—অন্ততঃ আমাদের চোখে পড়েনি যে প্রথম করে যে ত্রিপুরার অভ্যন্তরে ত্রিপুরায় আদিবাসীদের কোন সংহতি দ্বারা এই প্রস্তাব প্রথম পাস করা হয়েছে। আমাদের কাছে যখন তা প্রকাশ হয়ে পড়ল, তখন দেখলাম মাদ্রাজের কাছে Communist Partyর যে Conference হল, সেই Conference এর মধ্যে তারা দাবী করলেন যে ত্রিপুরার আদিবাসীদের স্বার্থ রক্ষা করার জন্যে ৫ম তপশিল হওয়া দরকার এবং তারপর থেকেই ত্রিপুরায় ৫ম তপশিলের এই যে আন্দোলনের ধারা সেটা যদি দেখতে যান তবে দেখবেন যে সেটার মুখ্য উদ্দেশ্য ত্রিপুরার আদিবাসীদের স্বার্থের জন্য নয়, ত্রিপুরার তখনকার যে Communist Party সেই partyর স্বার্থ রক্ষার উদ্দেশ্যই হল বেশী। তাদের যে মুলগত বুনিয়াদ সেটা যদি আদিবাসীদের মধ্যে রাখতে হয় তা হলে তাদের মধ্যে একটা বিভেদ বা এমন একটা চিন্তাধারা তাদের মধ্যে ঢুকিয়ে দিতে হবে যে আমরা একাই তোমাদের জন্য সব কিছু করছি, কংগ্রেস সরকার তোমাদের জন্য যাহা করছে তাহা ভাল নয়। এই মতবাদ জিয়াইয়া রাখার জন্য এবং যতদিন না এই আন্দোলন সফল হবে ততদিন তোমরা আমাদের পিছনে পিছনে ঘুরবে। ততদিন পর্য্যন্ত তোমাদের পুনর্ব্বাসন উন্নতি ইত্যাদি কিছুরই দরকার নাই, কারণ এর Communism মূলগত কথাই হল Karl Marx theory, মানুষ যদি দরিদ্র হয় তাহলে তাকে দরিদ্রতম কর,তার যদি কিছু থাকে তা হলে তা থেকে তাকে বঞ্চিত কর, যত তাকে বঞ্চিত করবে সে তত তোমার পিছনে পিছনে ঘুরবে। কাজেই আজকে ত্রিপুরা রাজ্যে আদিবাসীদের উন্নতির জন্য যে সমস্ত বাধা বিপত্তি আসছে তার কারণ হল রাজনৈতিক দলগুলি পিছন থেকে উস্কানী দিচ্ছে। আজকে যারা এইকথা বললেন তার মধ্যে ধেবর কমিশনের কথা বলা হয়েছে যদিও ধেবর কমিশনের মুল লক্ষ্য তা নয়। ধেবর কমিশন আর এক জায়গায় বলেছে যে আজকে এটা ত্রিপুরা রাজ্যে করতে হলে এখানে Cooperative financial Corporation করার একটা প্রয়োজন আছে, কিন্তু কোথায় আজ পর্য্যন্ত আমরা Communist Partyর তরপ থেকে শুনি নাই যে এটা কেন করা হয় নাই। তারা হয়ত অভিযোগ করতে পারে সরকার করছে না কেন। দেখা যাচ্ছে যে জনসাধারণ যতক্ষণ পর্য্যন্ত না একটা আন্দোলনের পিছনে তার মনটা তৈরী করতে পারে ততক্ষণ পর্য্যন্ত সেই জিনিষগুলি কার্য্যকরী

হয় না। কিন্তু আমরা এইটা দেখছি না যে এই যে একটা রচনাত্মক ভিত এইটি যে করা হচ্ছেনা তার জন্য কোন রকম একটা চাপ সৃষ্টি হতে পারে, কারণ এটাও একটা রচনাত্মক ভিত। আজকে দিনের যে Cooperative বা পরিকল্পনার যে ধারা সেই রচনাত্মক দিকে যদি মন যায় তা হলে আন্দোলনের ধারা অব্যাহত থাকবে না। কাজেই যেটা রচনাত্মক সেটার দিকে নয়। আজকে এই সমস্যার যদি সমাধান করতে হয় তাহলে তার যে Constru ction Side, যেটা এমন একটা ভিত যাহা প্রত্যেক মানুষেই বলবে এবং আজকে Constitution এও আছে যে সমাজে যারা নিম্নতম, যারা অর্থনৈতিক দিক দিয়ে অনগ্রসর তাদের উন্নতি কি করে করা যায়, সেটাই হচ্ছে মুল লক্ষ্য। সেই মুল লক্ষের জন্য যখন যা দরকার তখন তার ব্যবস্থা করা হয় এবং তার উপরই ধেবর কমিশন ও তার বক্তব্য রেখেছেন।

আজকে যদি আদিবাসীদের বিশেষতম সে সমস্যা আজকে কোন বকম কাগজ পত্র না করে যদি দখল হয় তা হলে তাহা কি করে বন্ধ করা যায়, তারজন্য স্থায়ী বা কার্য্যকরী সমাধান আনা উচিৎ। Land Act এর যে কথা বলা হযেছে যে D. M এর permission ছাড়া হবেনা আজকে যদি এটা অনুসৃত হয় যে D. M এই যে একটা Discretionary power সেটা কোন ক্ষেত্রে প্রয়োগ করা উচিত নয় এবং এই রকম কোন প্রস্তাব যদি Ministry র কাছে আসে তবে তাহা বিবেচনা করা হবে। Tribal Welfare Dept. তা বিবেচনা করে D. M. কে বলতে পারে যে কোন ক্ষেত্রে এই Disrectionary power ব্যবহার করা হবে না। কিন্তু সমস্যার সমাধানের দিকে যাওয়া হচ্ছে না তার alternate হিসাবে সেখানে হচ্ছে কম তপশীলি কেন? সেটা করা হচ্ছে কমিউনিষ্ট পার্টির মুল কমিটি থেকে। এটা একটা হিংসা বা রাজনৈতিক বিদ্বেষ ছাড়া আর কিছুই নয়। আমার বন্ধুবর অভিরাম দেববর্ম্মা বলেছেন কেন আসামে দেওয়া হয় নি—উনি বলেছিলেন যে ত্রিপুরার দের হাজার বছরের ঐতিহ্য আছে। তাই ত্রিপুরার দের হাজার বছরের যে ঐতিহ্য আছে তাকে রক্ষা করার জন্য প্রত্যেকেরই দায়িত্ব আছে। সেই ঐতিহ্যের মধ্যে ত্রিপুরাতে বাঙ্গালী ও আদিবাসী পাশাপাশি বাস করত। ত্রিপুরার ঐতিহ্য বলতে ত্রিপুরার মহারাজাকে বুঝায়। সেই মহারাজার অধীনে আজকের যে ত্রিপুরা রাজ্য শুধু তাই ছিল না তখন বর্তমানে পূর্ব পাকিস্তানে অবস্থিত কুমিল্লা ও শ্রীহট্ট জেলাও মহারাজার অধীনে ছিল। আজকে দেশ বিভাগের ফলে বহু উদ্বাস্তু ত্রিপুরা রাজ্যে আসছে। তার একটা প্রধান কারণ হল এই ত্রিপুরা রাজ্যের পাশেই পূর্ব পাকিস্তানের যে সব বৃহত্তর অঞ্চল ছিল তার বাসিন্দারা যদিও বৃটিশ ভারতের অধীনে ছিল, তবু ও তারা মহারাজা বলতে ত্রিপুরার মহারাজাকেই বুঝত। এবং ত্রিপুরার মহারাজাকে তারা নারায়ণে প্রতিভূ বলে প্রমাণ করিত। এমন কি কোন বাড়ীতে উৎসব হলে তারা মহারাজার প্রাপ্য অংশ তাকে দিয়ে দিত। বাল্যকালে আমি নিজেও পাকিস্তানের অনেক জায়গায় দেখেছি। এই ত্রিপুরার সঙ্গে তাদের যে একটা আত্মিক যোগ রয়েছে তার মধ্যে আজকের দিনে একটা বিভেদের সীমানা টেনে দেওয়া যায় না, এই দিক থেকে আজকে যে আদিবাসী সংরক্ষণের কথা বলা হয় তাহলে সেটাতো কার্য্য ক্ষেত্রে আছেই যেমন বলা হল যে আদিবাসীদের কাছ থেকে জমি ক্রয় করা চলবে না, যদি না বিশেষ ক্ষেত্রে District Magistrate এর

permission থাকে। আজকে আগরতলা সহর অঞ্চলে অনেক আদিবাসীর বাড়ীঘর রয়েছে তারা যদি মনে করেন যে এই সহর অঞ্চলে বাড়ীঘর রাখব না বিক্রি করে দিয়ে গ্রামাঞ্চলে বাড়ী করব। এখন আইন করে যদি এই সুযোগটাও বন্ধ করে দেওয়া হয় তাইলে একটা শেষ সময়ে সুযোগ পাওয়া যাবে না। তারজন্যই যখন এই আইন করা হয়েছিল তখন এই সুযোগটা রাখা হয়েছে। পার্লামেন্টে যখন আইন পাশ হয়েছে তখন বিশেষ করে আদিবাসীদের স্বার্থটা যাতে রক্ষা করা হয় তা দেখা হয়েছে। আদিবাসীদের জন্য একটি Reserve অঞ্চল বললে যেটা বলা হয় সরাসরি সেটা না বলে আদিবাসীদের জন্য যে জমিটা আছে তা তাদের জন্য reserve রাখা হয়। সেটাই আবার নূতন করে legislative value পেল ত্রিপুরার Land Reforms Actএ। ত্রিপুরার Land Reforms Act যেটা আছে তাতে ত্রিপুরার আদিবাসীদের স্বার্থ উপেক্ষিত হয়নি। তাতে আবার নূতন করে guaran tee দেওয়া হল আদিবাসীদেব যে স্বার্থ তা বজায় থাকবে। কাজেই reserve এর কথা বলতে গেলে বর্ত্তমানে যে ব্যবস্থা আছে সেটা একটা reserve। কারণ যে জমিটা আদিবাসীর নিজের দখলে আছে সেটা তার থাকবে। আজকেও একটী প্রশ্নের উত্তরে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে কোন কোন ক্ষেত্রে এই ধরনের দলিলেব মারফতে যা হচ্ছে যদি ও দলিল লেখছেন এবং settlement Deptt. সেই নাম রাখছেন। মুল দলিলে যদি কারও আইন গত claim থাকে এবং তিনি তা দেখাতে পারেন তবে তা উপেক্ষিত হবে না। কাজেই আজকে কোন বিশেষ এলাকাকে ট্রাইবেল রিজার্ভ বলে ঘোষণা না করলেও এর যে মূল উদ্দ্যেশ্য তা কার্য্যকরী হচ্ছে। অর্থাৎ ট্রাইবেলরা যেখানে থাকুন না কেন সেখানে তাদের জমি তাদের দখলে থাকছে হস্তান্তরিত হচ্ছে না। ট্রাইবেলদের সংরক্ষণের জন্য আইনে তার বিধান রয়েছে। District Magistrate কে যে Discretionary power দেওয়া আছে আজকে যদি ট্রাইবেল এ্যাডভাইজরি বোর্ড বা বিধান সভা মনে করে যে District Magistrate তার discretionary power প্রয়োগ করবে না তাহলে সরকার তা নিশ্চয় বিবেচনা করে দেখবে। কাজেই মূলগত যে দিকটা সেটা Land Reforms Act এ আছে। কিন্তু বে-আইনী কাগজের মাধ্যমে যদি কিছু করা হয়, তাতো রিজার্ভ ঘোষণা করে বন্ধ করা যাবে না। সেজন্য অন্য উপায় দেখতে হবে, কিন্তু সেই উপায়টা কি? আজকে সমস্যা হ'ল বে-আইনী দলিলের মারফতে যে সব কাজ হচ্ছে সেগুলি যাতে বন্ধ করা যায় তার ব্যবস্থা করা। এটাও যেমন একটা সমস্যা, তেমনি তাদের শিল্প, স্বাস্থ্য, তাদের অর্থ নৈতিক পুনর্বাসন, তাদের জন্য রাস্তা ঘাটের উন্নতি করা প্রভৃতিও দেখা দরকার। অর্থাৎ আজকের যে সমস্যা, সেটা হ'ল বিপুল সংখ্যায় উদ্বাস্তু আগমন এবং তারা যেখানে সেখানে বসে আছে ফলে জন সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এখন প্রস্তাবের উত্থাপক তিনিও বলছেন যে ট্রাইবেল রিজার্ভ হলে যারা নন-ট্রাইবেল তাদেরকে সেখান থেকে তুলে দেওয়া হবে না। কাজেই আজকে যেখানে ট্রাইবেল এ্যাডভাইজরী বোর্ড আছে এবং বিধান সভাও আছে সেটা ত্রিপুরা রাজ্য ভিত্তিক হয়েছে। আর যদি scheduled হয় তাহ'লে প্রেসিডেন্ট বোর্ড নির্বাচিত করে দেবে। আর প্রেসিডেন্ট দ্বারা যদি নির্ব্বাচিত হত তাহলে তিনি কংগ্রেসের লোক, কাজেই কংগ্রেসী লোক দিয়ে বোর্ড নির্ব্বাচিত করতেন।

আর আজকে যারা এই বিধান সভার প্রতিনিধি both the congrees & opposition তাদের দিয়ে এখানকার আদিবাসীদের উন্নয়নের জন্য আদিবাসী উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। কাজেই তাদের কাছে যদি কোন বিশেষ সমস্যার সমাধানের প্রশ্ন আসে, তারা তা বিচার বিবেচনা করে দেখবেন এবং যা প্রয়োজন সেই রকম ভাবে নির্দ্দেশ দিবেন। কাজেই আজকে যদি এই কমিটির পরিবর্ত্তে আর একটা কমিটি গঠিত হয়, যেটা প্রেসিডেন্ট দ্বারা নির্ব্বাচিত হবে তবে তার দ্বারা কি সমস্ত সমস্যার সমধান হয়ে যাবে? প্রস্তাবক নিজেই বলেছেন যে তা হবে না, তাহলে আজকে এধরণের একটা দাবীর উপর কেন জোর দেওয়া হচ্ছে? আমি যা বুঝি এর উপর জোর দেওয়ার প্রধান উদ্দেশ্য হল রাজনৈতিক। আদিবাসীদের মৌলিক সমস্যার সমাধানের জন্য নয়। তাই আজকে কংগ্রেস দল এই প্রস্তাবকে সমর্থন করতে পারছে না। আজকে কংগ্রেস দলও বিশেষ ভাবে আগ্রহী যাতে করে আদিবাসীদের সুষ্ঠু পুনর্ব্বাসন দেওয়া যায়। তারা অবশ্য কোন কোন জায়গায় সমালোচনা করতে গিয়ে বলেছেন যে আদিবাসীদের জন্য কিছুই করা হয়নি। সেটা সত্যের অপলাপ ছাড়া কিছুই নয়। সব সময় আমরা আশা করি যতখানি resource এই ত্রিপুরা রাজ্যে আছে তাতে করে ১১ হাজার লোককে পুনর্ব্বাসন দেওয়া এবং ১৮ হাজার লোককে ৫০০ টাকা করে দেওয়া সম্ভব হয়েছে। কেউ কেউ হয়ত পায়নি সেটা হতে পারে। আমি বলব যে পুনর্ব্বাসন হবে। বলা হয়েছে আদিবাসীদের পুনর্ব্বাসনের জন্য ৫০০ টাকা যথেষ্ট নয়। আমরাও ভাবছি ৫০০ টাকার উপর কি করে বাড়ানো যায়। কিন্তু ৫০০ টাকাও যে কিছুই নয় তা নয়। তবে তারা উঠে যাচ্ছে কেন? আমি বলব সেটা একটা রাজনৈতিক কারণ ছাড়া আর কিছুই নয়। এখন অবশ্য আমার অভিজ্ঞতা বিশেষ নেই। তবে ১৯৫৬-৫৭ সনের আমার রাজনৈতিক অভিজ্ঞতা আছে। আমি জানি আদিবাসী যারা তারা অত্যন্ত সহজ সরল মানুষ। কাজেই তাদের কাছে যখন নানা রকম আমি একটা কলোনীর নাম ভুলে গেছি; সেটা হল খুমাছড়ার কাছে, তখন আমি অবশ্য কোন official ছিলাম না। তবে সমাজ সেবক হিসাবে তাদের সঙ্গে ছিলাম। সেখানে যখন কিছু লোক জমায়েত হয়ে জমি করছিল তখন তারা অভিযোগ করছিল যে ঠিকমত তারা টাকা পয়সা পাচ্ছেনা। সেখানে আমি কয়েকবার দেখতে গিয়েছিলাম এবং কি ধরণের কাজ সেখানে হচ্ছে এবং কেন যে পুনর্ব্বাসন হচ্ছে না তার একটা difficulty প্রত্যক্ষ করেছি। উনারা সেখানে জুমের জন্য জায়গা পরিস্কার করছিলেন তারপর টাকা চেয়েছিল। কিন্তু সরকার থেকে বলা হল যে তোমরা এসে জায়গায় বস। তখনই একদল রাজনৈতিক আন্দোলন করছে যে তোমরা জায়গায় বসবে না। সরকারকে তোমাদের টাকা দিতেই হবে। কারণ এই টাকা আমরা দিল্লী থেকে sanction করিয়ে এনেছি, তোমরা জায়গায় বস আর না বস সরকারকে টাকা দিতেই হবে। তারপর সরকারের সাথে আলাপ আলোচনা হল যে আমরা খেতে পাচ্ছি না, চলতে পারছি না, কাজেই টাকাটা পেলেই আমরা ঐখানে বসব। তারপর তাদেরকে টাকা দেওয়া হল। দেখা গেল যে তারা কেউ সেখানে জমিতে বসেনি। তারপর অভিযোগ এল যে অমুক বাবু টাকা তুলে নিয়েছেন। কাজেই আজকে এই যে বিরাট সংখ্যক

উপজাতি আছে তাদের মধ্যে যারা নেতৃত্ব করতে চান যদি এইভাবে তারা টাকা সংগ্রহ করেন, সেই মানবিক যে চিন্তাধারা তার থেকে যদি তারা বিচ্যুত হন এবং রাজনৈতিক মতবাদের দ্বারা প্রভাবিত হন তাহলে সেখানে tribal দের পুনর্ব্বাসন হতে পারে না। কাজেই আজকে যদি তাদের পুনর্ব্বাসন করতে হয় তাহলে রাজনীতির উর্দ্ধে উঠে মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে এই সমস্যা-টাকে দেখতে হবে। তাহলে পরে আমরা যা করতে চাইছি তার বেশীও একটা কিছু করা সম্ভব হবে। কাজেই আমি সেজন্যই বলব যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে এর সমাধান না করে যারা বিরোধী দলের বন্ধুরা আছেন তারা প্রকৃতভাবে আদিবাসীদের উন্নতির জন্য বাস্তব সম্মত সমস্যা যেগুলি আছে সেদিকে তারা নজর দেবেন। আজকে যেখানে টী, ডি, ব্লক করা হয়েছে তাকে টী, ডি ব্লক বলুন আর নাই বলুন আদিবাসীদের উন্নতি করতে হলে তাদের জন্য বিদ্যালয় করতে হবে, হাসপাতাল করতে হবে এবং কৃষি কাজের সুবিধা করে দিতে হবে। কোন সরকারই টাকা দিয়ে অনন্তকাল কোন লোককে রাখেন না, টাকা তারা দেয় আবার টাকা জনসাধারণ থেকে সংগ্রহ করে। যারা অর্থনৈতিক দিক দিয়ে পেছনে পড়ে আছে তাদেরকে নির্দ্দিষ্ট একটা সময়ের জন্য অর্থনৈতিক ভাবে সাহায্য করা এবং সেটা সামাজিক ভাবে এবং সামগ্রিক ভাবে করা। কাজেই একটা T D Block হলে ও সেখানে তারা যদি reserve করতে চায় তাহলেও T. D. Block থাকবে বা T. D. Block নাম দেন, তাহলে Development করার জন্য কাজ থাকবে। কাজেই আজকে যে T. D. Block আছে, তা আলাপ আলোচনার মাধ্যম দিয়ে, তার কাজকে যেমন তার ভুল আছে, ক্রটী আছে তা সংশোধন করে বৃহত্তর স্বার্থের জন্য যেভাবে লাগানো যায় সেভাবে লাগানোর কথা চিন্তা করা উচিত, তাহলে এই যে সমস্যা তার প্রকৃত সমাধান হবে। যেহেতু এটা রাজ নৈতিক দৃষ্টিভংগীর দ্বারা হয়েছে এবং তার মধ্যে বাস্তবিক যে মূলগত সমস্যা রয়েছে তার সমাধান হবে না, হতে পারে না। তাই আমাদের কংগ্রেস দল ট্রাইবেল ভাইদের যা স্বার্থ বিরোধী তার জন্যই এই প্রস্তাব কে সমর্থন করতে পারে না।

Mr. Speakar :— Now I call on Hon'ble Chief Minister.

Shri S. L. Singh :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাউসের সামনে যে ৫ম তপশীল গ্রহণ করার প্রস্তাব রাখা হয়েছে, আমার মনে হয় তারা নিজেরাই—সেই প্রস্তাবের অন্তর্নিহিত অবস্থা বুঝতে পারেন নি। কারণ T. D. Block এবং scheduled area সম্পর্কে তারা বলছেন যে সংবিধানে ত্রিপুরা রাজ্যে ঐ সব গঠনের কথা বলা আছে। এখানে সংবিধানের ২৪৪ ধারাতে আমরা বলব যে সেখানে এটা রাখা হয়নি। মাননীয় সদস্যরা নিশ্চয় অবগত আছেন যে কেবল scheduled area ঘোষণা করলেই বিশেষ একটি area এর উন্নতি হয় না হতে, পারে না। এই জায়গাতে ওনারা যে সুপারিশের ব্যাখ্যা করেছেন তারই ব্যাখ্যা আমি তাদিগকে পড়ে শুনাতে চাই "It is only very recently that the State Governments have started taking active interest in the problem of development and it would not be in the interest of the Tribals that the new moment should be down and there new conciousness

of development needs misdirected by fresh controversy over the inclusion or exclusion of tribal areas from the list of scheduled areas or over this criteria that shuld be adopted. We are at the samc time clear that there is need for protection for sometime to come and we have no doubt that if an effort is made, the provisoin necessary for the protection of the Scheduled Tribes can be made part of the nations laws and implemented within ten years. But if the Union Government or the state Governments cannot undertake the responsibility of putting through the legislation in time there will be no alternative but to schedule additional areas despite the complications involved and accordingly আমরা Act করেছি Legislation করেছি for the protection of the tribals. অতএব সেই জায়গাতে আমার মনে হয় জনসাধারণকে কেবল প্রবঞ্চিত করার জন্যেই এই শ্লোগানটি তারা উঠায়েছেন। The second object of the Fifth schedule is to develop the scheduled areas and the scheduled Tribes. The Uuion Goverment have taken a decision that all the scheduled areas and thc areas with large concentrations of tribals will be brought under the schedule of Tribal Development Blocks. এই হচ্ছে ধেবর কমিশনের recommendation. সেগুলোকে Development Blocks এর under-এ আনা হয়। অতএব definitely এই জায়গাতে বলেছে। এবং সেটাই সরকার গ্রহণ করেছে। সরকার এই advice টাকে কার্য্যকরী করার জন্য Tribal Block এখানে intrcduce করেছে, সমর্থন করেছে। The Schedule areas of course have certain distinct features and advantages which the Tribal Development Blocks cannot provide. In the larger interest of the nation, however we hope that the tribals will accept the Tribal Development Blocks as a partial substitute for scheduled areas and utilise them to secure speedy development. We would therefore suggest that all tribal areas including the existing scheduled areas should be so grouped under the Tribal Development Blocks that the bulk of the tribal population is brought under the intensive development scheme. সেই অনুসারে Tribal Development Block করে আমরা তাদের development এর সুযোগ দিচ্ছি। In these Block the Government should concentrate on the following activities, economic development এর জন্য কি করা হচ্ছে? যারা laddless ভূমিহীন তাদেরকে 1953তে আমরা সেই scheme start করি। কিন্তু সেই scheme এর অপব্যাখ্যা তারা করেছেন। সেটা হল Communist Party. যারা সরকারের সাথে কোন সহযোগিতা করেনা বা করেনি। সেই জায়গাতে, আমি জানি, তারই সুপারিশ তারা করেছেন। বিশ্রামগঞ্জ, ঈশানপুর, টাকারজলা প্রভৃতি অঞ্চল এবং জিরানিয়া অঞ্চল।

সেই সমস্ত জায়গাতে তারা distribute করেছে Land to the non-tribals. সে সমস্ত দলিলপত্র এখন সরকারের হাতে আছে। They have started a parallel government there. অতএব তারা সেখানে tribal এর জায়গা তারা non-tribalকে দিয়েছে। বিশেষ করে খোয়াই অঞ্চলে। তারা ঘোষণা করেছে Leningrad এবং stalingrad. সেই অনুসারে সেই সেই জায়গাতে কি করেছেন? টাকা পয়সা সমস্ত আত্মসাৎ করে গৃহচ্যুত করেছেন। এই হ'ল তাদের ট্রাইবেল প্রীতি এবং development এর নমুনা। আমি বিশ্রামগঞ্জের কথা বলছি। মাননীয় স্পীকার মহোদয়। সেই বিশ্রামগঞ্জে তাদেরই সন্নিকটবর্ত্তী কলোনী তাদেরই suggestion অনুসারে করা কলোনী। যাদের জমি ছিল তাদেরকে তারা সেই সমস্ত জায়গায় বসিয়েছেন। এবং বসিয়ে সেই জায়গাতে টাকা পয়সা নিয়ে চলে গেছেন। এই হ'ল তাদের development এর নমুনা। কিন্তু আমরা জানি যে এ বাধা বিঘ্ন আসবে কারণ আমার মনে হয় তারা আজকে এই scheduled area ঘোষণা করার যে দাবী এখানে এনেছেন তখন আমার মনে হয় আমি জানি—যখন land reform হয় তখন মাননীয় দশরথ দেববর্মা সেখানে member ছিলেন Parliament এর। Advisory Board-এ সেটা আলোচনা হয়েছে। ১৯৫৩; ৫৪, ৬০ সালে মুখটি খোলেন নি। কেন খোলেন নি? তখন কতগুলো আইন করা হ'ল যে বর্গাদারকে জমির মালিকানা দিতে হবে। সেটা আইনে পর্য্যবসিত হ'ল। আজকে আমি মাননীয় সদস্যদের জিজ্ঞেস করব বর্গাদারদের আইন তাতে Fifth schedule নেই। সে আইন থাকবে কি না? তারা না landless এর বন্ধু? বর্গাদারদের আত্মীয় তাদের Fifth schedule যদি গঠিত হয় তা হ'লে বর্গাদারদের আইনের কি হবে? তাহলে Fifth Schedule কি? Fifth Schedule হল পেটী বুর্জোয়াদের জন যারা চায়, গরীবদের নিস্পেষিত করার জন্যে তাদের জন্যে এই দাবী এখানে আনা হয়েছে। সেইভাবে সেই বর্গা আইনকে ব্যর্থ করে বর্গাদারকে পথে বসাবার জন্যে, সেই আইনকে বাতিল করার জন্যে এখানে Fifth Schedule এর দাবী আনা হয়েছে। অতএব আমি সেইদিক দিয়েও মাননীয় সদস্যদের অনুরোধ করব— Exploitation is everywhere in the state, whether he is a tribal or non-tribal ঐতিহ্যের কথা বলা হয়েছে। তাদের কথা ত্রিপুরায় মহারাজা ছিল ত্রিপুরায় জমিদারী ছিল, আজ উচ্ছেদ হয়েছে। তাদের বক্তব্য হল, ট্রাইবেল জমিদার যদি থাকে তাকে সংরক্ষন করা হউক। ট্রাইবেল মহারাজ যদি থাকে তাকে সংরক্ষন করা হউক। ট্রাইবেল তালুকদার যদি থাকে তাকে সংরক্ষন করা হউক। সেই আইন হবে না, হতে পারে না। এই ত্রিপুরার মানুষের দাবী। সে চায় জমির সম্পূর্ণ অধিকার। পরিশ্রম করে আমি মাটী তৈরী করেছি আমি চাই সেই জমির একমাত্র অধিকারী হতে। অথচ মুখে বলেন, আবার প্রশ্নও জিজ্ঞাসা করেন কোরফার কি হল? তাহলে এই ফিফথ শিডিউল আইন, কোরফা আইন ও বর্গা আইনের বিরোধী। এটা তবুও এনেছেন কেন? এনেছেন only to create disintegration. The first and foremost aim to create disintegration of India. Now they are trying to disintegrate the people of Tripura. কিন্তু ত্রিপুরার জনসাধারণ, মাননীয়

অধ্যক্ষ মহোদয় ঘোষণা করেছে we are united together. অতএব তারা আজ সেইভাবে সংঘবদ্ধ হয়ে দাঁড়িয়েছে। তাই তাদের নাভিশ্বাস শুরু হয়েছে। সেই জন্যই আজ চিৎকার সুরু হয়েছে। বর্গাদারের কথা আমি চিন্তা করব না। তালুকদার থাকুক, মহাজন তুমি যদি হও তুমি থাক; তুমি যদি ভূম্যধিকারী হও তুমি থাক এবং সেইভাবে চিৎকার করে বর্গা আইনকে ব্যর্থ করে জমিদারী, মহাজনী ও তালুকদারীর সংরক্ষণের জন্যই এই প্রস্তাব এখানে আনা হয়েছে। To create only disintegration. তারা জানেন কেন এনেছেন। তাদের গতিবিধি সম্বন্ধে আমাদের আজকে চিন্তা করতে হবে, ভাবতে হবে, কারণ তারা চিৎকার দিচ্ছে নকসালবাড়ীর পথ তাদের পথ। অতএব ত্রিপুরার জনগণকেও আজ এই সম্বন্ধে সজাগ থাকতে হবে। সেইদিকে দৃষ্টি রাখতে হবে। কারণ চাইনীজরা পাকিস্তানের সাথে বন্ধুত্ব করেছে। আর মিজোরা taking arms from Pakistan তাই তারা আজ অন্যের ঘাড়ে দোষ চাপিয়ে নিজেরা সাধু সাজতে চান। সরকার চোখবুজে বসে নেই। সরকারের সদা সর্ব্বদা সজাগ দৃষ্টি আছে এবং থাকবেও, সেই অনুসারে সেই সম্পর্কে মিতালির মধ্য দিয়ে dis-integration create করে আইন বিরোধী যতপ্রকারের কাজ আছে তারজন্য সেখানকার পার্টির কাজ করে চলছে। সেই উদ্দেশ্য নিয়েই আজ এখানে Fifth Schedule এর দাবী আনা হয়েছে। বর্গাদারের জন্য নয় জুমিয়ার জন্য নয়। only for party's sake. সেই party'র allied with the Chinese and Pakistanis. অতএব সেইদিক দিয়ে ত্রিপুরাবাসীকে আজ সজাগ ও সতর্ক থাকতে হবে। আমরা আশা করি ত্রিপুরার জনসাধারণ তাদের এই পেটী বুর্জোয়া mentalityকে ধ্বংস করার জন্য ঐক্যবদ্ধ হবে। কারণ তারা সেই বর্গাআইন করেছে এবং তা চালু করবেই। landless কে জমি দিবেই। এই আইনকে ব্যর্থ করার ক্ষমতা আজ তাদের নেই। তারা আজ West Bengalএ বলছে বর্গাদার আইন কর আর এখানে বলছে বর্গাদার আইনকে খতম কর। এই হল তাদের পার্টি'র দৃষ্টিভঙ্গী। কেন এই দৃষ্টিভঙ্গী? গরীবের বা landless এর জন্য নয়. জুমিয়ার জন্য নয়। তাই আমি আশা করব এবং ভাববো তারা সেই দিক দিয়ে চিন্তা করিবেন। Producer যারা তারা যাতে right পায়। তারা যাতে তাদের আত্ম সংরক্ষণের অধিকার পায়। সেটা পেয়ে গেলেই landless কে তুলে দিতে হবে। landless তাকে অর্থও দিতে হবে। ট্রাইবেলদের protection দেওয়ার জন্য তাদের incometax free করা হয়েছে school, college তাদের জন্য গড়ে তুলতে হবে। রাস্তাঘাট গড়ে তুলতে হবে। তার আয়োজন ত্রিপুরায় চলছে এবং চলবেও অব্যাহত গতিতে। তার সাথে সাথে তাদিগকে forest এর অধিকারও দিতে হবে। Reserve forest এর মধ্যে যেসব টাঙ্গিয়া ভাইয়েরা আছেন তাদের সেখানে ফসল ফলাবার অধিকার দিতে হবে। প্রতি একরে তাদিগকে ৪৫ টাকা করে plantation এর জন্য দেওয়া হয়। এখন চিন্তা করা হচ্ছে তাদের দিয়ে cooperative গঠন করে সেখানকার produce গুলিকে তারা বেচাকেনা করতে পারে কিনা। সেইভাবে তাদের অর্থনৈতিক দিক দিয়ে চিন্তা করতে হবে। ট্রাইবেলরা অর্থের অভাবে তাদের

জমি হাতছাড়া হয়ে যায়। আজ চিন্তা করতে হবে কিভাবে তাদেরকে অর্থের জোগান দেওয়া যায়। সেই অর্থের যোগান দিতে গেলে হয় cooperation করতে হবে, নয়তো service Co-operative করতে হবে যার মধ্য দিয়ে আমরা তাদিগকে অর্থের যোগান দিয়ে তাদের হস্তকে শক্তিশালী করতে পারি। কি করে ট্রাইবেলরা তাদের জায়গা অন্যের কাছে বিক্রি করতে না পারে এই সুপারিশের অনেক পূর্ব্বেই এই আইন ত্রিপুরায় প্রচলন করা হয়েছে। বলা হয়েছে যে, যদি সাদা কাগজে কোন জমি হস্তান্তর করে তার right তার আছে। Land এর right তার আছে মোকদ্দমা করার অধিকার আছে। জমির মালিকানা থেকে সে চ্যুত হয়নি। সেই জন্য যাতে তারা মামলা মোকদ্দমা করতে পারে তার জন্য অর্থের বরাদ্দ সরকার রেখেছেন। আপনারা সেদিক দিয়ে তাদের সজাগ করলে সেই অর্থ আমরা তাদিগকে দিতে পারব। সংগঠন মূলক দৃষ্টিভঙ্গী নিয়ে প্রস্তাব আনেননি। এনেছেন নকসালবাড়ী করা চলে কিনা। সেই চিন্তা করেই এই দাবী এনেছেন। ত্রিপুরার জনগণ সংগবদ্ধ হয়ে আপনাদের এই দাবীকে নস্যাৎ করবে। তাই আজকে আমি চিন্তা করতে বলব, ভাবতে বলব যে ত্রিপুরার চতুর্দিকে যে সমস্তা সে সমস্তা সম্বন্ধে আমাদিগকে সজাগ হয়ে কাজ করে যেতে হবে। Vested interest কে সংরক্ষিত করার একটি নমুনা হল এই fifth Schedule তা ছাড়া আর কিছুই নয়। তাদিগকে declare করতে হবে সাথে সাথে যে সেখানকার যারা ভূমিহীন তারা মালিক হবে কি না? বর্গাদারী আইন সেখানে প্রচলন করা হবে কিনা। Exploitation এর হাত থেকে বাচাবার জন্য যে যে বিধি ব্যবস্থা ত্রিপুরাতে করা হয়েছে, ট্রাইবেল ব্লক এর মধ্য দিয়ে তাদিগকে আমরা Develop করব। সেই চিন্তাধারা নিয়ে Tribal Block এখানে adopt করা হয়েছে। তাকে জনসাধারণের সামনে ব্যর্থ প্রতিপন্ন করার জন্যে নানা রকম প্রক্রিয়া ১৯৫৩ সাল থেকেই আমরা দেখেছি। সেই প্রস্তাব লোকেরা তোলেনি। তারা জুমিয়া settlement নিয়েছে। তারা সেই জায়গায় বসেছে। আর চিন্তা করতে হবে সেই সমস্ত জায়গা থেকে যাতে তার জমি ১০ বছরের মধ্যে কোন জমি হস্তান্তর হতে না পারে। এই আইনে যদি পর্য্যাপ্ত না হয় তাহলে বলতে হবে যে আইন কেড়ে নিলে হবে। মানুষের মঙ্গলের জন্য আইন করা হয়। যদি এই আইন পর্য্যাপ্ত না হয় তাহলে এই আইনকে amend করে কি ভাবে হস্তান্তর বন্ধ হতে পারে তার বিশদ বিবরণ তারা যদি দিতে পারেন তাহলে আমরা অত্যন্ত সুখী হব। হস্তান্তর বন্ধ করা যায় কিনা তা দেখব। সেই দিক দিয়ে চিন্তা করে আমাদিগকে দেখতে হবে। যদি একজন tribal একজন বিত্তবান লোকের কাছে জমি বিক্রয় করে তা হলে মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করব তার কি হবে? তাহলে তার মনে হবে যদিও আমার প্রভু শুঁড়ি বাড়ী যায় তবুও আমার প্রভু নিত্যানন্দ রায়। তিনি তো আমাদের Class এর তালুকদার, আমাদের Class এর জমিদার, মহারাজা। অতএব এটাতো একেবারে বুর্জোয়া mentality অতএব আমি আশা করি তারা যেন বুর্জোয়া mentality পরিত্যাগ করেন। Tillers will be the

Owners of the Land সেই দৃষ্টিভঙ্গী তাদের যেন আসে। যদি না আসে তাহলে তারা সেই শিক্ষা দেবে। এবং আমি আশা করি আপনারা আইনের দৃষ্টিভঙ্গি নিয়ে চিন্তা করবেন। তাই আজকে প্রশ্ন উঠেছে ঐ সমস্ত জায়গাকে 5th schedule করার জন্য। ত্রিপুরা রাজ্যকে যদি schedule area করা হয় তাহলে তা স্বর্গ রাজ্যে পরিণত হবে বলে তারা আজ সুখস্বপ্ন দেখছেন। ত্রিপুরার মহারাজা ছিলেন, যেখানে তালুকদার, জমিদারও ছিলেন— স্পৃহা। রাজতন্ত্রের বিরুদ্ধে যারা অভিযান শুরু করেছিল, তালুকদারের বিরুদ্ধে যারা অভিযান ঘোষণা করেছিল, জমিদারের বিরুদ্ধে যারা অভিযান ঘোষণা করেছিল তাদের সেই অভিযান জয়যুক্ত হয়েছে। কিন্তু আবার ফন্দি পাকানো হচ্ছে। তাদের সেই জয়যাত্রাকে ব্যহত করবার এবং পশ্চিমবাংলা নক্‌শালবাড়ীতে তার সূত্রপাত হয়েছে। History repeats itself কিন্তু মাননীয় সদস্যদিগকে Speakr এর মাধ্যমে জানিয়ে দিতে চাই, ত্রিপুরার ক্ষেত্রে সেই নকশালবাড়ীর ইতিহাস পুনারবৃত্তি হবে না। আমি জানি অর্ধেক ত্রিপুরার tribal যারা, যারা জুমিয়া আছেন, landless আছেন তাদিগকে ভূমি দিতে হবে। তাদের অর্থনৈতিক মান উন্নত করতে হবে, তাদের যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে হবে, তাদের শিক্ষা, স্বাস্থ্যের জন্য চিন্তা করতে হবে, এবং তাদের পানীয় জলের ব্যবস্থা করতে হবে Grow more Campaign এ তাদেরকে লাগাতে হবে এবং সেই দিক দিয়ে চিন্তা করে আম মাননীয় সদস্য-দিগকে বলব—5th schedule এর দাবী নিয়ে এখানে ওনারা যে প্রস্তাব এনেছেন—দেশের toiling mass এর দিকে লক্ষ্য রেখে যেন তারা এই বুর্জুয়া আইনকে প্রত্যাহার করে নেন।

Mr. Speaker :—Now I call on the mover of the resolution – Shri Aghore Deb Barma.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রস্তাবের বিরোধীতা করতে গিয়ে মাননীয় সদস্যরা যে যুক্তির অবতারণা করছেন তার কয়েকটি এখানে উল্লেখ করা দরকার। মাননীয় সদস্য শ্রীপ্রমোদ দাশগুপ্ত বলেছেন যে article 244এর union territoryর ব্যাপারে রাষ্ট্রপতিকে কোন ক্ষমতা দেওয়া হয় নাই। অর্থাৎ Part Aএবং B states এর কথাই এখানে উল্লেখ আছে। Union territory সম্বন্ধে কোন উল্লেখ নেই। একথা যুক্তি দিয়ে সংবিধানের কথাই বলার চেষ্টা করেছেন। কিন্তু "ধেবর কমিশন" যে যুক্তি দেখিয়েছেন সে সম্বন্ধে পরিস্কার উল্লেখ আছে—Criteria for scheduled areas এই সম্পর্কে আবার terms & reference requires as to report on the Principles to be followed in declaring any territory to be or to form Part of a schedule area or in directing any territory shall cease to be or ceased to form a Part of a scheduled area. তারপরে article 46এর মধ্যে কি আছে তা শুনুন।

"The state shall Promote with special care the educational and economic interests of the weaker sections of the peoples and, in Particular, of the scheduled castes and the scheduled tribes, and shall protect them from social injustice and all forms of exploitation" এটা হল scheduled area ঘোষণার মূল লক্ষ্য। Other articles এ empowers the President to make an arrangement for the implementation of the high ideals of article 46. Article 244এর মধ্যে কি আছে?" "Empowers him to declare any area where there is a substantial population of tribal people as a scheduled area under the 5th schedule." এখানে এমন কোন কথা নেই যে, article 244 এর মধ্যে শুধু A এবং B State এর মধ্যে ক্ষমতা দেওয়া আছে—ভারতবর্ষের অন্য কোথাও রাষ্ট্রপতিকে এমন ক্ষমতা দেওয়া হয় নাই—এমন কোন কথা সংবিধানের article 244 এর মধ্যে নেই। এখানে অনেক মাননীয় সদস্য প্রস্তাবের বিরোধীতা করতে গিয়ে অনেক কথাই বলেছেন। ধেবর কমিশনের Page No. 69 আছে—"There is the contingency, however, that the Government may find it difficult & accept our alternate Programme. It may also be that Government may not be in a position to Provide the machinery for implementation on the scale required to carry it out within ten years. It may also be that constitutional difficulties may arise. Should this be so, the only other course then will be for the Government to under take the resposibility of declaring those areas in the states and the union territories which fulfil the criteria as Scheduled areas".

এটা এখানে পরিষ্কার উল্লেখ আছে অর্থাৎ T. D, Block সম্পর্কে উনারা যে ফলাও করে বললেন যে T. D. Block এর মাধ্যমেই আদিবাসীদের জন্য সমস্ত ব্যবস্থা করা হচ্ছে, তাদের উন্নতি, অগ্রগতির ব্যবস্থা করা হচ্ছে। ১৯৬৪ সাল হতে T. D. Blook এখানে implement করা হচ্ছে। আজকে ১৯৬৭ সাল প্রায় শেষ। ১৯৬৮ এই মাসের পর থেকেই সুরু হবে। এই ১২।১৩ বৎসরের মধ্যে আজকে এর মাধ্যমে যে intensive development হওয়ার কথা তা হয়েছে কিনা এইটাই হল মূল কথা। কাজেই আজকে এই সম্পর্কে অনেকেই অনেক কথা বলেছেন। যেমন মাননীয় সদস্য শ্রীপ্রমোদ দাশগুপ্ত বলেছেন যে আমরা হঠকারী হতে পারিনা। হঠকারী বলতে উনিকি বলতে চাইছেন তা আমি বুঝিনা। হয় ডেবর কমিশন হঠকারী না হয়ত যারা constitution লিখেছেন তারা হঠকারী। অর্থাৎ ডেবর কমিশনের রিপোর্টে যে সমস্ত recommendation রাখা হয়েছে সে সব হঠকারী। Constitution এর মধ্যে 5th Schedule এর কথা পরিষ্কার লেখা আছে। আমি এ কথা ও বলি নাই যে 5th Schedule হয়ে গেলে উপজাতীদের সমস্ত সমস্যা মিটে যাবে এবং তারা স্বর্গ রাজ্য পেয়ে যাবেন। তবে তাদের maximum requirement এবং economic

backwardness থেকে অগ্রসর করাবার জন্য সংবিধানে যে সমস্ত ব্যবস্থা রেখেছেন সেইগুলি রূপায়ীত করার জন্য আমি এখানে এই প্রস্তাব রেখেছিলাম। কিন্তু কলিং পার্টির মাননীয় সদস্যরা তার বিরোধীতা করছেন। যে যুক্তির সাহায্যে তারা এই প্রস্তাবের বিরোধীতা করছেন সে যুক্তিগুলির জন্যই যদি আজকে এক্সপেরিমেন্ট করতে হয় তাহলে সেই যুক্তির ভিত্তিতে আজকে 5th Schedule করা দরকার। মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন যে economic exploitation দূর করতে হবে। Constitution এর মধ্যেও আছে যারা অর্থনৈতিক দিক দিয়ে অনগ্রসর তাদের অর্থনৈতিক বুনিয়াদ সুদৃঢ় করিয়া উন্নত জাতীগুলির সমপর্যায়ে আনিতে হইবে।

Constitution যারা রচনা করিয়াছিলেন, যারা বেশীর ভাগই কংগ্রেসী ছিলেন এইগুলিই তাদেরই কথা এবং তাদেরই recommendation, এইগুলি আমাদের বা Communist Partyর কথা নয়। বড়ই দুঃখের বিষয় যে কংগ্রেস বা কলিং পার্টি তারা আজও Constitution স্বীকৃত এবং ন্যায়সঙ্গত যে সমস্ত অধিকার এবং দাবী দাওয়া তারা কার্য্যকর করেছেন না। আমি একথা স্পষ্ট করেই বলছি যে গত বার তের বৎসরের মধ্যে আপনারা উপজাতীদের উন্নতি ও স্বার্থ রক্ষার জন্য কিছুই করেন নাই বরং তাদেরে ধ্বংসের পথে ঠেলে দিয়েছেন। আমি একটা reference টানছি, কয়েক মাস আগে একজন Tribal Supervisor কে দেবদারু কলোনী হইতে non-tribal রা, অবশ্য আমি সব non-tribal দের কথা বলছিনা, সরাবার চেষ্টা করেন। কিন্তু তারা কিছুতেই কৃতকার্য্য হন নাই। পরে আপনাদের দলের একজন প্রভাবশালী ব্যক্তি বৃহস্পতিবার দিন বৈকালে একটা ঘরোয়া বৈঠক করেন তার পর শুক্রবার দিন ঘটনাটা ঘটে। ঐ ভদ্রলোক ঘরোয়া বৈঠক করে শুক্রবার দিন আগরতলা চলে আসেন এবং ঐদিন সন্ধ্যায় শ্রীকালিকুমার রিয়াং চৌধুরীকে মারাত্মক ভাবে দা দিয়ে আঘাত করা হয় এবং তাকে খুন করা হয়।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে উপজাতীকে রক্ষা করার কথা দূরে থাক, আপনাদের Dept. এর যে একজন কর্ম্মচারী তাকে রক্ষা করার যে দায়ীত্ব ও আপনারা পালন করেন নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেখানে সেই Colony র boundary র মধ্যে স্থানীয় Non tribal রা encroachment করতে চায় এবং সেই Supervisor তাতে বাধা দেয়। কাজেই তাহাকে সেখান থেকে সরাতে হবে এবং শেষ পর্য্যন্ত তাকে মারাত্মকভাবে জখম করা হয়। সেই Case এর বার enquiry করে আসামী না ধরে শেষ পর্য্যন্ত মামলাটা ধামা চাপা দেওয়া হয়। এই হল অবস্থা।

যে প্রস্তাব আমি আজ এই হাউসের সামনে রেখেছি, সেই প্রস্তাব সংবিধান স্বীকৃত ও গণতান্ত্রিক সম্মত ও গঠন মূলক। কারন বাস্তবিকই যদি উপজাতিদের রক্ষার ব্যবস্থা Ruling Party করতে চান তাহলে এই প্রস্তাব যেটা Communist Party র কোন দলিল নয়, এ প্রস্তাব আপনাদের কংগ্রেসী সদস্যরা ও যাহা কমিশনে ছিলেন তারাও Recommen-dation করেছেন। কাজেই এই প্রস্তাব গ্রহণ করা উচিৎ বলে আমি মনে করি এবং অতি

সত্বর ত্রিপুরার মধ্যে যে সিডিউল চালু করার জন্য রাষ্ট্রপতিকে অনুরোধ করা দরকার। তা না হলে আজকে শুধু গলা বাজিই হবে, আপনারা যদি এটা না করেন তবে এটাই প্রমাণিত হবে যে ২০ বৎসর কংগ্রেস রাজত্বের মধ্যে আজকে উপজাতিদের জন্য কোন উন্নতি বিধানই করা হয় নাই। আমরা দেখেছি যে আসামে গণ্ডার ও মহারাষ্ট্রে সিংহ রক্ষার জন্য ব্যবস্থা করা হয় আর এখানে ত্রিপুরাতে আদিবাসীদের রক্ষা করার কোন ব্যবস্থা হবে না। তা ত্রিপুরার ইতিহাস স্বীকার করবে না, ত্রিপুরার জনসাধারণ তা tolerate করবেনা কাজেই এই প্রস্তাব আমি খুব যুক্তিযুক্ত বলেই মনে করি। অনেকেই বলেছেন যে এখানে যদি 5th Schedule করা হয় তা হলেও কংগ্রেস ত Majority এবং তারাই Advisory. Board এ যাবে। কিন্তু এটা কংগ্রেস , কমিউনিষ্টের প্রশ্ন নয়, আজকে এটা জন সাধারণের প্রশ্ন। আজকে যদি Tribal Council হয়, রাষ্ট্রপতি যদি Nominate করেন, তাহলে সকলেই কমিউনিষ্ট যাবেন, এই রকম ধারনা নিয়ে আমি এই প্রস্তাব আনি নাই। আমি উপজাতিকে রক্ষা করার জন্য গঠনমূলক ভাবে এ প্রস্তাব আমি এখানে এনেছি। অনেকে রাজনৈতিক দোহাই দিয়া এই প্রস্তাবের বিরোধিতা করেছেন। একটা অনুন্নত সম্প্রদায়কে রক্ষা করার ব্যাপারে যদি কমিউ'নজম বা রাজনৈতিক দলের দোহাই দেওয়া হয় তবে তাহা মারাত্মক কথা।

এটা কোন বিশেষ কোন রাজনৈতিক দলের দাবী দাওয়ার প্রশ্ন নয় এবং এটা সমগ্র উপজাতিদের দাবী এবং এই দিক দিযা এই প্রস্তাবটি এখানে বিবেচনা করা দরকার। আর একটি কথা এখানে প্রসঙ্গক্রমে উল্লেখ করা হয়েছে, তা হচ্ছে "সংক্রাক" দলের কথা। আমি জানি 1964-65 এ পত্রিকায় খবর পেয়েছিলাম যে পাহাড় এলাকায় নাকি ৫০ হাজার শান্তি সেনা Ready হয়ে আছে। সংগ্রাম ও বিপ্লব করার জন্য ইত্যাদি। পত্রিকায় ফলাও করে এই সমস্ত খবর বের হয়েছিল। পরবর্তী অধ্যায়ে এখানকার Ruling Party, এবং প্রেস পার্টি এবং Intelligence Branch এই সম্পর্কে নারব। আমি মনে করি যে তপশিলীর সংবিধান স্বীকৃত যে দাবী এটা দমন করার জন্যই Ruling Party "সংক্রাক" দল এবং বিভিন্নভাবে সাম্প্রদায়িক একটা বিষাক্ত আবহাওয়া সৃষ্টি করার জন্য এই রকম একটা চক্রান্ত করেছেন বলে আমি মনে করি। ভারতের যে সব প্রদেশে 5th schedule ঘোষণা করা হয়েছে সেখানে মারামারি হয়েছে বা সাম্প্রদায়িক গণ্ডগোল হয়েছে এমন কোন ঘটনা নেই, কাজেই ত্রিপুরার মধ্যে 5th scheduleএর দাবী দমন করার জন্য সুযোগ সরকার খুঁজতে থাকেন এবং ভিন্ন ভিন্ন পথে পরিচালনার চেষ্টা করেন তাহলে খুবই ভুল করা হবে বলে আমি মনে করি। আমাদের এই দাবী গণতান্ত্রিকভাবে আমরা আদায় করবই। আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Mr. Speaker :—The discussion is over. Now the question is to vote for the decision of the House. The question before the House is that—"This

Assembly is of opinion that সংবিধানের ৫ম তপশীল অনুসারে ত্রিপুরার উপজাতি অধ্যুষিত পরস্পর সংলগ্ন এলাকাগুলিকে "তপশীলি এলাকা" বলিয়া ঘোষণা করা হউক এবং ৫ম তপশীলে বর্ণিত উপদেষ্টা পরিষদের হাতে প্রয়োজনীয় ক্ষমতা অর্পন করা হউক।

The Resolution was put to vote and was lost.

Mr. Speaker—There is another Resolution of Shri Umesh Lal Singh—I would call on Shri Umesh Lal Singh to move his resolution that—This Assembly is of opinion that a State Museum is to be organised with adequate number of exhibits in a magnificient Building at Agartala, the Capital of Tripura and for this perpose an adequate fund should be allotted in the next budget, so that the preliminary work may be started in an earliest possible time.

Shri Umesh Lal Singh—Hon'ble Speaker, Sir, আমি House এ যে Resolution টা পেশ করেছি আর সমর্থনে আমি আলোচনা করব, My Resolution is as follows :—This Assembly is of opinion that a State Museum is to be organised with adequate number of exhibits in a magnificient building at Agartata-the Capital of Tripura and for this purpose an adequate fund should be allotted in the next budget so that the preliminary work may be started in an earliest possible time.

I hope the House will consider the Resolution and accept it. এমন একটা দিন ছিল যখন আগরতলায় কিছু লোক আসত এখানকার রাজপ্রাসাদ দেখার জন্য যদিও Museum হিসাবে সেটা তখনো স্বীকৃতি পায়নি। পরবর্তী অবস্থায় সেটা Private সম্পত্তি হিসাবে স্বীকৃত হয়েছে।
সাধারণতঃ সংগ্রহালয়— বা যাদুঘর মানুষের অতীতের ইতিহাস বহন করে আনে। সেই হিসাবে ভারতের প্রত্যেক রাজ্য—অবশ্য কিছু সংখ্যক রাজ্যে সংগ্রহালয় নেই— অবশ্য কিছু সংখ্যক রাজ্যে সংগ্রহালয় আছে এবং বিশেষত আমরা দেখি বাংলা দেশে ৭টি সংগ্রহালয় আছে। উত্তর প্রদেশে ৪টি সংগ্রহালয় আছে, দিল্লীতে, জয়পুরে সংগ্রহালয় আছে। বোম্বাই নাগপুরেও আছে। পুনাতেও সংগ্রহালয় আছে। অন্ধ্রে ২টি সংগ্রহালয় আছে, তার মধ্যে কর্ণাজুন মিউজিয়াম ভারত বর্ষের একটি উৎকৃষ্ট মিউজিয়াম বললেও অত্যুক্তি হয় না। এটি ব্যক্তিগত সম্পত্তি এক সময় ছিল, তাতে পূর্বপুরুষের সংগ্রহ যা কিছু ছিল সবই রাখা হয়েছে সেখানে। স্বাধীনতার পর গৌহাটিতে একটি সংগ্রহালয় হয়েছে। দিল্লীতে ৩টি মিউজিয়ামের মধ্যে একটি স্বাধীনতার পর হয়েছে। সংগ্রহালয়ের মধ্যে আমরা দেখতে পাই যে শিক্ষার একটি বিশিষ্ট স্থান আছে। গবেষকরা সেখানে গবেষণা করে যাচ্ছেন এবং অতীতের ইতিহাসকে তারা নিয়ে আসছেন

বর্ত্তমানে। স্বাধীনতার পর আরো একটি সংগ্রহালয় হয়েছে দিল্লীতে এবং Richest musium বলে অভিহিত করা হয়ে থাকে, সেটা হল রাষ্ট্রপতি ভবনে। ঐ সব দেখে মনে হয় যারা শিক্ষিত লোক, অতীতের ইতিহাসের প্রতি যাদের শ্রদ্ধা আছে, কৃষ্টি সভ্যতার প্রতি তাদের একটা আগ্রহ আছে। জনসাধারণের সামনে তুলে ধরবার জন্যে। আগরতলাতেও সেই রকম একটা মিউজিয়াম হওয়ার প্রয়োজন এবং এই জন্যই আমি এখানে এই প্রস্তাব রাখছি। আশাকরি সর্বসম্মতিক্রমে তা গ্রহণ করিবেন।

Mr. Speaker :— I would now call on Shri Aghore Deb Bnrma.

Shri Aghore Deb Barma :— মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী উমেশ লাল সিংহ এখানে যে প্রস্তাব রেখেছেন তাহা খুবই ভাল এবং দ্বিমতের কোন প্রশ্নই উঠে না। আমাদের State এ যে সমস্ত পুরানো জিনিষ আছে সেগুলি সংগ্রহ করা দরকার। কিছুদিন আগে সুযোগ পেয়ে আমি সফরে গিয়েছিলাম, সেখানে ২০০/২৫০ বৎসরের পূর্ব্বেকার জিনিষপত্রগুলি সংগ্রহ করে রাখা হয়েছে। অথচ আমাদের পুরানো জিনিষ বলতে কিছুই থাকছে না— সবই শেষ হয়ে যাচ্ছে। অথচ আমরা সব সময় বড়াই করে আছি আমাদের অতীত আছে, কৃষ্টি আছে, সভ্যতা আছে, সাংস্কৃতি আছে ইত্যাদি অনেক বড় বড় কথা আমরা বলে থাকি কিন্তু তা কার্য্যত সংরক্ষনের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হচ্ছে না। পোস্ট অফিস চৌমুহনীতে কেন্দ্রীয় সরকারের Grant নিয়ে একটা building বহুদিন পূর্ব্বে Construction শুরু হয়েছিল, এখন পর্য্যন্তও সেই Construction চলছে। কখন যে তা শেষ হবে তা বলা মুস্কিল। কাজেই সেই দিক দিয়ে আমাদের পুরানো জিনিষ গুলির সংরক্ষণের একটা ব্যবস্থা রাখা দরকার বলে আমি মনে করি। এখানে যে প্রস্তাব রাখা হয়েছে তা সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

Shri Krishnadas Bhattacharji— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রস্তাবটি যে উদ্দেশ্যে এখানে রাখা হয়েছে সেই উদ্দেশ্যে কাজ already আরম্ভ করা হয়েছে। মাননীয় সদস্য অবগত আছেন যে পোষ্ট অফিস চৌমুহনীতে যে মিউজিয়ামের কাজ আরম্ভ হয়েছে তার জন্য ৪ লক্ষ ৩২ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। Buildingটি প্রায় শেষ হওয়ার পথে এবং আশা করছি যে বর্ত্তমান আর্থিক বৎসরের ভিতরেই মিউজিয়ামের Formal inaugeration করতে পারব। এই Buildingটি অতি সত্বরই আমাদের hand over করা হবে এবং এর জন্য যে সমস্ত কর্মচারী প্রয়োজন সেই কর্মচারী নিযুক্তির ব্যাপারেও আমরা অনেকটা অগ্রসর হয়েছি এবং কয়েকটি post create করা হয়েছে এবং ১৫ দিনের মধ্যেই কর্মচারী নিয়োগ করা হবে বলে আশা করা যায় যাতে ভিতরে সাজানোর কাজ আরম্ভ করা যায় এবং আমরা আশা করছি মার্চ মাসের মধ্যেই মিউজিয়ামটি আমরা start করতে পারব। সুতরাং এই প্রস্তাবটি এখানে রাখার আর কোন প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না। মাননীয় সদস্য আমার এই আশ্বাসের পরিপ্রেক্ষিতে তার এই প্রস্তাবটি যদি প্রত্যাহার করে নেন তাহলে মনে হয় ভাল হয়।

Mr. Speaker :— I would request Shri Umesh Lal Singh to give his reply.

Shri Umesh Lal Singh :— মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রী মহোদয় যে আশ্বাস দিয়েছেন তার পরিপ্রেক্ষিতে আমি আমার এই প্রস্তাব প্রত্যাহার করে নিচ্ছি।

Mr. Speaker :— I would take leave of the house to withdraw the Resolution—the Resolution is that a State Museum is to be organised with adequate number of exhibits in a magnificient building at Agartala, the capital of Tripura and for this purpose an adequate fund should be allotted in the next budget so that the preliminary work may be started in an earlier possible time.

The Resolution is withdrawn with the leave of the house.

There is another Resolution of Shri Radhika Ranjon Gupta. I would call on Shri Radhika Ranjan Gupta to move his resolution that this Assembly is of opinion that for facility of better Administration, this territory of Tripura is to be divided into three districts having a District Magistrate & Collector, a District Judge, a Superintendent of Police, a District Hospital, a District Jail, a District Treasury, a District Agriculture office, a District Employment office, a District Forest office, a District Education office and a District Panchayat Raj officer including appropriate offices and each District Head Quarter with powers as other Districts enjoy.

Shri Radhika Ranjan Gupta :— Hon'ble Speaker Sir, I am obliged to move a Resolution that this Assembly is of opinion that for facility of better administration this territory of Tripura is to be dviided into three districts having a District Magistrate & Collector, a District Judge, a Superintendent of Police, a District Hospital a District Jail, a District Treasury, a District Agriculture officer, a District Employment officer, a District Forest officer, a District Education office, a District Panchayet Raj officer including appropriate offices in each District Head quarter with powers as other Districts enjoy.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই প্রস্তাব আনছি— যদিও আমাদের এই ত্রিপুরা রাজ্য আয়তনের দিক দিয়া খুব একটা বড় নয়, মাত্র ৪১১৬ মাইল তার আয়তন কিন্তু তার ভৌগলিক যে অবস্থান তা আমরা জানি যে এটা পার্বত্য ত্রিপুরা, তা ছাড়া প্রায় চারি দিক পাকিস্থান দ্বারা পরিবেষ্টিত। কাজেই আমাদের যে রাজনৈতিক অবস্থান, আমাদের যে ভৌগলিক অবস্থান, তার জন্য এখানকার শাসন, সংগঠন, উন্নয়ন তার প্রতি আমাদের বিশেষ দৃষ্টি দিতে হবে। এ রাজ্যে— ১৯৫১ সালে লোক সংখ্যা ছিল প্রায় ৫ লক্ষ। তখনকার আমলে একজন District

Magistrate ও একটি District ছিল, বর্ত্তমানে ১৯৬৭ সালেও বিধান সভা প্রবর্ত্তনের পর এখানে মন্ত্রী মণ্ডলী হয়েছেন, সেক্রেটারিয়েট আছেন ডাইরেক্টরেট আছেন কিন্তু District level এ আমরা দেখতে পাচ্ছি যে মাত্র একজন District Magistrate সারা ত্রিপুরার জন্য কাজ করছেন। আমাদের এখানে সাবডিভিশন আছে মোট দশটি, আমরা যদি লক্ষ্য করি তবে দেখব যে ভারতের কোথাও ১ জন জেলা মেজিষ্ট্রেট ১০টি মহকুমা পরিচালনা করেন না। ১জন মেজিষ্ট্রেটের পক্ষে ১০টি মহকুমা দেখাশুনা করা, তত্বাবধান করা সম্ভব নয়। ভৌগোলিক অবস্থানের কথাত বললাম। তারপর রাজনৈতিক পটভূমিকার কথাও আমি বলছি। মিজোদের কথা এখানে উল্লেখ করা প্রয়োজন বলে আমি মনে করি। কিছুদিন পূর্ব্বে জাম্পুই পাহাড়ে একটা ঘটনা ঘটে এবং সেখানে জেলা মেজিষ্টেট ও পুলিশ সুপারকে যেতে সময় লাগে ৪৮ ঘন্টা। আগরতলা আসাম রোড যদিও হয়েছে তথাপি ঐসব উপদ্রুত অঞ্চলে যেতে যথেষ্ট সময় লাগে। আদিবাসী ও উদ্বাস্তুরা সাধারণ স্তরের মানুষ, কোন রকম দুর্ঘটনায় তারা যাতে অতি সত্ত্বর সাহায্য ও আইনের ব্যবস্থা পাইতে পারে, তারজন্য বর্ত্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে রাজনৈতিক দিক বিবেচনা করে এখানে তিনটি জেলা প্রবর্ত্তনের জন্য আমি অনুরোধ জানাব। আজকে এ রাজ্যে মিজোদের উপদ্রব ছাড়াও জাম্পুই পাহাড়ে নানা রকম গোলমাল দেখা যাচ্ছে, তা ছাড়া প্রায় চতুর্দ্দিক পাকিস্তান দ্বারা বেষ্টিত এবং সীমান্তে নানারকম গণ্ডগোল লেগেই আছে। দশটি মহকুমা থেকে ঐ সব রিপোর্ট একজন জেলা মেজিষ্ট্রেটের নিকট আসে এবং তারপর ডাইরেক্টরেট লেবেল হইয়া সেই সব সেক্রেটারীয়েট লেবেলে পৌছে তাতে কাজ স্বাভাবিক ভাবেই দেরী হয়। এই সব দিক বিবেচনা করে এখানে অন্তত তিনটি জেলা থাকা উচিৎ বলে আমি মনে করি। তাহলে আইন শৃঙ্খলাও পরিকল্পনার কাজও ত্বরান্বিত হবে। এই সমস্ত দিক বিবেচনা করে ত্রিপুরায় ৩টি জেলায় ভাগ করে দেওয়ার এই প্রস্তাব আমি হাউসের সামনে রাখছি।

Mr. Speaker :— I would now Call on Shri Abhiram Deb Barma.

Shri Abhiram Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য এইখানে ত্রিপুরাকে তিনটি জিলায় বিভক্ত করার জন্য যে প্রস্তাব এনেছেন এবং উনার প্রস্তাবের সমর্থনে তিনি যে বক্তব্য রেখেছেন আমি সেই বক্তব্যের সাথে একমত হতে পারিনি। কারণ ত্রিপুরা একটি ছোট প্রদেশ, এই ছোট প্রদেশকে ছোট ছোট জিলায় বিভক্ত করার কোন অর্থ হয়না। কারণ যে সমস্ত জিলাগুলিকে আলাদা আলাদা করার প্রস্তাব আছে তা কিছুতেই সমর্থন করা যায় না। ত্রিপুরাতে যে ভাবে Director এর সংখ্যা, Secretaryরা আছে আমার মনে হয় ভারতবর্ষের আর কোথাও এত বেশী Post নেই। কাজেই ত্রিপুরাতে যে ভাবে কাজ চলছে এভাবে চলে আজকে ত্রিপুরার নিরাপত্তার ক্ষেত্রে বিঘ্ন হবে এমন আশঙ্কা করার কোন কথা নেই। ত্রিপুরার ভৌগলিক অবস্থার দিকে তাকিয়ে দেখুন আমরা কি দেখব। এটা একটা পার্ব্বত্য ছোট অঞ্চল, যাকে বিভক্ত করার প্রশ্ন আমি কিছুতেই সমর্থন করতে পারছি না।

Mr. Speaker :— Now I Call on Hon'ble Chief Minister.

Shri S. L. Singh :— (Chief Minister) মাননীয় অধ্যক্ষ মহোদয়, ত্রিপুরাকে তিনটি জেলায় বিভক্ত করার যে প্রস্তাব এসেছে তার বিরোধীতা করতে গিয়ে যে কথা বলা হয়েছে যে ভারতবর্ষে কোথাও এমন ব্যবস্থা নেই। প্রত্যেক Provincial Administration এ একটা Secretariat থাকবে, Dircetorate থাকবে, District Administration থাকবে। অতএব সেই দিক দিয়ে যৌক্তিকতা আছে। এখানে village Panchayet আমরা করছি। village Panchayet আমরা U. Pকে অনুসরণ করে করছি। সেখানে three tyre Panchayet হয়েছে। আঞ্চলিক পঞ্চায়েৎ জিলা পঞ্চায়েৎ এবং গ্রাম পঞ্চায়েৎ। যদি People এর greater representation দিতে হয় তাহলে পরে তার থেকে leader তৈরী করা দরকার। village to District, District to Province. কাজেই এ দিক দিয়ে তার যৌক্তিকতা আছে। কারণ যাতে Powerটা Concentrate না হয় to one hand. এটাই democracyর বড় কথা। তবে এই প্রস্তাব আমাদের চিন্তাধীন আছে। আমরা সেটাকে spceial Considerationএ রেখেছি। অতএব আমি মাননীয় সদস্যকে বলব, অনুরোধ করব যে উনি যেন উনার প্রস্তাব প্রত্যাহার করেন।

Mr Speaker :—Now I call on Shri Radhika Ranjan Gupta.

Shri Radhika Ranjan Gupta :—মাননীয় স্পীকার মহোদয়, আজকে আমার এই প্রস্তাবের উপর মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বললেন যে সেটা উনার active Consideration এর মধ্যে আছে। তারপর সেই প্রস্তাব নিয়ে আমি আর অগ্রসর হতে চাইনা এবং আমি সেই প্রস্তাব প্রত্যাহার করছি।

Mr Speaker :—Now I shall take leave of the House to the withdrawal of the resolution.

As money as are of that opinion will please say 'Ayes'.

voices—'Ayes'.

As maney as are of Contrary opinion will please say, 'Noes'.

No voice.

Ayes have it, Ayes have :—The resolution is withdrawn with the leave of the House.

Next item in the list of business is the Private Members' Motion—Now I call on Shri Aghore Deb Barma to move his resolution that "the Maladministration in the Survey and Settlement department Incidents of recent occurance be taken into Consideration.

Shri Aghore Deb Barma :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার বক্তব্য survey and settlement সম্পর্কে। যেভাবে Survey and Settlement চলছে সেই সম্বন্ধে কিছু বক্তব্য এখানে রাখা দরকার। প্রথম কথা হচ্ছে এখানে এখন পর্য্যন্ত ৭জন staff, ৭ জন অফিসার ৮ বৎসর ধরে deputation এ আছে। তারা কি চিরস্থায়ী হয়ে গেল? আর যদি চিরস্থায়ী

হয়ে থাকে তবে চিরস্থায়ী তাদেরকে করা হউক। তাদেরকে দীর্ঘদিন deputation এ রাখার কোন যৌক্তিকতা নেই। কারণ deputation এ যারা আছেন তারা যদি চলে যান তাহলে আমাদের এখানকার স্থানীয় লোকদের Promotion এর একটা ব্যবস্থা হয়। কিন্তু যে ব্যবস্থা এখন পর্য্যন্ত করা হচ্ছে না। আর দুই নম্বর প্রশ্ন হচ্ছে আমাদের Settlement Officer নিজে প্রত্যেক মাসের প্রথম দিকে এবং শেষের দিকে প্রায় বরাবরই এক জায়গা থেকে অন্য জাগায় tour দেন আর T. A D. A. নেন। কাজ হউক বা না হউক T.A. D.A lump sum একটা amount প্রত্যেক মাসেই draw করছেন। কিন্তু অন্য কর্মচারীব বেলায় তিনি নারাজ সততার দোহাই দেন। এ হেন corrupted officer আমি জীবনে দেখিনি।

Mr. Speaker:—Hon'ble Member, you are requested to deliver your speech on recent occurrence of Public importance

শ্রীঅঘোর দেববর্ম্মা :—সবগুলাই বলছি one bv one Recent ঘটনা সম্বন্ধেই আমি বলছি—নাম ধরেই আমি বলব তা নাহলে confusion থেকে যাবে। দ্বীজপদ রায়, Settlement Officer র steno তিনি সেখানে যে কি ধরণের ঘটনা করছেন মাননীয় সদস্যদেরও বোধহয় জানা আছে এবং পত্রিকার মধ্যেও বের হয়েছে যে সেখানকার মহিলাদের নিয়া যেসমস্ত কাণ্ডকীর্ত্তি ঘটছে। সেখানে employee দের অনেক সময় কাজ পর্যন্ত করতে দেওযা হয় না। যেন তিনি এযুগের একজন শ্রীকৃষ্ণ। এ ধরণের যে corruption চলছে তা অতি সত্বর check দেওয়া দরকার। শুধু তাই নয়। কেন এইসব কাজ করতে পারছে? কারণ সে অফিসারের একজন ঘনিষ্ট লোক। তার পেয়ারের লোক। সাত খুন করলেও তার মাপ। এটা কংগ্রেস সরকারের চিরাচরিত নমুনা। কিছুদিন আগে পত্রিকায় এক খবর বেরিয়েছিল তিনি নাকি হাওড়া নদীর তীরে একটি মহিলাকে নিয়ে ধরা পড়েন। তিনি overtime অনেক draw করেন। overtime এর ব্যাপারে আমি শুধু মাত্র Settlement department কথা বিশেষ করে বলছি, অন্য department এর কথা বলছিনা। By rotation হলেও overtime সবারই পাওয়া উচিত। কিন্তু Particular কতগুলি পেযারের লোক বা নিজেদের আত্মীয় স্বজন তাদেরকে কিছু টাকা পাইযে দেওয়া হচ্ছে। যেমন কালীপদ ঘোষ,তারপর দ্বীজপদ রায়ের কথা তো পূর্ব্বেই বলা হয়েছে, তারপর ভোপেন্দ্র ভৌমিক, সুনীল সেন আর বিজয় ঘোষ। এখানে বহু কর্মচারী আছে। কিন্তু ঐ কয়জন ছাড়া আর কাউকে overtime দেওয়া হয় না। আমার মূল বক্তব্য হচ্ছে অফিসের সবারই by rotation overtime পাওয়া দরকার। ভূপেন্দ্র ভৌমিক একজন খুদে S. O. তাঁর কথা বলতে হলে মহাভারত সৃষ্টি হবে। তাঁর সম্পর্কে আমি আগামী sessionএ কিছু বলব by means of substantive motion

Shri S L. Singh :— (Chief Minister)

Mr Speaker, Sir Point of order Rule—259 (IX) তে বলা আছে "reflect upon the conduct or any person whose conduct can only be discussed on substanteve motion drown up in proper terms under the Act"

আমি মাননীয় স্পীকার মহোদয়ের দৃষ্টি আকর্ষন করছি যে তিনি মহিলা সম্পর্কিত aspersion কর্মচারীর নাম করে বলেছেন।

Mr. Speaker :— It is a personal charge against the employee. So I request you to withdrom if.

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি যা বলেছি বলেছি— withdrawal এর প্রশ্ন উঠেনা। যদি আপনি proceedings থেকে বাদ দিতে চান বাদ দিতে পারেন।

Shri S. L. Singh (C. M.) :— I draw the attention of the Chair. The Hon'ble member is disobeying the ruling of the Chair.

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি যদি ruling দেন তাহ'লে আমি পরবর্তী সময়ে আর নামগুলি বলবনা।

Mr. Speaker :—Hon'ble Member, first of all obey the order.

Shri Aghore Deb Barma :—No, I will not withdraw মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এসেম্বলীতে এমন নজীর আছে, যদি Speaker ইচ্ছা করেন তাহলে Proceedings থেকে সেগুলো বাদ দিয়ে থাকেন। কিন্তু withdraw করতেই হবে এমন কোন—

Mr. Speaker :—It is my ruling.

Shri Aghore Deb Barma—বেশ তাহলে আমি বলবনা। Whether I will continue my speech.

Mr. Speaker—First of all you withdraw.

Shri Aghore Deb Barma :—No. I will not withdraw.

Shri S. L Singh (Chief Minister) —হাউসের তরফ থেকে আমি মাননীয় সদস্যকে Speaker এর ruling মেনে নিয়ে উনার কথা withdraw করতে বলব।

শ্রীঅঘোর দেববর্মা :—Assembly কে আমি অবশ্য challange করছি না। আমি challange এর mood নিয়ে কথা বলছিনা। আমি Speaker এর উপর challange এর mood নিয়ে কথা বলছিনা। যেটা আমাদের এখানে চলে আসছে সেই কথাটাই বলছি। যেমন অনেক সময় এরকম হয়েছিল—Proceeding থেকে বাদ দেওয়া হয়। Withdraw করতেই হবে এই ভাবে pressure দেওয়াটা আপত্তিজনক। কিন্তু যেহেতু House অনুরোধ করছেন সেইহেতু আজকের মত আমি withdraw করে নিচ্ছি।

Mr. Speaker :—Then continue and be relevant to rules.

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় স্পীকার মহোদয়, মহারাজার আমলে প্রতি বার বছর অন্তর একবার survey settlement হত। সেই ভিত্তিতে এখানে survey settlement করা হয় নাই। ফলে কি হয়েছে? আজকে survey settlement operation complete হওয়ার পথে হাজার হাজার case ঝুলছে। যেমন একটি লোকের ৫ কানি জোত। নূতন settlementএ তার কোন জায়গাই নেই। survey settlement operation complete হওয়ার পর যে সমস্ত case হচ্ছে সেটা অত্যন্ত ব্যাপক। এর জন্য survey settlement

officer এবং তার staff দায়ী। অর্থাৎ এমন ভাবে ধরে নেওয়া হয়েছে যে ত্রিপুরাতে যেন কোন কালেই survey settlmeent হয় নি। এই ভিত্তিতেই আজকে survey settlement করা হচ্ছে। জনসাধারণের যে সব পুরোনো তৌজি ছিল, সেগুলি ব্যাপক আকারে বাদ দেওয়া হয়েছে। একের জমি অন্যের নামে record হয়েছে। এমন কতগুলি জায়গা আছে—অনেক ক্ষেত্রে দেখা যায় যে তাদের চল্লিশ বৎসরের দখলীয় জমি, সে সকল জমি খাস দেখানো হয়েছে। কোন এক টিলার মধ্যে তার জায়গা দেখানো হয়েছে। এরকম বহু গোলমাল আছে। শুধু তাই নয়। আজকে এই অবস্থার মধ্যে যে ভাবে খাজনার হারটা বর্দ্ধিত করা হল ভূমি সংস্কারের দিকে, যদি সেই পদ্ধতিতে ১২ বছর পর পর settlement হচ্ছিল ঠিক সেই পদ্ধতিতে যদি হত তাহলে আইনগত ভাবে বর্ত্তমানে যে হারে খাজনা বাড়ানো হয়েছে সেই হারে বাড়তে পারেনা। এই সঙ্গে বলা দরকার যে আগরতলা টাউনে survey operation প্রথম শুরু করা হয়েছিল। এখন পর্য্যন্ত কাজটা complete হয়েছে কিনা জানিনা। পাঁচ বছর পর্য্যন্ত খাজনা বকেয়া পড়ে গেছে, তথাপি খাজনা দিতে গেলে খাজনা নেয় না। পুরোনো মতেও নেয় না নূতন মতও নেয় না, final হয়নি বলে। যদি আজকে প্রত্যেকটি মানুষের পাঁচ বছরের খাজনা বকেয়া পড়ে থাকে তা হলে কি করে তারা একসাথে সব খাজনা clear করবে। তাহলে কি অবস্থার সৃষ্টি হবে তা সকলের নিকটই অনুমেয়। সুতরাং বর্ত্তমান দুর্দিনের সময়ে শুধু আগরতলার কথা নয়, আগরতলার আশে পাশে সদর দক্ষিণে শ্রীনগর এলাকা বা ঈশানচন্দ্রনগর তহশীল এলাকার মধ্যে প্রায় ৫।৭ বছরের খাজনা বকেয়া পড়ে আছে, খাজনা নেয় না—তৌজি transfer না করলে খাজনা নিতে পারেও না। এই হচ্ছে অবস্থা।

তারপর আরেকটা কথা হচ্ছে সরদার, আমিন এবং অন্যান্য employeeরা West Bengal scaleএ এখনও বেতন পাচ্ছে না, যদিও অন্যান্য deptt. এর employeeরা West Bengal এর scaleএ বেতন পাচ্ছে। এই ব্যাপারে তারা কর্ত্তৃপক্ষের নিকট বহু আবেদন নিবেদন করেছে। কিন্তু এ পর্য্যন্ত কোন reply দেওয়া হয়নি।

Mr. Speaker :—The House stand adjourned till 11 A. M. on Monday, the 18th December, 1967.

Papers laid on the Table

APPENDIX—'A'

Starred Question No. 613 by Shri Ershad Ali Choudhury, M. L. A.

QUESTION

১) ত্রিপুরা Land Reforms & Land Revenue Actএর ৮৫ সেক্সন এর ব্যতিক্রমে যে সমস্ত এষ্টেস্‌টেশান অফিসার আয়, ও হিসাবে দস্তখত দিয়া কাজ করিতেছেন, উহা কোন আইনের কোন বিধি অনুসারে এবং উহা আইনতঃ শুদ্ধ কিনা ?

ANSWER

১) ১৯৬০ ইং সনের ত্রিপুরার ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইনে "এটেচ্চেশন" অফিসার বলিয়া কোন অফিসার নাই। যে সমস্ত অফিসার ঐ আইনের ৪নং ধারার বিধান মতে নিযুক্ত হইয়াছেন তাহারা সকলেই উক্ত আইনের প্রয়োজনে "রেভিনিউ অফিসার"। রিভিনিউ অফিসার যাহারা নিয়মাবলীর ৬৪ নং নিয়মানুযায়ী এটেচ্চেশনের কাজ করেন, তাহারা এটেচ্চেশন অফিসার বলিয়া পরিচিত। এইরূপ অফিসার রেভিনিউ অফিসার (আর, ও) হিসাবে দস্তখত করিতে পারেন। ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইনের ৮৫নং ধারায় এটেচ্চেশনের সম্পর্ক নাই।

Starred Question No. 624 by Shri Nishi Kanta Sarker, M. L. A.

QUESTION

১। উদয়পুর ব্লকের মাধ্যমে আজ পর্য্যন্ত গৃহ নির্ম্মাণ প্রকল্পে কত টাকা ঋণ মঞ্জুর করা হইয়াছে,

২। কতজন উক্ত ঋণের জন্য প্রার্থনা করিয়াছিল ও তাহাদের কতজনকে ঋণ মঞ্জুর করা হইয়াছে, জনপ্রতি ঋণের পরিমাণ কত ?

৩। যাহারা জমি বন্ধকী দলিল রেজিষ্টারী করিয়া দিয়াও ঋণ পায় নাই এরূপ লোকের সংখ্যা কত ?

ANSWER

১। ৬২,৫০০·০০ টাকা (মোট বাষট্টি হাজার পাঁচশত টাকা)।

২। মোট ৮০ জন (আশিজন) প্রার্থনা করিয়াছিল। তন্মধ্যে ৩৯ (উনচল্লিশ) জনকে ঋণ মঞ্জুর করা হইয়াছে। ১৯৬৪-৬৫ সাল পর্য্যন্ত মোট ১৫০০·০০ টাকা (এক হাজার পাঁচশত) করিয়া ২৯ জনকে এবং ১৯৬৫-৬৬ সালে ১,৭৫০·০০ টাকা (এক হাজার সাতশত পঞ্চাশ) করিয়া মোট ১০ জনকে দেওয়া হইয়াছে।

৩। মোট ৩ (তিন) জন।

Starred Question No. 622 by Shri Nishi Kanta Sarkar, M. L. A.

QUESTION

ক) মহারাজার আমলের যে সেটেলমেন্ট হইয়াছিল তাহা বৈধ কিনা ;

খ) বৈধ হইয়া থাকিলে বর্ত্তমান সেটেলমেন্ট তাহা পরিবর্তন করিতে পারে কিনা ;

গ) না পারিলে বর্ত্তমান ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার আইনের ৪৩নং ধারা মতে পূর্ব্বতন নক্সা ও খতিয়ান অনুসারে জোতের রেকর্ড হইতে পারে কিনা ?

ANSWER

ক) হ্যাঁ, কিন্তু মহারাজার আমলে কিছু কিছু জায়গা জরিপ ছাড়া কোন সার্বিক জরিপ হয় নাই।

খ) হ্যাঁ।

গ) প্রশ্ন উঠে না।

Starred question No. 605
Shri Suresh Chandra Chowdhury M.L.A.

প্রশ্ন

১। বিলোনীয়া মহকুমায় মোট কতটি নলকূপ বসান হইয়াছে এবং তন্মধ্যে কতটি অচল অবস্থায় আছে?

২। সরকার অচল নলকূপগুলি মেরামতের কি ব্যবস্থা করিয়াছেন?

৩। পল্লী অঞ্চলে পানীয় জলের ব্যবস্থা করার প্রয়োজনীয়তা সরকার অনুভব করেন কিনা?

উত্তর

১। মোট ২৮৭টি নলকূপ বসান হইয়াছে। তন্মধ্যে আনুমানিক ৫৫টি নলকূপ অচল অবস্থায় আছে।

২। সাধারণতঃ অচল নলকূপগুলি বিভাগীয় কারিগর দ্বারা মেরামত করার পর চালু করা হয়। যে সমস্ত নলকূপ পুনঃ প্রোথিত করিয়া চালু করার প্রয়োজন তাহা ঠিকাদার নিযুক্ত করিয়া চালু করা হয়। অন্যান্য বৎসরের ন্যায় এই আর্থিক বৎসরের জন্যও ঠিকাদার নিযুক্ত করা হইয়াছে।

৩। হ্যাঁ

Starred Question No. 380
By Shri Bidya Chandra Deb Barma M.L. A.

প্রশ্ন

১। শিক্ষা মন্ত্রী শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্যের কোন জমি কি Tripura Land Revenue and Land Reforms Act এর ১১৮ ধারা অনুসারে ঐ আইনের ১৬৪ ধারার আওতা হইতে বাদ দেওয়া হইয়াছে;

২। যদি Ceiling limit এর ঐ ধারার আওতা হইতে বাদ দেওয়া হইয়া থাকে তবে তাহার কারণ এবং জমির আবাদ করা এবং কতটা অনাবাদী তাহার বিবরণ।

উত্তর

১। না।

২। প্রশ্ন উঠেনা।

Starred Question No. 319
By Shri Khri Kshitish Chandra Das, M.L.A.

প্রশ্ন

ক) কমলপুরের হালাহালী বাজারের ১৯৬৬—৬৭ ইং সনের ডাক কত টাকা;

খ) বাজারের অধীনের বর্ত্তমানে কত কাণি জমি আছে;

গ) জমির পরিমাণ যাহা তাহাতে ক্রেতা বিক্রেতার অসুবিধা হয় কিনা;

ঘ) অসুবিধা যদি হইয়া থাকে তবে প্রতিকারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

উত্তর

ক) ৩০০০ টাকা (তিন হাজার টাকা)

খ) ২.৯৮ একর

গ) এরূপ কোন রিপোর্ট নাই।

ঘ) প্রশ্ন উঠেনা।

APPENDIX—B

Unstarred Question No. 424

By Shri Rajkumar Kamaljit Singh, M, L A.

Question	Answer
1. How many Engineering Divisions are there under the P.W.D. ; 2. What is the volume of works allotted to each division and target achieved during the year 1964—65, 1965—66 & 1966—67 and allotment for the year 1967—68 ;	Materials are under collection.

Unstarred Quhstion No. 584

By Shri Abhiram Deb Barma, M. L. A.

Questions	Answer
১। সরকার ত্রিপুরায় চিনি সংকট সম্পর্কে জ্ঞাত আছেন কি ? ২। গত তিন মাসের মধ্যে আগরতলা সহরে সিভিল সাপ্লাই দপ্তর হইতে সরাসরি যাহাদের চিনির পারমিট দেওয়া হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা ; ৩। সস্তাদরে গ্রাম অঞ্চলে চিনি সরবরাহের কোন ব্যবস্থা থাকিলে তাহার বিবরণ।	তথ্য সংগ্রহ করা হইতেছে।

Unstarred Question No. 301

By Shri Abhiram Deb Barma, M. L. A.

প্রশ্ন

১) ত্রিপুরার সেটেলমেন্ট অফিসার ১৯৬৩ সালের মে মাসে তাঁহার নিম্ন অফিসারদের কি এমন কোন নির্দেশ দিয়াছেন যে, ১৯৬০ সালের ভূমি সংস্কার ও ভূমি রাজস্ব আইন চালু হওয়ার পর যে সমস্ত উপজাতীয়দের জমি বিনা রেজিষ্টারী দলিলে অ-উপজাতীয়রা ক্রয় বা দখল করিতেছেন, তাহা অ-উপজাতীয়দের নামে রেকর্ড করা হইবে এবং নামজারী করা হইবে ;

২) যদি এই নির্দেশ দিয়া থাকেন, পূর্ব্বাহ্নে এই নির্দেশ সম্পর্কে প্রশাসনের অনুমোদন লওয়া হইয়াছিল কি ;

৩) এই নির্দেশ মূলে এপর্য্যন্ত প্রত্যেক বিভাগে কত বিনা রেজেষ্টরী দলিলে ক্রয় করা জমি অ-উপজাতীয়দের নামে রেকর্ড ও নামজারী করা হইয়াছে ?

উত্তর

১) হ্যাঁ, ১৯৬৩ সনের মে মাসে গর্জি এলাকায় পরিদর্শনকালে অ-উপজাতীয়দের অনুকূলে উপজাতিদের দ্বারা সম্পাদিত বিনা রেজিষ্ট্রারীকৃত দলিলের বলে নামজারী মঞ্জুর করা হইতে পারে কিনা, তৎসম্পর্কে ক্যাম্প অফিসার, সেটেলমেন্ট অফিসারকে জিজ্ঞাসা করিলে তিনি তাহার মতামত অনুকূলে প্রকাশ করেন। পরে মিটিংএর প্রসিডিং প্রচার করা হইয়াছিল।

২) না।

৩)

	মহকুমার নাম	অ-উপজাতীয় ক্রেতার সংখ্যা	বিনা রেজেষ্টরী দলিলে যে সমস্ত অ-উপজাতীয় উপজাতীয় হইতে জমি খরিদ করিয়াছে তাহার পরিমাণ	যে সমস্ত ক্ষেত্রে নামজারী হইতেছে তাহার সংখ্যা।
১)	সদর	৯৮	৭৮·৯৬ একর	২৬
২)	খোয়াই	.৬৬	৬৮ ৬৫	৫৮
৩)	কৈলাসহর	৪৮	৪৮·০৯	৪
৪)	ধর্ম্মনগর	৬০	৬৬·১৪	৪০
৫)	উদয়পুর	৭৮	৭৬·৯৬	৫৭
৬)	সোনামুড়া	১৮	১৩·৩৮	৭
৭)	বিলোনীয়া	৪২	৩৪·৩৫	২৯
৮)	অমরপুর	৪৭৬	৪৪৯·৮২	৩৭
৯)	সাব্রুম	৩১৪	২৫৭·০৫	৩
১০)	কমলপুর	—	—	—
	মোট :	১,২০০	১০৯৩.৪০	২৫১

Unstarred Question No. 305

Shri Abhiram Deb Barma, M. L. A.

প্রশ্ন

১) ত্রিপুরা সরকারের সেটেলমেন্ট অফিসার ১৯৬০ সালের মে মাসে তাহার নিম্ন অফিসারদের কি এমন কোন নির্দ্দেশ দিয়াছেন যে যদি কোন উদ্বাস্তু মৌখিক বা বিনা রেজেষ্টরী দলিলে কোন মুসলমানের সহিত জমি বিনিময় করিয়া থাকেন তবে তাহার ঐ বিনিময় আইনতঃ গ্রাহ্য হইবে এবং বিনিময়কারী উদ্বাস্তুর নামে ঐ জমি রেকর্ড করা হইবে ; এবং তাহার নামে নামজারী হইবে।

২) যদি ঐ ধরণের নির্দ্দেশ দেওয়া হইয়া থাকে, তবে এই সম্পর্কে পূর্ব্বাহ্নে প্রশাসকের অনুমতি লইয়া উহা দেওয়া হইয়াছে কিনা ;

৩) ঐ নির্দ্দেশ অনুসারে এ পর্য্যন্ত কত বিনিময়কারী উদ্বাস্তুর নামে জমি রেকর্ড করা ও নামজারী করা হইয়াছে তাহার বিভাগ ভিত্তিক হিসাব ;

৪) এই ধরণের নির্দ্দেশ কি ভূমি আইনের বিরোধী নয় ?

উত্তর

১) হ্যাঁ, ১৯৬৩ ইং সনের মে মাসে পশ্চিম এলাকায় পরিদর্শন কালে ত্রিপুরা হইতে পাকিস্থানগমণকারী মুসলমানগণের সম্পত্তি পূর্ব্ব পাকিস্থান হইতে আগত বিনিময়কারী হিন্দুদিগের স্বত্ব কি পদ্ধতিতে রেকর্ড করা হইবে তৎসম্পর্কে ক্যাম্প অফিসার সেটেলমেন্ট অফিসারের মতামত জানিতে চাহিলে সেটেলমেন্ট অফিসার ক্যাম্প অফিসারকে বলেন যে, কোন দলিলাদির অবর্ত্তমানে আগত হিন্দুদিগকে তাহারা যে বিনিময়কৃত সম্পত্তি দখল করিয়াছে, তৎসম্পর্কে উপযুক্ত আদালতে এফিডেভিট করিবার জন্য যেন আগত হিন্দু বিনিময়কারী-দিগকে বলেন। তিনি আরও বলেন যে, তাহারা প্রকৃত পক্ষে দখলে থাকা অবস্থায় এফি-ডেভিট করিলে এটেষ্টেশন অফিসার উপযুক্ত কোর্টফি সহ নাম জারীর দরখাস্ত পাওয়ার পর তৎসম্পর্কে তাহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিয়া তাহাদের নামে নামজারী করিতে পারিবেন।

২) না।

৩)

মহকুমার নাম	যে সকল ক্ষেত্রে নামজারী মঞ্জুর করা হইয়াছে, তাহাদের সংখ্যা
সদর	৯৬৬
খোয়াই	৮৯
কমলপুর	—
কৈলাসহর	৬৩
ধর্ম্মনগর	১
সোনামুড়া	১৮৭
উদয়পুর	৪৪১
বিলোনীয়া	২৭৩
অমরপুর	১৬২
সাব্রুম	৩৭
	২,২১৯

Unstarred Question No. 493. By Shri Bidya Ch. Deb Barma, M. L. A.

প্রশ্ন

১) ত্রিপুরার মোট ধানী জমির মধ্যে টিলা জমির পরিমান কত, মহকুমা ভিত্তিক তাহার বিবরণ;

২) টিলা জমির একর প্রতি ধান উৎপাদন কত হয়;

৩) টেরেস কাটার ফলে উৎপাদন বৃদ্ধি পাইয়াছে কিনা;

৪) উৎপাদন বাড়িয়া থাকিলে কি হারে বাড়িয়াছে ?

উত্তর

১)	সদর	৩৯৩৫·৯১ একর
	খোয়াই	১৮৪·৭৯ ,,
	কমলপুর	৮৫৮·৮২ ,,
	কৈলাসহর	১১০·৫৪ ,,
	ধর্মনগর	৩৮৩·৮০ ,,
	সোনামুড়া	২২·২২ ,,
	উদয়পুর	১৭৯·৮৯ ,,
	বিলোনীয়া	১৫৮·০৬ ,,
	অমরপুর	২৬৩·৩৭ ,,
	সাব্রুম	২১১·০৯ ,,

২) টীলা জমিতে উৎপন্ন ধানের কোন পৃথক হিসাব রাখা হয় না।

৩) হ্যাঁ, যেহেতু অধিক পরিমাণ ভূমি টেরেস কাটার ফলে চাষের মধ্যে আনা যায় এবং তাহাতে ফলন বৃদ্ধি পায়।

৪) এরূপ তথ্যাদি সম্বন্ধে সরকার অবগত নহে।

Unstarred Question No. 514 By Shri Bidya Ch. Deb Barma, M. L. A.

QUESTION

(1) Total No. of jotes and Taluks with their areas existed before implementation of the T. L. R. and L. R. Act, 1960 (Sub-division-wise break up);

(2) Total no. of jotes and Taluks against which no land has been recorded in the present settlement operations (i. e. no. of Jotes Taluks and) and area thereof (sub-division-wise) ;

(3) Whether land revenue has been affected by such non-recording, if so total loss to Govt. due to that (sub-division-wise) ;

ANSWER

(1)
(2) } Materials are still under collection.
(3)

Unstarred Question No. 375. By Shri Abhiram Deb Barma

প্রশ্ন

১) বর্তমান জরিপের পর ভূমিহীন ছাড়া অন্য যে সকল ব্যক্তিকে "Excess Land" ছাড়া অন্য সরকারী খাস জমি allot করা হইয়াছে তাহাদের বিভাগ ভিত্তিক (Sub-division-wise) নাম ;

২) Allotment Rules এর কোন ধারা অনুসারে তাহাদের জমি allot করা হইয়াছে।

ANSWER

(১)
(২) } তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

Unstarred question No. 369—By Shri Abhiram Deb Barma, M. L. A

QUESTION

১। কাঞ্চনপুর এবং ছৈলেংটা T. D. Block হইতে গত বছর যাহারা কৃষি ঋণ, reclamation grant, ধানের বীজ ও আলুর বীজ পাইয়াছেন তাহাদের নাম ;

২। মোট কত উপজাতীয় কৃষক ধানের বীজ, আলুর বীজ, reclamation grant এবং কৃষি ঋণের জন্য আবেদন করিয়াছেন ?

ANSWER

Name of Block.	Name of persons who received.			
	Agricultural.	Reclamation grant	Paddy seeds.	Potato seeds
Kanchanpur.	As per Annexure—I	As per Annexure II	As per Annexure—IV	As per Annexure VI
Chailengta.	As per Annexure—I(A)	As per Annexure III	As per Annexure—V	As per Annexure—VII

Name of the Block	No. of tribals who applied for			
	Agriculture.	Reclamation Grant.	Paddy seeds	Potato Seeds
Kanchanpur.	94	186	Nil.	Nil
Chailengta.	70	Nil.	Nil.	Nil.

ANNEXURE—1

(a) Name of the applicants who received Agri. loan at Kanchnapur and Chawmanu T. D. Block areas during the year 1966—67.

Kanchanpur Block.

1. Noa Ram Chakma.
2. Girindra Ram Das.
3. Brajendra Kumar Pal.
4. Lakmidhan Chakma.
5. Bala Bhadra Chakma.
6. Madan Mohan Chakma.
7. Mati Lal Chakma.
8. Fanindra Chakma
9. Anil Kumar Pal.
10. Debendra Lal Chakma.
11. Kripa Ranjan Chakma.
12. Nanda Ram Das.
13. Mela Ram Chakma.
14. Joyanta Kumar Saha.
15. Dwijendra Chandra Pal.
16. Gunadhar Reang.
17. Kuthum Rai Reang.
18. Niranjan Reang.
19. Guni Chandra Reang.
20. Safi Rai Reang.
21. Jarmani Reang.
22. Rai Chand Chakma.
23. Chai Jui Bul Halam.
24. Sukra Mohan Chakma.
25. Rabi Das Chakma.
26. Janamjoy Chakma
27. Brikudhar Chakma.
28. Dhirendra Lal Chakma.
29. Gunadhar Chakma.
30. Kshitish Ch. Pal.
31. Sitendra Chandra Pal.
32. Naresh Chandra Pal.
33. Hari Mohon Hajari.
34. Bannaibul Tripura.
35. Benoo Ranjan Bhattacharjee.
36. Birendra Chakraborty.

K

Annexure I (A)

Chailengta.

1. Shri Suresh Chandra Kar.
2. ,, Rakesh Ch. Bhowmik.
3. ,, Tambaksena Singha.
4. ,, Narayan Singha.
5. ,, Purna Ch. Singh.
6. ,, Krishna Mohon Singha.
7. ,, Surjamani Datta.
8. ,, Paran Singha.
9. ,, Kartic Ch Haldar
10. ,, Gupendra Lal Roy
11. ,, Adhir Ch. Das.
12. ,, Jatindra Kr. Pal.
13. ,, Subodh Ch. Kar.
14. ,, Mono Hari Deb
15. ,, Karunamoy Chakraborty.
16. ,, Jogesh Ch. Acherjee.
17. ,, Anil Ch. Senapati.
18. ,, Kshitish Ch. Datta
19. ,, Nirode Baran Dey.
20. ,, Manmohan Chanda
21. ,, Aswini Kr. Sarkar.
22. ,, Bijo Narayan Das.
23. ,, Sudhir Ch Deb.
24. ,, Narendra Narayan Das.
25. ,, Rasamoy Das.
26 ,, Pulin Chandra Das.
27. ,, Debendra Kr. Deb.
28. ,, Nibaran Ch. Das.
29., ,, Abinash Ch. Deb.
30. ,, Rasik Ch. Deb.
31. ,, Satish Ch. Das.
32. ,, Radhika Rn. Das.
33. ,, Jatindra Ch. Das.
34. ,, Basiram Das.
35. ,, Kshirmohan Das.
36. ,, Sukramar Das.
37. ,, Kshirode Ch. Paul.
38. ,, Adwaitya Ch. Deb.
39. ,, Birendra Ch. Das.
40. ,, Gupesh Ch. Shome.
41. ,, Milan Ch. Das.
42. ,, Sasi Mohan Das.
43. ,, Jagabondhu Das.
44. ,, Gopal Ch. Das.
45. ,, Ajamil Das.
46. Shri Hara Kr. Das.
47. ,, Jogendra Kr. Saha.
48. ,, Digendra Kr. Saha.
49. ,, Shrish Ch. Deb.
50. ,, Narendra Kr. Deb.
51. ,, Adwaitya Ch. Deb.
52. ,, Gobinda Ch. Sli.
53. ,, Dinamani Dey.
54. ,, Jogendra Ch. Sahaji.
55. ,, Ram Mohan Das.
56. ,, Sudhan Ch. Das.
57. ,, Joy Ch. Das.
58. ,, Harakrishna Sutradhur.
59. ,, Prangopal Chakraborty.
60. ,, Prankrishna Das.
61. ,, Ramal Ch. Das.
62. ,, Manoranjan Acherjee.
63 ,, Bipin Ch. Dhar.
64. ,, Mahendra Ch. Das.
65. ,, Pramode Rn Das.
66. ,, Hari Pada Deb.
67. ,, Biraja Kanta Das.
68. ,, Subal Ch. Deb.
69. ,, Mahendra Ch. Chandra.
70. ,, Malati Das.
71. ,, Himangi Bala Das.
72. ,, Jagadish Ch. Bhattacharjee
73. ,, Jamini Bala Gosh.
74. ,, Ranga Basi Deb.
75. ,, Rohini Kr. Deb.
76. ,, Monoranjan Malakar.
77. ,, Matilal Das.
78. ,, Gobinda Ch. Deb
79. ,, Ram Ch. Das.
80. ,, Mahananda Das.
81. ,, Sukhamoy Das.
82. ,, Ananda Kr. Das.
83. ,, Binanjoy Reang.
84. ,, Biranjoy Reang.
85. ,, Niranjoy Reang.
86. ,, Thumg Reang.
87. ,, Rasamoy Kar.
88. ,, Sukhamoy Dutta.
86. ,, Kamini Deb.
90. ,, Madangopal Chakraborty.

ANNEXURE I(A)

91. Stri Harendra Ch. Deb Nath.
92. ,, Upendra Kr. Deb.
93. ,, Jaladhar Deb.
94. ,, Kiran Lal Chowdhury.
95. ,, Raman Ch. Roy.
96. ,, Mokundha Deb.
97. ,, Sachindra Kr. Acherjee.
98. ,, Satish Ch. Dutta.
99. ,, Bishnu pada Deb.
100. ,, Niranjan Sen.
801. ,, Dhanajoy Sarker.
102. ,, Manindra Kr. Malaker.
103. ,, Umesh Ch. Das.
104. ,, Amulya Das.
105. ,, Mahim Ch. Deb.
106. ,, Sukhalal Sukla Das.
107. ,, Surendra Ch. Deb.
108. ,, Nanda Gopal Debnath.
109. ,, Jagat Ch. Das.
110. ,, Sushil Ch. Das.
111. ,, Narendra Ch. Deb Nath.
112. ,, Kshirode Rn, Deb.
113. ,, Manindra Ch. Nama.
114. ,, Manachand Das.
115. ,, Premananda Das.
116. , Jatindra Ch. Chakraborty
117. ,, Tarak Ch. Talukda
118. ,, Farakka Chakma
119. ,, Kalachand Chakma
120. ,, Bodhamani Chakma
121. ,, Paradip Chakma
122. ,, Birendra Chakma
123. ,, Purna Kr. Chakma
124. ,, Bandra Chakma
125. ,, Satyaban Karbari
126. ,, Mohan Ch. Tripura
127. Shri Haricharan Tripura
128. ,, Kailaha Reang
129. ,, Subadu Reang
130. ,, Siramani Rearg
131. , Pathangiay Reang
132. ,, Radhu Ch. Reang
133. ,, Banka Rai Reang
134. ,, Detram Reang
135. ,, Matram Reang
136 ,, Jamini Kr. Tripura
137. ,, Mai Mai Tripura
138. ,, Lokemohan Tripura
139. ,, Birendra Ch. Deb
140. ,, Brajakishore Jamatia
141. ,, Bharati Goswai Jamatia
142. ,, Khuna Darlong
143. ,, Manindra Lal Barua
144. ,, Kusal Ch. Das
145. ,, Manindra Kr. Majumder
146. ,, Paresh Ch. Das
147. ,- Ajoy Kr. Tripura
148 ,, Ganga Ram Chakma
149. , Kupa Darong
150. ,, Subhanga Darlong
151. ,, Kahana Darlong
152. ,, Nishi Kanta Chakraborty
153. ,, Chandramani Sinaha
154. , Jogendra Sarker
155 ,, Rasamoy Nama
156. ,, Satyendra Kr. Dhar
157. ,, Kunja Roy Singha
158. ,, Basini Mohan Singha
159. , Kshire Singha
160. ,, Gopal Singha
161. ,, Joy Ch. Deb Barma
162 ,, Tambak Kshetrani.

ANNEXURE—II.

List of persons of Kanchanpur T. D. Block who received reclamation grant during 1966-67.

1. Shri Amar Chand Ghosh
2. ,, Jotish Chandra Dutta
3. ,, Gopendra ch. Nath
4. ,, L. Saikhuma Sailo
5. ,, Naba Kishore Choudhury
6. ,, Babusai Singha
7. ,, Gakul Chandra Singha
8. Shri Ajit Kr. Roy
9. , Basahta Kumar Singha
10. ,, Krishna Chandra Nath
11. ,, Nanda M. Chakma
12. ,, Rabana Chakma
13. ,, Chandra M. Hazari
14. ,, Girindra Ch. Sarma

15. Shri Roydhan Sarkar
16. ,, Suklal Sarkar
17. ,, Sunil Chandra Choudhury
18. .. Debendra Mazumder
19. ,, Sashi Bushan Chakraborty
20. .. Chandra Sing Reang
21 ,. Mangal Joy Reang
22. ,, Baburai Reang
23. ,, Bhankrai Reang
24. ,, Chandra Daskar
25. ,. Banu Ranjan Bhattacherjee
26. ,, Kharendra Reang
27. ,, Bisomoni Reaug
28- ,, Reangpai Reang
29. ., Nidhiram Reang
30. ,, Sandirrm Reang
31. ,, Sunaram Deb Barma
32. ,. Ram Kanai Reang
33 ., Baparai Reang
34. ., Namurai Reang
35. ., Kusharai Reang
36. ., Kumbal Jai Reang
37. ., Satiram Reang
38. ., Khamaram Reang.
39. ,, Muktarai Reang,
40. ,, Babujoi Reang
41. ,, Nagendra Kr- Suklabaidya.
42. ,. Jutrai Reang
43. , Niranjan Reang.
44. ,, Brishiram Reang.
45. ,, Gangajoy Reang.
46, ., Sadaihum Reang.
47. ,, Dhanuram Reang.
48. ,, Naba Ch. Reang
49. ,, Rahamay Reang.
50. ,, Jagramani Chakma.
51. ,, Khamarai Reang.
52. ,, Bhupati Rj. Barua.
53. ,, Dhan Ch. Reang.
54. ,, Lalmohan Reang.
55. ,, Rabidas Karbari.
56. ,, Barchuka Chakma.
57. ,, Manuram Reang.
58. ,, Shri Nilambar Reang.
59. ,, Astarai Reang.
60. .. Nistarai Reang.
61. ,, Abhimunya Chakma
62. Shri Krishna Ram Reang.
63. ,, Murihum Reang.
64- ,, Kulendra Reang.
65. ,, Kasharai Reang.
66. ,, Sharai Reang.
67. ,, Baisnab Kr. Reang.
68. ,, Hangsadhaj Dewan.
69. ., Bhairab Chakma.
70. ,, Umesh Chandra Malakar.
71. :, Lalit Mohan Chakma.
72. ,, Mono Ranjan Chakma.
73. ,, Chandra Kr, Chakma.
74. ,, Jatra Mohan Chakma.
75. ,, Janadhan Chakma.
76. ,, Kalamunya Chakma.
77. ,, Chanturam Sabdakar.
78. ,, Gonga Charan Reang.
79, ,, Malsuma Lusai.
80. ,, Lalhuma Lusai
81. ,, Lalthang anga Lusai.
82. ,, Nirode Nath.
83. ,. Purnajyoti Barua.
84. ., Karna Karbari
85. , Nisali Namal Chakma
86. ,, Sargadhan Chakma.
87. ,, Debendra Kumar Nath.
88. ,, Parashar Chakma.
89. ,, Dhaniram Talukdar.
90. ,, Surendra Lal Chakma
91. ,, Gunamani Debnath.
92. ,, Bijoy Ram Reang.
93. ,, Nashiram Reang.
94. ., Bhaba Ch. Chakma.
95. ,, Jatindra M. Debnath.
96. ,, Bharat Chandra Chakma.
97. ,, Ula Talukdar.
98. ,, Bisnu R. Chakma.
99. ,, Radha Gobinda Debnath.
100. ,. Ishan Chandra Reang.
101. ,, Jogendra Chandra Reang.
102. ,, Lakshikanta Chakma.
103. ,, Dhanthaha Reang.
104. ,, Jagaram Reang.
105. ,, Shina rai Reang.
106. ,, Ishanmani Chakma.
107. ,, Haribandhu Rupini.
108. ,, Roy Kumar Reang

ANNEXURE—II

109. Shri Tenarai Reang.
110. „ Chandidas Reang.
111, „ Pratap Ch. Reang.
112. „ Baiachandra Chakma.
113. „ Nishi Kr. Chakma
114. „ Satiram Reang,
115. „ Karnajoy Reang.
116. „ Shri Muktishing Reang Choudhry.
117. „ Pastar Lusai.
118. „ Raya Darlong
120. „ Mulalien Tripura
121. „ Monsa Reang
122. „ Mon Bahadur Reang
123. „ Sarada Reang Choudhury
124, „ Bishnu Reang Choudhury
125. „ Padma Luchan Reang Choudhury
126. „ Ranjani Reang Choudhury
127. „ Upendra Reang
128. „ Manbaroy Reang
129. „ Iphorha Reang
130. „ Khudiram Reang
131. „ Bagraha Reang
132. „ Kalinjoy Reang
133. „ Kumarai Reang
134. „ Gongaram Reang
135. „ Dhanki Roy Reang.
136. „ Khiroda Reang
137. „ Surajoy Reang
138. „ Punchi Roy Reang
139, „ Adi Ch. Chakma
140. „ Juba Raj Chakma
141. „ Tarlaiha Reang
142. „ Sukramani Chakma
143. „ Monohum Reang
144. „ Ratanjoy Reang
145. „ Dubla Reang
146. „ Purendu Bikash Barua
147. „ Sangluaia
148. „ Krish Katu Chakma
149. „ Payyaram Chakma
150. „ Debendra Ch. Chakma
151. Shri Bagi Ch. Reang Choudhury
152. „ Bathya Karbari
153. „ Bhairob Ch. Chakma
154. „ Kukil Ch. Nath
155. „ Naresh Chandra Nath
156. „ Dudumani Reang
157. „ Dronuguru Chakma
158. „ Rapaiha Reang
159. „ Birmani Reang
160. „ Gobinda Reang
161. „ Rabidhan Chakma
162. „ Sailo Ram Reang
163. „ Sata Ram Reang
164. „ Salka Roy Reang
165. „ Jya Chandra Reang
166. „ Hata Roy Reang
167. „ Kumya Dyal Reang
168. „ Panji Hum Reang
169. „ Debashai Reang
170. „ Khirendra Reang
171. „ Sahadeb Reang
172. „ Puspajoy Reang
173. „ Mankari Reang
174. „ Ananda Mh. Chakma
175. „ Hambaiha Reang
176. „ Hansila Reang
177 „ Danadar Reang
178. „ Unai Kumar Reang
179. „ Bikramjoy Reang
180. „ Jaladhar Reang
181. „ Lankadhar Reang
182. „ Burbajoy Reang
183. „ Taliha Reang
184. „ Nabajoy Reang
185. „ Satrajoy Reang
186. „ Satya Mani Reang
187. „ Jala Rai Reang
188. „ Parda Chandra Reang
189. „ Dharmam Reang
190. „ Nandira Reang
191. „ Surendra Debnath
192. „ Mukta Singh Reang
193. „ Surendra Debnath.

ANNEXURE—III

Name of persons who received reclamation grant at Chailengta T. D Block.

1. Shri Pradhan, Mainama Gaon Sabha
2. „ Pradhan, Durgacherra Gaon Sabha
3. „ Pradhan, Manikpur Gaon Sabha
4. „ Pradhan, East Karamcherra Gaon Sabha
5. „ Pradhan, West Karamcherra Gaon Sabha
6. „ Pradhan, Lalcherra Gaon Sabha
7. „ Sarpanch, Kathalcherra—Damcherra Gaon Sabha
8. „ Pradhan, Masli Gaon Sabha
9. „ Pradhan, Gainma Gaon Sabha
10. „ Pradhan, Gainma Gaon Sabha
11. „ Member, Gainma Gaon Sabha
12. „ Pradhan, East Chaumanu Gaon Sabha
13. „ Pradhan, West Chaumanu Gaon Sabha
14. „ Pradhan, North Longtharai Gaon Sabha
15. „ Pradhan, Joychandra Gaon Sabha
16. „ Pradhan, North Dhumcherra Gaon Sabha
17. „ Pradhan, South,Dhumcherra Gaon Sabha
18 „ Pradhan, West Masli Gaon Sabha
19. Secretary, Tarabancherra Development Committee
20. Shri Upendra Malakar, Maslicherra.
21. Nishi Kanta Chakraborty, Maslicherra.

APPENDIX—"IV

List of persons of Kanchanpur T. D. Block who received paddy seeds during the year 1966-67.

1. Shri Bijay Ram Reang. S/O. Tangriaha Reang Andhareherra
2. „ Habaram Reang, S/O. L Tungrahia Reamg Andharcherra
3. „ Baiba Ch. Reang, S/O. Eangruiha, Andharcherra
4. „ Jagha Ch. Reang, S/O. Bridula, Andharcherra.
5. „ Ilabanta Chakma, S/O. L Bhatta Chakma, Nalkata.
6. „ Pratap Ch. Chakma, S/O. Mayadhan Chakma, Bagaicherra.
7 „ Jatma kumar Chakma, S/O. Rauna Chakma, Bagaicherra
8. „ Iswar ban Chakma, S/O. Kantiram Chakma, Bagaicherra.
9. „ Barpada Chakma, S/O. Dijay Chakma, Gadacherra.
10. „ Lakhi Ch Chakma. Gadacherra
11. „ Dhamani Chakma, S/O. Kichu Chakma, Gadacherra.
12. „ Dakuram Chakma, S/O. Bajuram Chakma Gadacherra.
13. „ Bocha Ch. Chakma, S/O. Shri Rabidas Chakma, Andharcherra.
14. „ Gunadhar Chakma, S/O. Batta Chakma, Andharcherra.
